

উত্তমকুমার ১০০

# আজকাল

১২০০ পার, নেপালে মৃত্যু বেড়েই চলেছে

www.aajkaal.in কলকাতা ১৬ ভাদ্র ১৪৩৩ বৃহস্পতিবার ৩ সেপ্টেম্বর ২০২৬ শহর সংস্করণ* ৫.০০ টাকা ১৪ পাতা পশ্চিমবঙ্গের বাইরে অতিরিক্ত বিমান মাশুল ১ টাকা

AAJKAAL 03.09.2026, KOLKATA, SILIGURI

GOVERNMENT OF INDIA
BRICS INDIA 2026
BUILDING FOR RESILIENCE, INNOVATION, COOPERATION AND SUSTAINABILITY
BRICS SUMMIT
12 - 13 September 2026 New Delhi, India
Prosperity through Collaboration
CBC 14129/13/0013/2627

নেশামুক্ত হোক দেশ: মুখ্যমন্ত্রী

## রোড রোলারে গুঁড়িয়ে দিলেন নিষিদ্ধ সিরাপ

আজকালের প্রতিবেদন

বালুরঘাট, ২ সেপ্টেম্বর

দক্ষিণ দিনাজপুর জেলার প্রায় ২৫২ কিলোমিটার দীর্ঘ বাংলাদেশ সীমান্তের অন্তত ৫০ কিলোমিটার এলাকা এখনও উন্মুক্ত। সেই অরক্ষিত সীমান্তকে কাজে লাগিয়ে চলা আন্তঃসীমান্ত মাদক পাচারের বিরুদ্ধে কড়া বার্তা দিলেন মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী। বুধবার বালুরঘাটে জেলা পুলিশের মাদক–বিরোধী কর্মসূচিতে যোগ দেন তিনি। ছিলেন কেন্দ্রীয় মন্ত্রী ড. সুকান্ত মজুমদার। তাঁকে সঙ্গে নিয়ে মুখ্যমন্ত্রী রোড রোলার চালিয়ে গত কয়েক মাসে উদ্ধার–হওয়া প্রায় ২ লক্ষ নিষিদ্ধ কাশির সিরাপের বোতল পিষে দেন।

এই কর্মসূচিতে ছিলেন স্বাস্থ্যমন্ত্রী শারদ্বত মুখার্জি, বিধায়ক বিদ্যুৎকুমার রায়, বিধায়ক বুধরাই টুডু, জেলা পুলিশ সুপার অভিষেক গুপ্তা এবং জেলাশাসক টি বালসুব্রহ্মণ্যম–সহ প্রশাসন ও পুলিশের অন্যান্য উচ্চপদস্থ আধিকারিক।

● এরপর ৩ পাতায়



রোড রোলারে চালকের আসনে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী। পাশে কেন্দ্রীয় মন্ত্রী ড. সুকান্ত মজুমদার। পিষে দেওয়া হল নিষিদ্ধ কাফ সিরাপের শিশি। বালুরঘাটে, বুধবার। ছবি: আজকাল

# ১৯ আসনের বিমান বালুরঘাটে: মুখ্যমন্ত্রী

পবিত্র মোহান্ত

বালুরঘাট, ২ সেপ্টেম্বর

মুখ্যমন্ত্রী হওয়ার পর প্রথম বার দক্ষিণ দিনাজপুরে এসে জেলাবাসীর জন্য যোগাযোগ, স্বাস্থ্য, শিক্ষা এবং অন্যান্য পরিকাঠামোর উন্নয়নের কথা ঘোষণা করলেন শুভেন্দু অধিকারী। মূল আকর্ষণ অবশ্যই বালুরঘাট বিমানবন্দর পুনরুজ্জীবনের ঘোষণা। বুধবার বালুরঘাটে নেমেই প্রস্তাবিত বিমানবন্দরের জমি পরিদর্শনে যান মুখ্যমন্ত্রী। পরিস্থিতি সরজমিনে খতিয়ে দেখার পর তিনি আশ্বাস দেন, এক বছরের মধ্যেই বালুরঘাট বিমানবন্দর থেকে পুরোদমে উড়ান পরিষেবা শুরু হবে। বিমানবন্দরেই মুখ্যমন্ত্রী বলেন, 'এক বছরের মধ্যে বালুরঘাট বিমানবন্দর সম্পূর্ণ সচল করা হবে। প্রথম ধাপে এখানে ১৯ আসনের ছোট বিমান ওঠানামা করবে এবং পরে ৭২ আসনের দূরপাল্লার উড়ান পরিষেবা চালু করা হবে।'

**এক বছরেই পুরোদমে উড়ান**

বিমানবন্দর থেকে বিকেল ৪টে নাগাদ 'বালুছায়া' মিলনায়তনে দক্ষিণ দিনাজপুর জেলা প্রশাসনের উর্ধ্বতন আধিকারিকদের সঙ্গে এক উচ্চপর্যায়ের প্রশাসনিক পর্যালোচনা বৈঠকে বসেন মুখ্যমন্ত্রী।

● এরপর ৩ পাতায়

## একাই লড়ব, জিতব: শমীক

আজকালের প্রতিবেদন

**পুরভোট**

বিজেপি একা লড়েই কলকাতা ও হাওড়া পুরসভার ভোটে জিতবে। বুধবার বিজেপির রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য এ কথা বলেন। এদিন কলকাতা বিমানবন্দরে সাংবাদিকেরা তাঁকে জিজ্ঞাসা করেন আসন্ন পুরসভা নির্বাচনে বিজেপি এনসিপিআই–এর সঙ্গে এক হয়ে লড়বে কি না। শমীক ভট্টাচার্য বলেন, 'এনসিপিআই নামে একটা নতুন দল তৈরি হয়েছে। নির্বাচনে তাঁরা তৃণমূলের প্রতীকে প্রতিদ্বন্দ্বিতা করেছিলেন। যেভাবেই হোক, জয়ী হয়েছিলেন। তাঁরা এনডিএ–তে শামিল হয়েছেন, তাঁদের স্বাগত জানানো হয়েছে।

● এরপর ৩ পাতায়



ফুঁসছে ডুলুং। গোপীবল্লভপুরে। ছবি: সোমনাথ নন্দী

দুর্যোগে মৃত ৪

## জল ছাড়া শুরু করল ডিভিসি

আজকালের প্রতিবেদন

প্রবল বৃষ্টিতে জল জমল কলকাতা–সহ বিভিন্ন জেলায়। প্রশাসনের তৎপরতায় জল দ্রুত নেমেও যায়। জলে ডুবে হাওড়ায় একজন, বাঁকুড়ায় দেওয়াল ধসে ৩ জনের মৃত্যু হয়েছে। প্রবল বৃষ্টির কারণে দফায় দফায় জল ছেড়েছে ডিভিসি। আবহাওয়া দপ্তর জানিয়েছে, নিম্নচাপ সরেছে মধ্যপ্রদেশের দিকে। তবে দক্ষিণবঙ্গে সক্রিয় রয়েছে বর্ষারেখা। তৈরি হয়েছে একটি নিম্নচাপ অক্ষরেখাও। যা পরিণত হতে পারে নতুন নিম্নচাপে। আজ, বৃহস্পতিবারও দক্ষিণবঙ্গের বিভিন্ন জেলায় বৃষ্টি চলবে। তবে পরিমাণে কমতে পারে। ভারী বৃষ্টির সম্ভাবনা উত্তরবঙ্গের জেলাগুলিতে। নিম্নচাপের প্রভাবে দক্ষিণবঙ্গে ফের বৃষ্টি বাড়তে পারে সোমবার থেকে।

● এরপর ২ পাতায়

পশ্চিমবঙ্গ সরকার

'শতবর্ষে মহানায়ক' অনুষ্ঠানের
শুভ সূচনা করবেন
শ্রী শুভেন্দু অধিকারী
মাননীয় মুখ্যমন্ত্রী, পশ্চিমবঙ্গ সরকার

শতবর্ষে মহানায়ক
A CENTURY OF STARDOM

এক চিরন্তন কিংবদন্তীর প্রতি বিনম্র শ্রদ্ধার্ঘ্য

বাঙালির রূপোলি পর্দার অবিসংবাদিত সম্রাট মহানায়ক উত্তমকুমারের জন্মশতবর্ষে পশ্চিমবঙ্গ সরকারের সশ্রদ্ধ প্রণাম। তাঁর অসামান্য শিল্পসৃষ্টি এবং অবিস্মরণীয় কীর্তি আমাদের অমূল্য সাংস্কৃতিক সম্পদ। মহানায়ক উত্তমকুমারের এই স্মৃতিকে নতুন প্রজন্মের কাছে চিরভাস্বর করে রাখতে পশ্চিমবঙ্গ সরকার আয়োজন করেছে এক বর্ণাঢ্য মহোৎসব।

৩ সেপ্টেম্বর ২০২৬
- আহিরীটোলা ও টালিগঞ্জে মহানায়কের মূর্তিতে শ্রদ্ধার্ঘ্য এবং বিজলী সিনেমার সামনে কাট-আউট উন্মোচন
- সন্ধ্যা ৬টায় মাননীয় মুখ্যমন্ত্রী শ্রী শুভেন্দু অধিকারীর উপস্থিতিতে নন্দন থেকে বিড়লা তারামণ্ডল হয়ে একতারা মুক্তমঞ্চ পর্যন্ত বিশেষ পদযাত্রা
- গগনেন্দ্র শিল্প প্রদর্শশালায় বিশেষ প্রদর্শনীর উদ্বোধন এবং মাননীয় মুখ্যমন্ত্রীর উপস্থিতিতে একতারা মুক্তমঞ্চে জন্মদিন উদযাপন

৪ সেপ্টেম্বর ২০২৬
- নিউটাউনে 'উত্তমকুমার ফিল্ম সেন্টার'-এর ভিত্তিপ্রস্তর স্থাপন
- নন্দন-১, নন্দন-২ ও রাধা স্টুডিওতে চলচ্চিত্র উৎসবের সূচনা (উদ্বোধনী ছবি সত্যজিৎ রায়ের 'নায়ক')
- রবীন্দ্রসদনে উত্তমকুমারের সহ অভিনেতা-অভিনেত্রী ও কলাকুশলীদের সম্মাননা জ্ঞাপন অনুষ্ঠান - 'কাছে রবে', ডাকটিকিট ও খাম প্রকাশ, তথ্যচিত্র প্রদর্শন

৫ সেপ্টেম্বর ২০২৬
শিশির মঞ্চে অনুষ্ঠিত হবে মহানায়ককে নিয়ে দুটি বিশেষ আলোচনা চক্র-
- 'নায়িকাদের চোখে উত্তমকুমার' এবং
- 'অভিনেতা উত্তমকুমার'

৬ সেপ্টেম্বর ২০২৬
- রবীন্দ্র সদনে বাংলা চলচ্চিত্র ও সঙ্গীত জগতের বিশিষ্ট শিল্পীদের অংশগ্রহণে অনুষ্ঠিত হবে এক বিশেষ সাংস্কৃতিক সন্ধ্যা- " আমি যে জলসাঘরে" গান, স্মৃতিচারণ এবং মহানায়কের চলচ্চিত্রজীবনের অমর মুহূর্তে সেজে উঠবে এক অনন্য শ্রদ্ধার্ঘ্যের আসর

উদ্যোগে: তথ্য ও সংস্কৃতি বিভাগ

ICA-D1340(23)/2026



# উত্তমকুমার ১০০

**আজকালের প্রতিবেদন**

আজ, বৃহস্পতিবার বাংলা ছবির চিরকালের মহানায়ক উত্তমকুমারের জন্মশতবর্ষ। দিনভর তাঁকে নিয়ে নানা অনুষ্ঠানের আয়োজন। পশ্চিমবঙ্গ তথ্য ও সংস্কৃতি দপ্তরের উদ্যোগে চারদিন উত্তমময় হয়ে উঠবে কলকাতা। টালিগঞ্জ মেট্রো স্টেশনের কাছে মহানায়কের মূর্তিতে মালা দিয়ে শ্রদ্ধাজ্ঞাপন করবেন মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী। আহিরীটোলায় মহানায়কের মূর্তিতে মালা দিয়ে শ্রদ্ধা জানাবেন তথ্য ও সংস্কৃতি দপ্তরের রাষ্ট্রমন্ত্রী পূর্ণিমা চক্রবর্তী। বিজলি সিনেমার সামনে উন্মোচিত হবে মহানায়কের ২০ ফুটের বিশেষ কাট–আউট। সন্ধেয় মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারীর উপস্থিতিতে অ্যাকাডেমি অফ ফাইন আর্টস থেকে শুরু হবে শ্রদ্ধাঞ্জলি পদযাত্রা। একতারা মঞ্চে মুখ্যমন্ত্রী উৎসবের উদ্বোধন করবেন। সন্ধেয় গগনেন্দ্র শিল্প প্রদর্শশালায় ‘শতবর্ষে’ শীর্ষক বিশেষ প্রদর্শনীর উদ্বোধনও করবেন। শুক্রবার নিউ টাউনে মহানায়কের নামাঙ্কিত চলচ্চিত্র কেন্দ্রের ভিত্তিপ্রস্তর স্থাপন করবেন মুখ্যমন্ত্রী। শুক্রবার থেকেই নন্দন ১, ২ এবং রাধা স্টুডিওয় উত্তম চলচ্চিত্র উৎসব। উদ্বোধনী ছবি ‘নায়ক’। তিনদিনে ১৪টি ছবি দেখানো হবে। শুক্রবার রবীন্দ্রসদনে বিজেপির রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য, কেন্দ্রীয় রাষ্ট্রমন্ত্রী সুকান্ত মজুমদার উত্তমকুমারের ছবি–সম্বলিত ডাকটিকিট, বিশেষ খাম প্রকাশ করবেন। সন্ধেয় তাঁর প্রতিষ্ঠিত শিল্পী সংসদের উদ্যোগে বসুশ্রী সিনেমা হলে কথায়, গানে শ্রদ্ধাঞ্জলি। আজ টিভির নানা চ্যানেলেও চলবে উত্তমকুমারের সিনেমা।

# যাদবপুর: ফের মোছা হল দেওয়াল লিখন

**আজকালের প্রতিবেদন**

ফের মোছা হল যাদবপুর বিশ্ববিদ্যালয়ের দেওয়াল লিখন, গ্রাফিতি। মঙ্গলবার রাতে দেওয়াল লিখন আবার মোছা হয়েছে বলে অভিযোগ করেছেন বিশ্ববিদ্যালয়ের পড়ুয়াদের একাংশ। শনি ও রবিবার ক্যাম্পাসের দেওয়াল থেকে ছাত্রছাত্রীদের লেখা স্লোগান, গ্রাফিতি মুখে দিয়েছিলেন বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ। সোমবার ফের ‘দেওয়াল দখল’–এর ডাক দিয়ে দেওয়াল লিখন লেখেন পড়ুয়াদের একাংশ। মঙ্গলবার রাতে সেই দেওয়াল লিখনই ফের



যাদবপুরে মঙ্গলবার রাতে যে সমস্ত দেওয়াল মোছা হয়েছে তার মধ্যে একটি।

মোছা হয়েছে। পড়ুয়াদের অভিযোগ, কার্ল মার্কসের উক্তি, নজরুল ভবনের পাশে আঁকা চিত্তপ্রসাদ ভট্টাচার্যের ছবি সহ একাধিক দেওয়াল লিখন মোছা হয়। মঙ্গলবারই ক্যাম্পাসের যত্রতত্র যাতে দেওয়াল লেখা না হয় তা নিয়ে পড়ুয়াদের কাছে আবেদন জানিয়েছিলেন উপাচার্য চিরঞ্জীব ভট্টাচার্য। পড়ুয়াদের একাংশের বক্তব্য, মঙ্গলবার রাত সাড়ে বারোটা নাগাদ চার নম্বর গেট দিয়ে বেশ কয়েক জন ক্যাম্পাসে প্রবেশ করেন। বলা হয়, পুরসভার লোকেরা দেওয়াল রং করতে এসেছেন। পুলিশ এসেছে তাঁদের পাহারা দিতে। মাঝরাতে ক্যাম্পাসে পুলিশ কিভাবে ঢুকলো তা নিয়ে প্রশ্ন তুলেছেন পড়ুয়ারা। বুধবার এ নিয়ে উপাচার্য বলেন, পুলিশকে ঢুকতে বারণ করা হয়েছিল। তিনি জানান, ক্যাম্পাসে নতুন করে দেওয়াল লিখন হয়েছে জানতে পেরে সরকারের পক্ষ থেকে তাঁকে ফের তা মুছতে বলা হয়। কিন্তু বারবার দেওয়াল মোছার পরিকাঠামো বিশ্ববিদ্যালয়ে নেই জানানোর পরই পুরসভাকে সেই দায়িত্ব দেওয়া হয়। উপাচার্যের দাবি, মঙ্গলবার রাতেই পুরসভা জানায় তারা রাতেই দেওয়াল মুছবে। ক্যাম্পাসে ঢুকে পুরসভা পড়ুয়াদের দেওয়াল লিখন মুছতে পারে কি না সে ব্যাপারে অবশ্য তাঁর কোনও ধারণা নেই বলেও জানান উপাচার্য।

এদিকে, আজ বুধবার বিশ্ববিদ্যালয়ের ‘ত্রিগুনা সেন মঞ্চে’ হরিপদ ভারতী স্মৃতি রক্ষা সমিতির জাতীয়তাবাদী সম্মেলন কেন্দ্র করে বিতর্ক দেখা দিয়েছে। এই অনুষ্ঠানে থাকবেন বিজেপির রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য, রাজ্যসভার সাংসদ রাহুল সিনহা, অর্থমন্ত্রী স্বপন দাশগুপ্ত, শিল্পমন্ত্রী তাপস রায় সহ আরও অনেকে। আদালাতের একটি অর্ডারকে উল্লেখ করে এ বিষয়ে আপত্তি জানিয়ে কর্তৃপক্ষকে স্মারকলিপি দিয়েছে আরএসএফ সহ বাম ও অতিবাম ছাত্র সংগঠনগুলি। পড়ুয়াদের বক্তব্য, কোর্টের অর্ডারেই ক্যাম্পাসে রাজনৈতিক নেতনেত্রীদের নিয়ে কোনও অনুষ্ঠান না করার কথা বলা হয়েছে। এ নিয়ে উপাচার্য বলেন, এই অনুষ্ঠানের সঙ্গে বিশ্ববিদ্যালয়ের কোনও যোগ নেই। ত্রিগুণা সেন মঞ্চ বাণিজ্যিক ভাবে ভাড়া দেওয়া হয়। ফলে সেখানে আমাদের কিছু বলার থাকতে পারে না। তবে আমি জানিয়েছি, যেহেতু ওই মঞ্চ ক্যাম্পাসের ভিতরে, তাই খেয়াল রাখতে হবে আপত্তিকর কোনও ঘটনা যেন না ঘটে।

## আজ ত্রিগুণা সেন মঞ্চে জাতীয়তাবাদী সম্মেলন

# জল ছাড়া শুরু করল ডিভিসি

● ১ পাতার পর

বাঁকুড়ার সিমলাপাল থানার কুশতোড়া গ্রামে মঙ্গলবার গভীর রাতে ঘরের মাটির দেওয়াল ধসে চাপা পড়েন পালকু বাস্কে (৩৪) এবং তাঁর স্ত্রী সোনা বাস্কে (২৮)। দেওয়াল চাপা অবস্থাতেই তাঁদের মৃত্যু হয়। সোনামুখী থানার কুণ্ডপুষ্করিণী গ্রামে মাটির ঘরে ঘুমিয়েছিলেন বৃদ্ধা বেলি রুইদাস (৭৬)। দেওয়াল চাপা পড়ে মৃত্যু হয় তাঁরও। মুষলধারে বৃষ্টির জেরে বুধবার সকাল থেকে দামোদর নদে দফায় দফায় জল ছাড়ে দামোদর ভ্যালি কর্পোরেশন (ডিভিসি)। সেচ দপ্তর সূত্রে জানা গেছে, ঝাড়খণ্ডে প্রচুর বৃষ্টি হওয়ায় ডিভিসি জলাধারে জলস্তর বাড়ছে পাঞ্চেত ও মাইথন জলাধার থেকে যথাক্রমে প্রায় ৫৪ হাজার এবং ৬ হাজার কিউসেক জল ছাড়া হয়। এদিন সকালে দুর্গাপুর ব্যারেজ থেকে দামোদরে জল ছাড়া হয় ৮৫ হাজার ২০০ কিউসেক, দুপুরে ১ লক্ষ ১১ হাজার ৪০০ কিউসেক। জল ছাড়ার পরিমাণ বাড়লে দামোদরের নিম্ন অববাহিকা প্লাবিত হতে পারে। সতর্ক করা হয়েছে পূর্ব বর্ধমানের গলসি, খণ্ডঘোষ, রায়না, জামালপুর, বর্ধমান ১ এবং ২ নম্বর ব্লক প্রশাসনকে। দফায় দফায় বৃষ্টিতে জলমগ্ন হাওড়ার একাধিক এলাকা। শহরের ১৭টি ওয়ার্ডের বেশির ভাগ এলাকায় জল জমে রয়েছে। হাওড়া স্টেশন সংলগ্ন কারশেডেও রেললাইন জলের নীচে। ট্রেন চলাচলও ব্যাহত হয়। দুর্ভোগে পড়েন বহু যাত্রী। ডোমজুড়ের মাকড়দহের পূর্বাহ্নপাড়ায় রাস্তার জমা জলে পড়ে গিয়ে মৃত্যু হয় সহদেব বাছার (৩০) নামে এক যুবকের। শিলাবতী নদীর জল হু হু করে বাড়ছে। বন্যা পরিস্থিতি হুগলির খানাকুলে। দক্ষিণ মুড়িগঙ্গায় ভাঙনে আতঙ্ক ছড়িয়েছে গঙ্গাসাগরের কশতলা গ্রামে। মঙ্গলবার গভীর রাত থেকে দফায় দফায় বৃষ্টি হয় কলকাতা–সহ দক্ষিণবঙ্গের বিভিন্ন জেলায়। বুধবারও চলে। শ্রীনিকেতনে এদিন ২৯৩.৮ মিলিমিটার বৃষ্টি হয়, ব্যারাকপুরে ১৪২.০, আসানসোলে ১১৫.৮, কলকাতায় ১২৩.৭, ক্যানিংয়ে ৫৪.২, বিধাননগরে ৫৩.০, বাঁকুড়ায় ৫০.০ এবং দমদমে ৪১.৭ মিলিমিটার বৃষ্টি হয়েছে। আবহাওয়া দপ্তর জানিয়েছে, আজ বৃহস্পতিবারেও কলকাতা–সহ দক্ষিণবঙ্গের জেলাগুলিতে বৃষ্টি চলবে। সোমবার থেকে নতুন নিম্নচাপের প্রভাবে দক্ষিণবঙ্গের কয়েকটি জেলায় বিক্ষিপ্ত ভাবে হালকা থেকে মাঝারি বৃষ্টি হতে পারে।



হুগলির দাদপুরে একটি হোটেলে অভিযানে খাদ্য দপ্তরের আধিকারিকরা। বুধবার। ছবি: পার্থ রাহা

## বাসি মাংস, মিষ্টিতে দোলের রং

# রাজ্য জুড়ে রেস্তোরাঁ, খাবারের দোকানে অভিযান প্রশাসনের

**আজকালের প্রতিবেদন**

মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারীর নির্দেশের পর রাজ্য জুড়ে খাদ্য সুরক্ষায় রাজ্য জুড়ে অভিযান শুরু করেছে খাদ্য সুরক্ষা দপ্তর এবং পুর প্রশাসন। বুধবার কলকাতা, বিধাননগর, রাজারহাট, হুগলি জেলার বিভিন্ন হোটেল–রেস্তোঁরাতে অভিযান চলে। শুধু ট্যাংরার বিগবস হোটেল থেকেই ৫০০ কেজি পুরনো মাছ–মাংস উদ্ধার করে কলকাতা পুরসভার খাদ্য সুরক্ষা দপ্তর। পুরসভার খাদ্য সুরক্ষা দপ্তরের আধিকারিক তরুণকুমার সাঁপুই জানান, ‘সকাল থেকে পুরসভার স্বাস্থ্য দপ্তর হোটেল, রেস্তোঁরায় অভিযান চালাচ্ছে। রান্না করা খাবার এবং রান্নায় ব্যবহৃত কাঁচামাল পরীক্ষা করে দেখা হচ্ছে। খাবারে ভেজাল বা অস্বাস্থ্যকর কিছু ব্যবহার করা হয়েছে কিনা, তা পরীক্ষা করা হবে। ট্যাংরার হোটেলের ফ্রিজে মজুত মাংস, মাছ কবে কেনা হয়েছে, কতদিন রাখা যাবে, কিছু লেখা নেই। তাই ওগুলো নষ্ট করে দেওয়া হল। সাধারণত প্রতিটি আমিষ এবং নিরামিষ রান্না করা খাবার বা তার কাঁচামালের ব্যবহারের একটা সময় থাকে। হোটেল মালিকের দাবি, ফ্রিজে থাকা মাছ–মাংস পুরনো নয়। পুরসভা সূত্রে জানা গেছে, বাইপাস লাগোয়া একটি পাঁচতারা হোটেলেও অভিযান চালানো হয়েছে। তবে ক্ষতিকর কিছু মেলেনি। এদিন বিধাননগর এবং রাজারহাটের হোটেল, রেস্তোরাঁয় পৃথক অভিযানে দুই এলাকার একাধিক দোকান ঘুরে তল্লাশি চালান প্রশাসনিক কর্তা–ব্যক্তিরা, খাদ্য দপ্তরের আধিকারিকরা, রাজারহাটের বিডিও সুদীপ্ত বিশ্বাস, এনফোর্সমেন্ট ব্রাঞ্চ, বিধাননগর পুরনিগম এবং পুলিশ। অভিযানে একাধিক দোকানে ঢুকে খাদ্যের গুণমানের পাশাপাশি লাইসেন্স–সহ প্রয়োজনীয় নথিপত্রও খতিয়ে দেখেন। বিধাননগর দক্ষিণ থানা এলাকার একটি কেকের দোকান থেকে মেয়াদ উত্তীর্ণ কিছু খাবারের নমুনাও সংগ্রহ করা হয়েছে। সরকারি প্রতিনিধি দলের এক আধিকারিক সৌরভ ভট্টাচার্য জানান, উদ্ধার হওয়া নমুনাগুলি পরীক্ষাগারে পাঠানো হয়েছে। অস্বাস্থ্যকর পরিবেশে খাবার বিক্রির জন্য কয়েকটি দোকানদারের বিরুদ্ধে নোটিস দেওয়া হয়েছে। এ দিন দুপুরে রাজারহাট ব্লক অধীনস্থ রাজারহাট মেইন বাজারের হোটেল, বিরিয়ানির দোকান, মিষ্টির দোকান–সহ একাধিক দোকানে অভিযানে চালায় জেলা এবং ব্লক আধিকারিকরা। ধরানো হয়েছে নোটিসও। অন্যদিকে এদিনই হুগলির ভদ্রেশ্বরে একটি বেকারি বন্ধ করার নির্দেশ দেওয়া হয়েছিল। বেকারি কর্তৃপক্ষ জানিয়েছে, ফুড সেফটি আধিকারিকদের নির্দেশমতো পরিচ্ছন্নতা বজায় রাখা হচ্ছে। দাদপুর থানার মহেশ্বরপুরে জাতীয় সড়কের পাশে একাধিক হোটেল–রেস্তোরাঁয় অভিযান চালান জেলা স্বাস্থ্য দপ্তরের ফুড সেফটি আধিকারিকরা। একটি হোটেলে অভিযান চালিয়ে দেখা যায়, সেখানে দুধে মাছি পড়ে আছে। ফ্রিজ খুলতেই দেখা যায় থরে থরে প্লাস্টিকের প্যাকেটে ভরা মাংস। হোটেল কর্তৃপক্ষ এই মাংস দু’দিন আগে কেনা হয়েছে বলে দাবি করলেও কোনও বিল দেখাতে পারেনি। একইভাবে এদিন হুগলির পুইনান বাজারে একটি কেক পেস্ট্রি ও ফাস্ট ফুডের দোকান সিল করে দেন স্বাস্থ্য দপ্তরের খাদ্য সুরক্ষা আধিকারিকরা। আরামবাগ শহরেও বিভিন্ন হোটেল, রেস্তোরাঁ ও মিষ্টির দোকানে অভিযান চালায় খাদ্য দপ্তর। দু–একটি দোকানের বিরিয়ানিতে রং মেশানোর অভিযোগ সামনে আসে। ওই বিরিয়ানি বিক্রি না করে ফেলে দেওয়ার নির্দেশ দেওয়া হয়, ভবিষ্যতে অননুমোদিত রং ব্যবহার না করার জন্য সতর্ক করেন আধিকারিকরা। এদিন পূর্ব মেদিনীপুরের নন্দীগ্রাম স্বাস্থ্য জেলার উদ্যোগে কাঁথির সেন্ট্রাল বাসস্ট্যান্ড সংলগ্ন ১২টি হোটেলে মহকুমা প্রশাসন, ক্রেতা সুরক্ষা দপ্তর এবং পুলিশের যৌথ অভিযান চলে। নিয়ম ভাঙায় ৭টি হোটেল ও রেস্টুরেন্টকে শোকজ নোটিস ধরানো হয়।

*তথ্য সহায়তা: মিল্টন সেন, তুফান মণ্ডল, যজ্ঞেশ্বর জানা*

# ডেঙ্গি রোধে আজ থেকে অভিযান

**আজকালের প্রতিবেদন**

ডেঙ্গি প্রতিরোধে বৃহস্পতিবার থেকে স্বচ্ছতা অভিযান শুরু হচ্ছে। কলকাতা, বিধাননগর, হাওড়া পুরসভা–সহ রাজ্যের অন্যান্য পুরসভাতে এই অভিযান শুরু হচ্ছে। বুধবার পুর ও নগরোন্নয়ন মন্ত্রী অগ্নিমিত্রা পাল তিনদিনের অভিযানের কথা ঘোষণা করেন। এদিন মন্ত্রী জানান, স্কুল–কলেজ, শিক্ষাপ্রতিষ্ঠান, আবাসন, সরকারি ও বেসরকারি অফিসে অভিযান চালানো হবে। আগামী ৩, ৪ এবং ৫ সেপ্টেম্বর অভিযান চলবে। নির্মীয়মাণ বিল্ডিং, টিনের ছাদ, বাড়ির ট্যাঙ্কগুলোতে নজরদারি চালানো হবে। ইতিমধ্যে রাজ্যের প্রতিটি পুরসভার সঙ্গে এ নিয়ে বৈঠক হয়ে গেছে। একাজেও নাগরিক সহযোগিতা প্রয়োজন। যেখানে ডেঙ্গি হচ্ছে বা যে ওয়ার্ডে ডেঙ্গির খোঁজ পাওয়া যাবে, সেখানে বাসিন্দাদের সতর্ক থাকতে হবে। আরও বেশি করে নজর দেওয়া হবে। পুর স্বাস্থ্য কেন্দ্রগুলোতে ইতিমধ্যে প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে পরিষেবা মজুত রাখা হয়েছে। জ্বর হলে আগে সরকারি স্বাস্থ্যকেন্দ্রে গিয়ে বিনামূল্যে রক্ত পরীক্ষা করে নেওয়ার পাশাপাশি দ্রুত চিকিৎসা শুরু করার নির্দেশ দেওয়া হয়েছে।

## রিল্‌স বানাতে গিয়ে গঙ্গায় তলিয়ে গেল যুবক

প্রচণ্ড বৃষ্টির মধ্যে রিলস বানাতে গিয়ে গঙ্গায় তলিয়ে গেলেন এক যুবক। বুধবার দুপুরে হাওড়ার রামকৃষ্ণপুর ঘাটে ঘটনাটি ঘটেছে। পুলিশ জানায়, হাওড়ার শিবপুরের বাসিন্দা ওই যুবকের নাম শেখ মহম্মদ তৌহিদ আক্রম (৩০)। এদিন দুপুরে রামকৃষ্ণপুর ঘাটে মোবাইল নিয়ে রিলস বানাচ্ছিলেন তিনি। তখন আচমকাই গঙ্গায় পড়ে যান তিনি। এরপর জলের স্রোতে নিমেষেই তলিয়ে যান ওই যুবক। আশপাশের লোকজন ছুটে এসে তাঁকে উদ্ধারের চেষ্টা করার আগেই তলিয়ে যান তিনি। খবর পেয়ে ঘটনাস্থলে যায় রিভার ট্র্যাফিক পুলিশ। ডুবুরি নামিয়ে তল্লাশি চালানো শুরু হয়। তবে বিকেল পর্যন্ত তলিয়ে যাওয়া ওই যুবকের কোনও খোঁজ মেলেনি।

## ১৭ দমকল আধিকারিক বদলি

নিউ মার্কেট এবং বীরভূমের তারাপীঠে দুই হোটেলে সম্প্রতি অগ্নিকাণ্ডে ১৮ জনের মৃত্যুর ঘটনায় কড়া অবস্থান নিল রাজ্য। মোট ১৭ জন ডিভিশনাল ফায়ার অফিসারকে বদলি করা হল। বীরভূমের ডিএফও এবং কলকাতা দক্ষিণের ডিভিশনাল ফায়ার অফিসার–সহ ১৭ জনকে বদলি করা হয়েছে। কলকাতার ওই পদে ছিলেন শুভঙ্কর ঘোষ। তাঁর জায়গায় দায়িত্ব দেওয়া হল নীহাররঞ্জন রায়কে। বীরভূমের দায়িত্বে ছিলেন অরিন্দম দেবনাথ। তাঁকে পাঠানো হয়েছে বাঁকুড়া ডিভিশনের ডিএফও করে। সেই জায়গায় নতুন দায়িত্বে আনা হল শ্যামসুন্দর দে–কে। কলকাতার দায়িত্বে আনা হয়েছে সরোজ কুমার বাগকে।

## বীরেশ্বরের পুলিশি হেফাজত

নিউ মার্কেট এলাকার মির্জা গালিব স্ট্রিটের হোটেলে অগ্নিকাণ্ডের ঘটনার মামলায় গ্রেপ্তার বীরেশ্বর মিত্র–কে আদালত ৩ সেপ্টেম্বর পর্যন্ত পুলিশি হেফাজতের নির্দেশ দিয়েছে। এদিকে ওই ঘটনায় গ্রেফতার হোটেলের কর্তা আবু জাফর কে আদালত ১৬সেপটেমবর পর্যন্ত জেল হেফাজতের নির্দেশ দিয়েছে। এদিন আদালতে আবু জাফরের স্ত্রীর নামে গ্রেপ্তারি পরোয়ানা জারির আবেদন করা হয়েছে। বুধবার আবু জাফর ও বীরেশ্বর মিত্র–কে ব্যাঙ্কশাল আদালতে হাজির করা হয়। এদিন আদালতে সরকারি কৌঁসুলি সওয়ালে বলেন, ছোট অপরিসর জায়গায় হোটেল বানানো হয়েছে। কীভাবে হোটেল বানানো হল তদন্ত সাপেক্ষ। কোনও অগ্নি নির্বাপণ ব্যবস্থা ছিল না। চূড়ান্ত গাফিলতি ছিল। ওই হোটেলে অগ্নিকাণ্ডের ঘটনায় ৯ জনের মৃত্যু হয়েছে।

## ভোটার তালিকা থেকে নাম বাদ, সেনায় যোগদান আটকে যাওয়ায় হাইকোর্টে যুবক

ভোটার তালিকা থেকে নাম বাদ যাওয়ার জেরে ডোমিসাইল সার্টিফিকেট না পেয়ে ভারতীয় সেনায় যোগদান আটকে গেল এক যুবকের। বাধ্য হয়ে কলকাতা হাইকোর্টের দ্বারস্থ হলেন ওই সেনা চাকরিপ্রার্থী। জানা গিয়েছে, ওই যুবক ভারতীয় সশস্ত্র বাহিনীতে যোগদানের জন্য নিয়োগ প্রক্রিয়ার প্রথম পর্যায় ইতিমধ্যেই উত্তীর্ণ হয়েছেন। পরবর্তী পর্যায়ে যাওয়ার জন্য তাঁর ডোমিসাইল সার্টিফিকেট প্রয়োজন। কিন্তু রাজ্য তাঁকে সেই শংসাপত্র দেয়নি। প্রশাসনের তরফে জানানো হয়েছে, নির্বাচনী ভোটার তালিকা থেকে তাঁর নাম বাদ পড়ে যাওয়ার কারণেই ডোমিসাইল সার্টিফিকেট ইস্যু করা সম্ভব হচ্ছে না। এই ঘটনায় চরম অনিশ্চয়তার মুখে পড়েছেন ওই চাকরিপ্রার্থী। সেনায় যোগ দেওয়ার স্বপ্ন পূরণে প্রশাসনিক জটিলতাই বাধা হয়ে দাঁড়িয়েছে বলে অভিযোগ। বিষয়টি নিয়ে তিনি কলকাতা হাইকোর্টে মামলা দায়ের করেছেন।

## তৃণমূলের নতুন ৫ মুখপাত্র

তৃণমূল কংগ্রেসের পাঁচ জন মুখপাত্রের দায়িত্ব পেলেন। এঁরা হলেন উপাসনা চৌধুরি, প্রিয়াঙ্কা অধিকারী, ময়না ব্যানার্জি, অর্ণব ব্যানার্জি এবং অনির্বাণ ব্যানার্জি। এবার থেকে দলের বক্তব্য এঁরা সংবাদমাধ্যমে জানাবেন। প্রসঙ্গত, উপাসনা চৌধুরি দলের আইটি সেলের দায়িত্বপ্রাপ্ত। প্রিয়াঙ্কা অধিকারী তৃণমূল ছাত্র পরিষদের রাজ্য সভাপতির দায়িত্বে রয়েছেন।

## লাহেক আলির অন্তর্বর্তী জামিন

অন্তর্বর্তিকালীন জামিন পেলেন বারুইপুরের সিপিএম নেতা লাহেক আলি। তাঁকে ১০ সেপ্টেম্বর পর্যন্ত অন্তবর্তীকালীন জামিন দিল কলকাতা হাইকোর্ট। লাহেক আলির মা গুরুতর অসুস্থ হয়ে হাসপাতালে ভর্তি। এই পরিস্থিতিতে তাঁর জামিন মঞ্জুর করার আবেদন জানিয়েছিলেন আইনজীবী। বুধবার বিচারপতি তীর্থঙ্কর ঘোষ শর্তসাপেক্ষে তাঁর আবেদন মঞ্জুর করেন। আদালতের শর্ত অনুযায়ী, লাহেক এলাকার বাইরে যেতে পারবেন না। বারুইপুর থানা ডাকলে জিজ্ঞাসাবাদে হাজির হতে হবে।

## থানায় দেখা করলেন ডেরেক, সুমিত

ক্যামাক স্ট্রিটে তৃণমূলের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক ব্যানার্জির অফিসে গোলমালের ঘটনায় সাংসদ ডেরেক ও’ব্রায়েন এবং অভিষেকের আপ্ত সহায়ক সুমিত রায়কে নোটিস দিয়েছিল শেক্সপীয়ার সরণি থানা। বুধবার, তাঁরা দুজনেই থানায় গিয়ে তদন্তকারী অফিসারের সঙ্গে কথা বলেন। তাঁদের বক্তব্য জানান। ডেরেক ও’ব্রায়েনকে ২ ঘণ্টা এবং সুমিত রায়কে ৩ ঘণ্টা জিজ্ঞাসাবাদের পর ছেড়ে দেওয়া হয়। মঙ্গলবারই থানায় গিয়েছিলেন অভিষেক ব্যানার্জি। তিনি তাঁর বক্তব্য পেশ করেছেন। সকলেরই বক্তব্য রেকর্ড করা হয়েছে। আজ, বৃহস্পতিবার বৈশ্বানর চ্যাটার্জিকে ডেকে পাঠিয়েছে থানা।

## শব্দরঙ্গ–৩৯১

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | ১ | | ২ | | ৩ |
| | ৪ | | | | | | |
| | | | ৫ | | | | |
| ৬ | | | | | | | |
| | | | | ৭ | | ৮ | |
| ৯ | | ১০ | | | | | |
| | | | | ১১ | | | |
| | | ১২ | | | | | |

**পাশাপাশি**

১. কামার ৪. নারীর সম্ভ্রম, মান ৫. সম্পূর্ণ ধ্যানমগ্নতা ৬. কী আকারের, কীরূপ ৭. পরাজিত ৯. আচার্য বা গুরুস্থানীয় বিজ্ঞানী ১১. সজ্জন ১২. ঝুলন, দোলন।

**উপর–নীচ**

১. ভারী
২. গভীর শোক বা দুঃখ
৩. অনায়ত্ত
৪. মায়ের মা, মাতামহী
৬. বড় ঘরের মধ্যে আলাদা করা ছোট ছোট ঘর
৭. দূরীকরণ
৮. হোম, আহুতি
১০. অবতরণ।

**সমাধান–৩৯০**

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| আ | ফা | র | | | ধ | নি | কা |
| খি | | দ | ধি | ক | র্ম | | রি |
| লে | | চ্ছ | | | | ন | ন্দা |
| শ | ত | দ | ল | | | ন্দ | |
| | ত্বী | | | হো | মা | ন | ল |
| সা | য় | | | | ঙ্গ | | য় |
| রা | | চু | ন | কা | লি | | জ্ঞা |
| লো | চ | ন | | | ক | ঠি | ন |

■ শুভজ্যোতি রায়

## আজ টিভিতে কী দেখবেন

### সিনেমা

● **জি বাংলা সোনার**



সকাল ৬–০০ **বাচ্চা শ্বশুর**, সকাল ৯–০০ **তোর নাম**, দুপুর ১২–০০ **সত্যম শিবম সুন্দরম**, দুপুর ২–০০ **বাবা কেন চাকর**, বিকেল ৫–০০ **আক্রোশ**, রাত ৮–০০ **প্রাণের স্বামী**, রাত ১০–৩০ **সেদিন চৈত্র মাস**

● **কালার্স বাংলা সিনেমা**

সকাল ১০–০০ **রাজু আঙ্কল**, দুপুর ১–৩০ **ছোট বউ**, বিকেল ৪–৩০ **আপন হলো পর**, সন্ধে ৭–৩০ **প্রতিকার**, রাত ১০–৩০ **রণক্ষেত্র**

● **কালার্স বাংলা**

দুপুর ২–০০ **মা**

● **আকাশ আট**



দুপুর ৩–০৫ **আলোর ঠিকানা**

● **জলসা মুভিজ**

সকাল ৯–৪৫ **অগ্নি**, দুপুর ১–০০ **জোর**, বিকেল ৪–০০ **বহ্নিশিখা**, সন্ধে ৭–০০ **চিরদিনের মহানায়ক**, রাত ১০–১৫ **লাভ এক্সপ্রেস**

ডিডি বাংলা
**চিড়িয়াখানা**
দুপুর ২–৩০



সোনি ম্যাক্স ২
**আন্দাজ**
সকাল ৭–৪১

### বিশেষ অনুষ্ঠান

● **শতবর্ষে মহানায়ক**



উত্তমকুমারের জন্মদিন উপলক্ষে বিশেষ অনুষ্ঠান। লাইভ।
**ডিডি বাংলা: সন্ধে ৭–৩০**

● **কালার্স সিনেপ্লেক্স**

সকাল ৮–২০ **লখনউ সেন্ট্রাল**, সকাল ১১–১৫ **বস**, দুপুর ১–৫০ **ত্রিশূল**, বিকেল ৫–০০ **দেবদাস**, রাত ৮–৪৫ **খাকি**

● **সোনি ম্যাক্স ২**

১০–৪১ **দিল হ্যায় বেতাব**, দুপুর ১–৪১ **তকদিরওয়ালা**, বিকেল ৪–৪৫ **অওলাদ**, রাত ৭–৫০ **ঘর এক মন্দির**, রাত ১০–৫১ **ময়দান–এ–জঙ্গ**

● **জি সিনেমা**



সকাল ৬–০০ **দিল চাহাতা হ্যায়**, সকাল ৯–৪৫ **১০২ নট আউট**, সকাল ১১–৫৫ **হামারা দিল আপকে পাস হ্যায়**, দুপুর ৩–০৫ **ক্রিশ ৩**, সন্ধে ৬–০০ **এন্টারটেনমেন্ট**, রাত ৮–৪৫ **কোয়েলা**, রাত ১১–৩০ **মার্ডার ২**

### ধারাবাহিক

● **নদের নিমাই**



লক্ষ্মীপ্রিয়াকে জীবনসঙ্গিনী বেছে নেওয়ার কথা মাকে জানায় নিমাই। ছেলের ইচ্ছায় সম্মতি দেন শচীমাতা। শুরু বিয়ের তোড়জোড়। এদিকে সমাজে ধর্মের নামে অত্যাচারের ঘটনা নিমাইকে ভাবিয়ে তোলে। অন্যায়ের বিরুদ্ধে দাঁড়ানোর সঙ্কল্প নেয় সে। বিয়ের আনন্দের মধ্যেও শচীমাতার মনে আশঙ্কা— বিশ্বরূপের মতো নিমাইও কি সংসার ত্যাগ করবে?
**আকাশ আট: সন্ধে ৭–০০**

### দিনপঞ্জি

**বিশুদ্ধ সিদ্ধান্ত:** বৃহস্পতিবার, ১৭ ভাদ্র ১৪৩৩, ইং ৩ সেপ্টেম্বর ২০২৬, মুং ২০ রবিয়ল আউয়ল ১৪৪৮
সূর্যোদয় ঘ ৫।২৩।১৬
সূর্যাস্ত ঘ ৫।৪৯।৬
তিথি: (শ্রাবণ কৃষ্ণপক্ষ) সপ্তমী দং ৫২।৩৮ রাত্রি ঘ ২।২৬
নক্ষত্র: কৃত্তিকা দং ৪৭।৪৮ রাত্রি ঘ ১২।৩০

**অন্য পঞ্জিকা:** বৃহস্পতিবার, ১৬ ভাদ্র ১৪৩৩, ইং ৩ সেপ্টেম্বর ২০২৬, হিজরি ২০ রবিয়ল আউয়ল ১৪৪৮

### প্রয়োজন

লালবাজার কন্ট্রোল: 100, ট্রাফিক: 1073
পশ্চিমবঙ্গ পুলিস : 2214-5411-16
সিআইডি কন্ট্রোল : 2450-6100
ডিজি কন্ট্রোল : 2214-5087
বিধাননগর কন্ট্রোল : 4063-1111
হাওড়া কন্ট্রোল : 2641-5614
আসানসোল কন্ট্রোল : 0341-2250347
ব্যারাকপুর কন্ট্রোল :2593-2647
হাওড়া জিআরপি : 2641-3256
শিয়ালদা জিআরপি : 2350-3940
নিখোঁজ সংক্রান্ত : 2450-6100
প্রবীণ সুরক্ষা : 98300-88884
নারী সহায়তা: 1091

**অ্যাম্বুল্যান্স 102**
লাইফকেয়ার: 2475-4628
ইন্ডিয়ান রেডক্রস: 2248-3636
মেডিক্যাল ব্যাঙ্ক: 2554-0084
রাসমণি মিশন: 2867-6031
মীরা সেবাকেন্দ্র: 2411-8316
সেন্ট জনস অ্যাম্বুল্যান্স: 98300-23653
বেল ভিউ ক্লিনিক: 99037-59103/ 82406-09986

**দমকল 101**
কন্ট্রোল: 2241-4545
হাওড়া: 2666-8111
শিলিগুড়ি: 0353-2502222

**রাতের ওষুধ / অক্সিজেন**
ধন্বন্তরী: 2454-7941
নন্দন মেডিক্যাল: 2358-1723
জীবনদীপ: 2455-0926
সাউথ ব্যুরো: 2484-4322
বেল ভিউ ক্লিনিক ফার্মেসি: 6688-8888

**ব্লাড ব্যাঙ্ক**
সেন্ট্রাল ব্লাড ব্যাঙ্ক: 2351-0619
লাইফকেয়ার: 2284-6940/2298
অশোক ব্যাঙ্ক : 2472-0333
বেলভিউ ক্লিনিক: 6688-8888 / 99031-03088
সেবা প্রতিষ্ঠান: 2475-3639/3636

**চক্ষুদান**
গণদর্পণ: 94330-31504
বন্ধু কর্নিয়া কেন্দ্র: 2663-4178

**শববহন**
সুরুচি সঙ্ঘ, নিউ আলিপুর: 2400-9950
হিন্দু সৎকার: 2241-3849/ 2050
শ্রীভূমি স্পোর্টিং: 2534-0002
উদয়ের পথে: 98301-73814
যাদবপুর মার্চেন্টস: 2412-8165

## টোল প্লাজা দুর্নীতি, ইডি-র তল্লাশি

জাতীয় সড়কে টোল প্লাজায় নির্দিষ্ট সফ্‌টঅয়্যার ব্যবহার করে জালিয়াতির কাণ্ডে কলকাতা–সহ দেশের ১৪টি জায়গায় তল্লাসি চালাল ইডি। কলকাতায় শেক্সপীয়ার সরণি থানা এলাকায় একটি বহুতল আবাসনে তল্লাশি হয়। এক ব্যবসায়ীর ফ্ল্যাটে থেকে বেশ কিছু আপত্তিকর কাগজপত্র পাওয়া গিয়েছে। বুধবার সকালে ৬ সদস্যের একটি দল ওই বাড়িতে যায়। লখনউতে টোল প্লাজায় রসিদ জালিয়াতির কাণ্ডে অভিযোগ দায়ের হয়েছিল। কলকাতা ছাড়াও উত্তরপ্রদেশ, মধ্যপ্রদেশ, রাজস্থানে গেছে ইডির দল।

## ঋণ–প্রতারণা

জাল নথিপত্র দাখিল করে ব্যাঙ্কঋণ হাতানো এবং একই ফ্ল্যাট একাধিকবার বিক্রির অভিযোগের মামলায় ধরা পড়েছে সন্দীপন চ্যাটার্জি নামের একজন। আগেই ধরা পড়েছিল দু’জন।

### আবহাওয়া

| | | |
|---|---|---|
| বৃহস্পতিবার<br>কয়েক পশলা বৃষ্টির সম্ভাবনা। | সর্বোচ্চ ৩১<br>সর্বনিম্ন ২৬ | ডিগ্রি সেলসিয়াস |
| বুধবার<br>বৃষ্টি ১২৩.৭ মিমি | সর্বোচ্চ ২৯.৬ (-৩)<br>সর্বনিম্ন ২৬.২ (০) | |
| আপেক্ষিক আর্দ্রতা | ১০০% | ৮৮% |

বাংলায় সর্বোচ্চ তাপমাত্রা — পুরুলিয়া ৩৫.৩°



শঙ্খধ্বনি ও পুষ্পবৃষ্টিতে বরণ মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারীকে। বালুরঘাট যাওয়ার পথে রায়গঞ্জের শিলিগুড়ি মোড়ে, বুধবার। ছবি: আজকাল




বালুরঘাটের বালুছায়া হলে প্রশাসনিক বৈঠকে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী, স্বাস্থ্যমন্ত্রী ডাঃ শারদ্বত মুখার্জি, কেন্দ্রীয় মন্ত্রী ড. সুকান্ত মজুমদার–সহ অন্যরা। বুধবার। ছবি: আজকাল

# ২ জেলায় সোনার খোঁজ চলছে: শমীক

**আজকালের প্রতিবেদন**

‘বাঁকুড়া ও কালিম্পঙে সোনার খোঁজ চলছে। দুটোর মধ্যে একটা জায়গায় পাওয়ার সম্ভাবনা রয়েছে। রানাঘাটে প্রাকৃতিক গ্যাসের সন্ধান পাওয়া গিয়েছে। সুজলা–সুফলা বাংলা আবার সবার সামনে উঠে আসবে।’ বুধবার একথা বললেন বিজেপির রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য। এদিন কলকাতা বিমানবন্দরে সাংবাদিকরা তাঁকে পুরুলিয়ায় ম্যাঙ্গানিজ পাওয়ার বিষয়ে জিজ্ঞাসা করেন। তিনি জানান, পুরুলিয়ায় অনেক দিন আগেই খনিজ পদার্থের সন্ধান পাওয়া গিয়েছে। ভারত সরকারের প্রতিষ্ঠান ময়েল আগের রাজ্য সরকারকে তিনটে চিঠিও লিখেছিল। বাঁকুড়া, ঝাড়গ্রাম, পুরুলিয়া ও মেদিনীপুরের একাংশে, মাটির পাঁচ থেকে সাত ফুট নীচে বিপুল

**বাঁকুড়া, কালিম্পং**

পরিমাণ ম্যাঙ্গানিজ আছে। ৬৫ বছরের চেষ্টায় অশোকনগরে ২০১৮ সালে খনিজ তেলের সন্ধান পাওয়া গিয়েছিল। কিন্তু আগের সরকার কোনও সহযোগিতা করেনি, কোনও ব্যবস্থাও করেনি।

# ১৯ আসনের বিমান বালুরঘাটে: মুখ্যমন্ত্রী

● ১ পাতার পর

এই বৈঠকে বালুরঘাট লোকসভা কেন্দ্র ও সমগ্র জেলার অনুমোদিত, প্রস্তাবিত এবং চলমান উন্নয়নমূলক প্রকল্পগুলি নিয়ে বিস্তারিত আলোচনা হয়। প্রশাসনিক কর্মকর্তাদের স্পষ্ট নির্দেশ দিয়ে মুখ্যমন্ত্রী জানান, বর্ষা বা অন্যান্য কারণে ক্ষতিগ্রস্ত বালুরঘাট শহরের সমস্ত রাস্তা ১০ অক্টোবরের মধ্যে মেরামতি করতেই হবে। এর পাশাপাশি জেলায় জরুরি পরিষেবা জোরদার করতে একটি নতুন আধুনিক ফায়ার স্টেশন গড়ে তোলার সিদ্ধান্ত গৃহীত হয়। স্থানীয় পরিকাঠামো উন্নয়নের অংশ হিসেবে একটি নার্সিং স্কুলকে পূর্ণাঙ্গ নার্সিং কলেজে উন্নীত করার নির্দেশও দেন তিনি।

স্বাস্থ্য ক্ষেত্রে জেলার দীর্ঘদিনের দাবি পূরণ করে বালুরঘাট জেলা হাসপাতাল প্রাঙ্গণেই প্রস্তাবিত দক্ষিণ দিনাজপুর মেডিক্যাল কলেজ গড়ে তোলার চূড়ান্ত রূপরেখা স্পষ্ট করেন মুখ্যমন্ত্রী। তিনি বলেন, ‘মোট ৩৪৪ কোটি টাকা ব্যয়ে এই সুবিশাল মেডিক্যাল কলেজ নির্মিত হতে চলেছে। এর জন্য রাজ্য সরকারের তরফে প্রথম ধাপে শিগগিরই ১০০ কোটি টাকা বরাদ্দ করা হবে।’ মুখ্যমন্ত্রী বলেন, ‘কালীপুজোর আগেই মেডিক্যাল কলেজের ভিত্তিপ্রস্তর স্থাপন তথা ভূমিপুজো করা হবে এবং আমি নিজে সেই অনুষ্ঠানে উপস্থিত থাকব।’

শিক্ষাব্যবস্থার প্রসারে দক্ষিণ দিনাজপুর বিশ্ববিদ্যালয় নিয়েও সুখবর দেন মুখ্যমন্ত্রী। তিনি জানান, বর্তমানে এই বিশ্ববিদ্যালয়ে মাত্র ৩টি বিষয়ে পঠনপাঠন চলছে। তবে জন্মাষ্টমীর আগেই সেখানে আরও নতুন ৪টি বিষয় যুক্ত করা হবে। একই সঙ্গে সরকারি জমিতে দক্ষিণ দিনাজপুর বিশ্ববিদ্যালয়ের নিজস্ব স্থায়ী ক্যাম্পাস স্থানান্তরের কাজও দ্রুত শুরু করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

মুখ্যমন্ত্রীর পৌঁছোনোর আগেই এদিন সকাল ১১টা নাগাদ বালুরঘাট জেলা হাসপাতালে আচমকা পরিদর্শনে যান স্বাস্থ্যমন্ত্রী ডাঃ শারদ্বত মুখার্জি। তিনি হাসপাতালের বিভিন্ন ওয়ার্ড ঘুরে সেখানকার পরিষেবা, পরিকাঠামো এবং পরিচ্ছন্নতার মান খতিয়ে দেখেন। পরিদর্শন শেষে সন্তোষ প্রকাশ করে স্বাস্থ্যমন্ত্রী বলেন, ‘রোগী পরিষেবার নিরিখে বালুরঘাট জেলা হাসপাতাল রাজ্যের সেরা হাসপাতালগুলির অন্যতম।’ একই সঙ্গে হৃদ্‌রোগীদের চিকিৎসায় স্থানীয় স্তরে বড় স্বস্তি দিতে বালুরঘাট হাসপাতালেই দ্রুত একটি অত্যাধুনিক ‘ক্যাথ ল্যাব’ চালুর প্রতিশ্রুতিও দেন তিনি।

# সুকান্তর বাড়িতে মধ্যাহ্নভোজ মুখ্যমন্ত্রীর

**পবিত্র মোহান্ত**

বালুরঘাট, ২ সেপ্টেম্বর

বালুরঘাটে ঠাসা প্রশাসনিক কর্মসূচির ফাঁকে বুধবার কেন্দ্রীয় মন্ত্রী, স্থানীয় সাংসদ ড. সুকান্ত মজুমদারের দীপালিনগরের বাসভবনে মধ্যাহ্নভোজ সারলেন মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী। সেখানে ছিলেন স্বাস্থ্যমন্ত্রী ডাঃ শারদ্বত মুখার্জি, উত্তরবঙ্গ উন্নয়নমন্ত্রী নিশীথ প্রামাণিকও। সুকান্ত–জায়া কোয়েল চৌধুরি নিজের হাতে রান্না করেছিলেন, পরিবেশনও করেন তিনি।

এদিন দুপুরের মেনুতে ছিল মুখ্যমন্ত্রীর পছন্দের পদ। গরম ভাতের সঙ্গে পাটশাক ভাজা, পোস্ত ও ডাল থেকে শুরু করে তালিকায় ছিল দক্ষিণ দিনাজপুর জেলার সুস্বাদু রাইখর মাছ ভাজা, ময়া মাছের চচ্চড়ি, কাতলা এবং ইলিশ মাছ। পাশাপাশি, মেনুতে দেশি মুরগি এবং খাসির মাংসের বন্দোবস্তও ছিল। শেষ পাতে চাটনি ও রসগোল্লার সঙ্গে ছিল নয়াবাজারের বিখ্যাত দই। স্থানীয় সুস্বাদু পদের প্রশংসা করেন মুখ্যমন্ত্রী।

মুখ্যমন্ত্রীর এই সফর প্রসঙ্গে কেন্দ্রীয় মন্ত্রী ড. সুকান্ত মজুমদার আগেই জানিয়েছিলেন, দক্ষিণ দিনাজপুর জেলা এবং বালুরঘাট লোকসভা কেন্দ্রের বিভিন্ন প্রকল্প, যেগুলি অনুমোদিত হয়েছে অথবা আগামী দিনে হতে চলেছে, মূলত সেগুলি নিয়েই মুখ্যমন্ত্রীর এই বিশেষ পর্যালোচনা বৈঠক। সেই প্রশাসনিক বৈঠক সেরেই সুকান্ত মজুমদারের বাড়িতে যান মুখ্যমন্ত্রী।

# মহালয়ার অনুষ্ঠানে আসতে পারেন প্রধানমন্ত্রী

**আজকালের প্রতিবেদন**

নতুন সরকারের প্রথম দুর্গাপুজোকে স্মরণীয় করে রাখতে মহালয়ায় সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করতে চলেছে রাজ্য। নবান্ন সূত্রে খবর, এই অনুষ্ঠান ইডেনের মাঠে আয়োজন করার পরিকল্পনা চলছে। সব ঠিকঠাক থাকলে অনুষ্ঠানে থাকতে পারেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। প্রশাসন সূত্রে খবর, অনুষ্ঠানের স্থান নির্বাচনের অন্যতম কারণ, বিশ্বের দরবারে দুর্গাপুজোকে তুলে ধরা। যাতে দেশ–বিদেশের বহু মানুষ একসঙ্গে বসে এই অনুষ্ঠান নির্বিঘ্নে দেখতে পারেন। প্রশাসন সূত্রে খবর, ইতিমধ্যে অনুষ্ঠানের প্রস্তুতি শুরু হয়ে গেছে। বুধবার এই অনুষ্ঠান আয়োজনের প্রস্তুতি নিয়ে নবান্নে বৈঠক হয়েছে। তথ্য ও সংস্কৃতি দপ্তরের রাষ্ট্রমন্ত্রী পূর্ণিমা চক্রবর্তী, সচিব সৌমিত্র মোহন দপ্তরের আধিকারিকদের সঙ্গে এই সংক্রান্ত বৈঠক করেন। ওই বৈঠকে ছিলেন লকেট চ্যাটার্জি। অনুষ্ঠান আয়োজনের জন্য টেন্ডার ডাকার প্রস্তুতিও নেওয়া হয়ে গিয়েছে। প্রধানমন্ত্রীর অফিসেও যোগাযোগ করা হয়েছে বলে নবান্ন সূত্রে খবর।

১০ অক্টোবর মহালয়া। পিতৃপক্ষের অবসান এবং দেবীপক্ষের সূচনা। শারদ উৎসবের শুরু। বাংলার দুর্গাপুজোর ইতিহাস, বিভিন্ন জেলার লোকসংস্কৃতি, ঢাক, ধুনুচি নাচ–সহ নানা অনুষ্ঠান হবে। কলকাতার পাশাপাশি, জেলার শিল্পীরাও অংশ নেবেন। বিশ্বের দরবারে দুর্গাপুজোকে পর্যটনের অঙ্গ হিসেবেও তুলে ধরার পরিকল্পনা নেওয়া হয়েছে।

# পুরভোটের প্রস্তুতি শুরু রাজ্য নির্বাচন কমিশনের

**আজকালের প্রতিবেদন**

সেপ্টেম্বরের দ্বিতীয় সপ্তাহের মধ্যেই ওয়ার্ড পুনর্বিন্যাসের প্রস্তাব চূড়ান্ত করতে রাজ্য নির্বাচন কমিশন নির্দেশ দিল। বুধবার এদিন দার্জিলিং, কালিম্পং, জলপাইগুড়ি, দক্ষিণ ২৪ পরগনা, হাওড়া এবং পূর্ব মেদিনীপুর— এই ছয় জেলার জেলাশাসকের সঙ্গে পর্যালোচনা বৈঠক করেন রাজ্য নির্বাচন কমিশনার কৃষ্ণ গুপ্ত। আসন সংরক্ষণের খসড়া তালিকা সেপ্টেম্বরের মাঝামাঝি সময়ে প্রকাশ করা হতে পারে। চূড়ান্ত সংরক্ষণ তালিকা প্রকাশের সম্ভাবনা অক্টোবরের শেষ সপ্তাহে। তবে এসআইআরে ‘বিচারাধীন’রা ভোট দিতে পারবেন কিনা, তা নিয়ে এখনও পর্যন্ত চূড়ান্ত সিদ্ধান্ত হয়নি। রাজ্য নির্বাচন কমিশন জানিয়েছে, কেন্দ্রীয় নির্বাচন কমিশনের চূড়ান্ত ভোটার তালিকাই একমাত্র গ্রহণযোগ্য হবে।

# গুঁড়িয়ে দিলেন নিষিদ্ধ সিরাপ

● ১ পাতার পর

মুখ্যমন্ত্রী হওয়ার পর প্রথম বালুরঘাটে এলেন শুভেন্দু অধিকারী। মাদক ধ্বংসের প্রতীকী অভিযানের পর এদিন মুখ্যমন্ত্রী বলেন, ‘নেশামুক্ত ভারত ও নেশামুক্ত রাজ্য গড়ে তোলাই আমাদের মূল সঙ্কল্প।’ যুবসমাজকে সুরক্ষার বার্তা দিয়ে তিনি বলেন, ‘আজ আমার কর্মসূচির প্রথম বার্তাই ছিল যুবসমাজকে নেশার কবল থেকে মুক্ত করে আনা। পশ্চিমবঙ্গকেও সম্পূর্ণ নেশামুক্ত করা হবে। যেখানেই এমন ড্রাগ পাওয়া যাবে, সেখানেই তা সঙ্গে সঙ্গে ধ্বংস করা হবে।’ অপরাধীদের কড়া হুঁশিয়ারি দিয়ে তিনি বলেন, ‘বেআইনি নেশার কারবারে যুক্ত কাউকে বিন্দুমাত্র ছাড় দেওয়া হবে না এবং এই অপরাধের সঙ্গে জড়িতদের বছরের পর বছর জেলেই কাটাতে হবে।’ সীমান্তবর্তী জেলায় মাদকের কারবার রোখার সাফল্য প্রসঙ্গে মুখ্যমন্ত্রী রাজ্য পুলিশ ও সীমান্তরক্ষী বাহিনী (বিএসএফ)–র সাম্প্রতিক সমন্বয়কে বিশেষ গুরুত্ব দেন। মুখ্যমন্ত্রী বলেন, চার মাসে সেই মানসিকতা বদলে গেছে এবং বিএসএফ ও রাজ্য পুলিশ যৌথ অপারেশন চালাচ্ছে। এই অভিযানের ফলেই এত বিপুল পরিমাণ নিষিদ্ধ মাদক বাজেয়াপ্ত করা সম্ভব হয়েছে।’ আগামী দিনেও রাজ্য জুড়ে এই যৌথ অভিযান অব্যাহত থাকবে বলে জানান তিনি।

# পুরভোটে একা লড়ব

● ১ পাতার পর

কিন্তু সেটা দিল্লিতে। প্রায় ১৫০০ কিলোমিটার দূর। কলকাতায় আসতে সময় লেগে যাবে তো! আর, কলকাতা পুরসভার নির্বাচন তো এসেই গেল। বিজেপি একার শক্তিতে পশ্চিমবঙ্গের নির্বাচনে লড়াই করে ক্ষমতায় এসেছে। কারও দয়া, আশীর্বাদে নয়। এর পর সিদ্ধান্ত দলের সর্বোচ্চ নেতৃবৃন্দ নেবেন। পশ্চিমবঙ্গ বিজেপি নিজের শক্তিতে পদ্মফুল প্রতীক–চিহ্নে কলকাতা ও হাওড়ার মানুষের বিপুল আশীর্বাদ আর জনসমর্থন নিয়ে পুরসভা পরিচালনার দায়িত্ব নিতে চলেছে।’ এনসিপিআই–এর সঙ্গে জোট হওয়ার সম্ভাবনা আছে কি না, এদিন সাংবাদিকদের এই প্রশ্নে শমীক ভট্টাচার্য জানান, রাজনীতিকে সম্ভাবনার শিল্প বলা হয়। কিন্তু তিনি শুধু দলের অবস্থান জানাতে পারেন। এদিন ওন্দার বিধায়ক অমরনাথ শাখা ও পাণ্ডবেশ্বরের বিধায়ক জিতেন্দ্র তিওয়ারির বক্তব্য প্রসঙ্গে রাজ্য সভাপতি জানান, কিছু জায়গায় বিচ্যুতি আছে। সেটা তিনি অস্বীকার করছেন না। কিন্তু তাঁরা প্রকাশ্যে কেন বলেছেন, তা নিয়ে কথা বলবেন। শমীক ভট্টাচার্য বলেন, ‘হয়তো আবেগপ্রবণ হয়ে বলে ফেলেছেন। বাইরে বলাটা ঠিক হয়নি। কিন্তু দলের মধ্যে এ নিয়ে কোনও অসন্তোষ নেই।’


**টারসনস প্রোডাক্টস লিমিটেড**

সিআইএন : এল৫১১০৯ডব্লিউবি১৯৮৩পিএলসি০৩৬৫১০

**নিবন্ধিত কার্যালয়:** মার্টিন বার্ন বিজনেস পার্ক, রুম নং ৯০২, বিপি – ৩ সল্টলেক, সেক্টর – ৫, কলকাতা – ৭০০০৯১, পশ্চিমবঙ্গ, ভারত

**ফোন:** ০৩৩–৩৫২২০৩০০; **ই–মেইল:** info@tarsons.com; **ওয়েবসাইট:** www.tarsons.com

**কোম্পানির শেয়ারহোল্ডারদের প্রতি ৪৩তম বার্ষিক সাধারণ সভার বিজ্ঞপ্তি এবং ই–ভোটিং সম্পর্কিত তথ্য**

এতদ্বারা বিজ্ঞপ্তি প্রদান করা হচ্ছে যে, **টারসনস প্রোডাক্টস লিমিটেড** (‘কোম্পানি’)–এর শেয়ারহোল্ডারদের **তেতাল্লিশতম (৪৩তম)** বার্ষিক সাধারণ সভা (**‘এজিএম’ বা ‘সভা’**) আগামী **২৪ সেপ্টেম্বর, ২০২৬, বৃহস্পতিবার দুপুর ১২:০০টায় (আইএসটি)** ভিডিও কনফারেন্সিং/অন্যান্য অডিও ভিজ্যুয়াল মাধ্যম (‘ভিসি/ওএভিএম’)–এর মাধ্যমে অনুষ্ঠিত হবে। কোম্পানি আইন, ২০১৩ (‘আইন’) এবং এর অধীনে প্রণীত নিয়মাবলি, সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ বোর্ড অফ ইন্ডিয়া (লিস্টিং অবলিগেশনস অ্যান্ড ডিসক্লোজার রিকোয়ারমেন্টস) রেগুলেশনস, ২০১৫ (‘সেবি লিস্টিং রেগুলেশনস’), কর্পোরেট বিষয়ক মন্ত্রক (‘এমসিএ’) কর্তৃক জারিকৃত প্রযোজ্য সার্কুলারগুলি যেমন ৮ এপ্রিল, ২০২০ তারিখের সাধারণ সার্কুলার নং ১৪/২০২০, ৫ মে, ২০২০ তারিখের সাধারণ সার্কুলার নং ২০/২০২০ এবং এই বিষয়ে পরবর্তীতে জারিকৃত সার্কুলারগুলি, যার মধ্যে সর্বশেষটি হল ২২ সেপ্টেম্বর, ২০২৫ তারিখের সাধারণ সার্কুলার নং ০৩/২০২৫ (যৌথভাবে ‘এমসিএ সার্কুলারস’ নামে পরিচিত), এবং সময় সময় সেবি কর্তৃক জারিকৃত প্রযোজ্য সার্কুলারগুলির প্রযোজ্য বিধান মেনে কোনো সাধারণ স্থানে সশরীরে উপস্থিতি ছাড়াই এই সভা অনুষ্ঠিত হবে। সুতরাং, ১০ আগস্ট, ২০২৬ তারিখের এজিএম–এর বিজ্ঞপ্তিতে নির্ধারিত কার্যাদি সম্পন্ন করার জন্য কোম্পানির এজিএম ভিসি–র মাধ্যমে অনুষ্ঠিত হচ্ছে। ভিসি সুবিধার মাধ্যমে অংশগ্রহণকারী শেয়ারহোল্ডারদের কোম্পানি আইন, ২০১৩ (‘আইন’)–এর ধারা ১০৩–এর অধীনে কোরামের উদ্দেশ্যে গণনা করা হবে।

উপরোক্ত সার্কুলার এবং সেবি লিস্টিং রেগুলেশনস মেনে, এজিএম–এর বিজ্ঞপ্তি এবং ২০২৫–২৬ অর্থবর্ষের বার্ষিক প্রতিবেদনের ইলেকট্রনিক কপি ০২ সেপ্টেম্বর, ২০২৬ তারিখে সেই সকল শেয়ারহোল্ডারদের কাছে পাঠানো হয়েছে যাদের ই–মেইল আইডি কোম্পানি/ডিপোজিটরি পার্টিসিপ্যান্ট(দের)–এর কাছে নিবন্ধিত রয়েছে। এই নথিগুলি কোম্পানির ওয়েবসাইট www.tarsons.com–এ, যে স্টক এক্সচেঞ্জগুলিতে কোম্পানির ইক্যুইটি শেয়ার তালিকাভুক্ত রয়েছে তাদের ওয়েবসাইট অর্থাৎ www.bseindia.com এবং www.nseindia.com–এ এবং ন্যাশনাল সিকিউরিটিজ ডিপোজিটরি লিমিটেড (‘এনএসডিএল’)–এর ই–ভোটিং ওয়েবসাইট www.evoting.nsdl.com–এও উপলব্ধ রয়েছে। এছাড়া, ২০২৫–২৬ অর্থবর্ষের বার্ষিক প্রতিবেদনের সম্পূর্ণ বিবরণ যেখানে পাওয়া যাবে তার সঠিক পাথ–সহ ওয়েবলিংক প্রদান করে একটি চিঠি সেই সকল শেয়ারহোল্ডারদের পাঠানো হয়েছে যাদের ই–মেইল ঠিকানা কোম্পানি/ডিপি–দের কাছে নিবন্ধিত নেই।

কোম্পানি শুধুমাত্র সেই সকল শেয়ারহোল্ডারদের বার্ষিক প্রতিবেদনের একটি ফিজিক্যাল কপি পাঠাবে যারা info@tarsons.com অথবা investor@tarsons.com–এ কোম্পানিকে লিখে বিশেষভাবে এর জন্য অনুরোধ করবেন।

**ই–ভোটিং সম্পর্কিত তথ্য:**

- কোম্পানি আইন, ২০১৩ (‘আইন’)–এর ধারা ১০৮ এবং অন্যান্য প্রযোজ্য বিধান (যদি থাকে), সময় সময় সংশোধিত কোম্পানিজ (ম্যানেজমেন্ট অ্যান্ড অ্যাডমিনিস্ট্রেশন) রুলস, ২০১৪–এর রুল ২০, এবং লিস্টিং রেগুলেশনস–এর রেগুলেশন ৪৪ অনুসারে, এজিএম আহ্বানকারী বিজ্ঞপ্তিতে নির্ধারিত সকল প্রস্তাবের ওপর শেয়ারহোল্ডারদের ইলেকট্রনিকভাবে তাদের ভোট দেওয়ার জন্য রিমোট ই–ভোটিংয়ের সুবিধা প্রদান করতে কোম্পানি এনএসডিএল–এর পরিষেবা নিযুক্ত করেছে। ই–ভোটিংয়ের সুবিধা এজিএম চলাকালীনও উপলব্ধ করা হবে এবং ভিসি/ওএভিএম–এর মাধ্যমে এজিএম–এ অংশগ্রহণকারী শেয়ারহোল্ডাররা, যারা রিমোট ই–ভোটিংয়ের মাধ্যমে তাদের ভোট দেননি, তারা এজিএম চলাকালীন ভোট দিতে পারবেন।
- **১৭ সেপ্টেম্বর, ২০২৬, বৃহস্পতিবার (‘কাট–অফ তারিখ’)** অনুযায়ী ডিপোজিটরিগুলির দ্বারা পরিচালিত সদস্যনথি বা সুবিধাভোগী মালিক নথি–এ যে সকল শেয়ারহোল্ডারদের নাম লিপিবদ্ধ থাকবে, তারা রিমোট ই–ভোটিং বা এজিএম–এ ই–ভোটিংয়ের সুবিধা গ্রহণ করার অধিকারী হবেন।
- রিমোট ই–ভোটিংয়ের সময়কাল **২১ সেপ্টেম্বর, ২০২৬, সোমবার সকাল ০৯:০০টায় (ভা স)** শুরু হবে এবং **২৩ সেপ্টেম্বর, ২০২৬, বুধবার বিকেল ০৫:০০টায় (ভা স)** শেষ হবে। শেয়ারহোল্ডারদের অনুরোধ করা হচ্ছে যে, এরপরে রিমোট ই–ভোটিংয়ের অনুমতি দেওয়া হবে না এবং ২৩ সেপ্টেম্বর, ২০২৬, বুধবার বিকেল ০৫:০০টার (ভা স) পর এনএসডিএল কর্তৃক রিমোট ই–ভোটিং মডিউলটি নিষ্ক্রিয় করা হবে।
- যে সকল শেয়ারহোল্ডার ইতিমধ্যেই রিমোট ই–ভোটিংয়ের মাধ্যমে তাদের ভোট দিয়েছেন তারা ভিসি/ওএভিএম–এর মাধ্যমে এজিএম–এ উপস্থিত থাকতে এবং অংশগ্রহণ করতে পারবেন কিন্তু এজিএম চলাকালীন পুনরায় ভোট দেওয়ার অধিকারী হবেন না। যে সকল শেয়ারহোল্ডার রিমোট ই–ভোটিংয়ের মাধ্যমে তাদের ভোট দেননি তারা এজিএম চলাকালীন ই–ভোটিং সুবিধার মাধ্যমে তাদের ভোট দিতে পারবেন। একবার কোনো প্রস্তাবের ওপর ইলেকট্রনিকভাবে ভোট দেওয়া হয়ে গেলে, শেয়ারহোল্ডারদের পরে তা পরিবর্তন করার অনুমতি দেওয়া হবে না। কাট–অফ তারিখ অর্থাৎ **১৭ সেপ্টেম্বর, ২০২৬, বৃহস্পতিবার** অনুযায়ী কোম্পানির পরিশোধিত ইক্যুইটি শেয়ার মূলধনে শেয়ারহোল্ডারদের শেয়ারহোল্ডিংয়ের অনুপাতে তাদের ভোটাধিকার থাকবে।
- যে ব্যক্তি যিনি এজিএম–এর বিজ্ঞপ্তি পাঠানোর পর কোম্পানির শেয়ার অধিগ্রহণ করেন এবং কোম্পানির শেয়ারহোল্ডার হন এবং কাট–অফ তারিখ অর্থাৎ ১৭ সেপ্টেম্বর, ২০২৬, বৃহস্পতিবার অনুযায়ী শেয়ার ধারণ করে থাকেন, তিনি evoting@nsdl.com–এ অনুরোধ পাঠিয়ে রিমোট ই–ভোটিংয়ের জন্য লগইন ইউজার আইডি এবং পাসওয়ার্ড পেতে পারেন। তবে, যদি উক্ত ব্যক্তি ইতিমধ্যেই রিমোট ই–ভোটিংয়ের জন্য এনএসডিএল–এর কাছে নিবন্ধিত থাকেন, তাহলে ভোট দেওয়ার জন্য বর্তমান ইউজার আইডি এবং পাসওয়ার্ড ব্যবহার করা যেতে পারে।
- ভিসি/ওএভিএম–এর মাধ্যমে এজিএম–এ অংশগ্রহণ এবং রিমোট ই–ভোটিং ও এজিএম চলাকালীন ই–ভোটিংয়ের মাধ্যমে ভোট দেওয়ার পদ্ধতি সংক্রান্ত বিস্তারিত নির্দেশাবলি এজিএম–এর বিজ্ঞপ্তিতে প্রদান করা হয়েছে এবং তা কোম্পানির ওয়েবসাইট www.tarsons.com–এ অ্যাক্সেস করা যেতে পারে।

ই–ভোটিং সংক্রান্ত যে কোনো জিজ্ঞাসা বা অভিযোগের জন্য, শেয়ারহোল্ডাররা এনএসডিএল–এর ই–ভোটিং ওয়েবসাইট www.evoting.nsdl.com–এর ডাউনলোড বিভাগে উপলব্ধ শেয়ারহোল্ডারদের জন্য ‘ফ্রিকোয়েন্টলি আস্কড কোয়েশ্চেনস’ (এফএকিউ) এবং শেয়ারহোল্ডারদের জন্য ই–ভোটিং ইউজার ম্যানুয়ালটি দেখতে পারেন, অথবা এনএসডিএল–এর সাথে টেলিফোন নম্বর: ০২২–৪৮৮৬ ৭০০০–এ যোগাযোগ করতে পারেন অথবা মিসেস পল্লবী মাত্রে, ডেপুটি ভাইস প্রেসিডেন্ট–এর কাছে evoting@nsdl.com–এ একটি অনুরোধ পাঠাতে পারেন।

সিডিএসএল–এ ডিম্যাট মোডে সিকিউরিটিজ ধারণকারী শেয়ারহোল্ডাররা সিডিএসএল–এ ১৮০০–২১–০৯৯১১ নম্বরে যোগাযোগ করতে পারেন অথবা helpdesk.evoting@cdslindia.com–এ একটি অনুরোধ পাঠাতে পারেন। শেয়ারহোল্ডাররা investor@tarsons.com–এ কোম্পানিকে লিখতে পারেন অথবা কোম্পানিতে ০৩৩–৩৫২২০৩০০ নম্বরে যোগাযোগ করতে পারেন।

নির্বিঘ্ন যোগাযোগ নিশ্চিত করতে, শেয়ারহোল্ডারদের কোম্পানির রেজিস্ট্রার অ্যান্ড শেয়ার ট্রান্সফার এজেন্ট (‘আরটিএ’), কেফিন টেকনোলজিস লিমিটেড–এর কাছে einward.ris@kfintech.com–এ একটি ই–মেইল পাঠিয়ে অথবা তাদের নিজ নিজ ডিপোজিটরি পার্টিসিপ্যান্টদের কাছে তাদের ই–মেইল ঠিকানা আপডেট রাখার জন্য অনুরোধ করা হচ্ছে। এটি সময়মতো যোগাযোগ গ্রহণে সহায়তা করবে।

শেয়ারহোল্ডারদের এজিএম–এর বিজ্ঞপ্তিতে উল্লেখিত সমস্ত দ্রষ্টব্য এবং বিশেষ করে, ৪৩তম এজিএম–এ যোগদানের নির্দেশাবলি, রিমোট ই–ভোটিং এবং এজিএম চলাকালীন ই–ভোটিংয়ের মাধ্যমে ভোট দেওয়ার পদ্ধতি সাবধানে পড়ার জন্য অনুরোধ করা হচ্ছে।

**টারসনস প্রোডাক্টস লিমিটেড–এর পক্ষে**
**স্বা/– সন্তোষ কুমার আগরওয়াল**
**সিএফও, কোম্পানি সেক্রেটারি ও কমপ্লায়েন্স অফিসার**
**মেম্বারশিপ নং: এ৪৪৮৩৬**

**তারিখ:** ০২ সেপ্টেম্বর, ২০২৬
**স্থান:** কলকাতা

রাজ্য চারুকলা পর্ষদ
আয়োজিত

**চারুকলা পরিচয় শিক্ষাক্রম**
২০২৬
(ART APPRECIATION COURSE)

- বিশিষ্ট শিল্পী ও শিল্প-আলোচকদের বক্তৃতায় সমৃদ্ধ চারুকলা বিষয়ক শিক্ষাক্রমে অংশগ্রহণে আগ্রহী শিক্ষার্থীদের আবেদনপত্র নিম্নলিখিত ঠিকানায় গ্রহণ করা হচ্ছে।
- সাদা কাগজে লিখিত আবেদনপত্রের সঙ্গে শিক্ষার্থীর শিল্পকর্মের নমুনা জীবনপঞ্জি ও সচিত্র পরিচয় পত্রের ফোটোকপি জমা দিতে হবে।
- দূরবর্তী জেলার শিক্ষার্থীরা নথি সহ আবেদন পত্র ইমেইল আইডিতে পাঠাতে পারবেন।
- প্রয়োজনে পর্ষদের পক্ষ থেকে সাক্ষাৎকারের আয়োজন করা হতে পারে।
- আবেদনকারীর বয়সসীমা : ১৮ উর্ধ্ব হতে হবে।
- এই শিক্ষাক্রমটি আগামী সেপ্টেম্বর, ২০২৬ থেকে শুরু হবে।

আবেদনপত্রটি জমা দেওয়ার শেষ দিন ৭ সেপ্টেম্বর ২০২৬

ঠিকানা : নির্বাহী আধিকারিক, রাজ্য চারুকলা পর্ষদ, তথ্য ও সংস্কৃতি বিভাগ পশ্চিমবঙ্গ সরকার, চারুকলা ভবন, ১/১, আচার্য জগদীশ চন্দ্র বসু রোড কলকাতা - ৭০০০২০ (প্রতিদিন দুপুর ১২.৩০ টা থেকে সন্ধ্যা ৭.৩০টা)
দূরভাষ: (০৩৩) ২২২৩৫৩১৭ ইমেইল : rcp.programme@gmail.com

তথ্য ও সংস্কৃতি বিভাগ | পশ্চিমবঙ্গ সরকার

ICA- N228(3)/2026

যুকো বैंक UCO BANK (A Govt. of India Undertaking)

**পরিশিষ্ট–IV [রুল ৮(১)]**
**দখল বিজ্ঞপ্তি**
**(স্থাবর সম্পত্তির জন্য)**

জোনাল অফিস, শিলিগুড়ি, হিল কার্ট রোড, শিলিগুড়ি–৭৩৪০০১
বনশঙ্কা শাখা, গ্রাম ও পোস্ট বনশঙ্কা, বীরভূম, (পশ্চিমবঙ্গ)–৭৩১১২১, ই–মেল: banasa@uco.bank.in

যেহেতু, ইউকো ব্যাঙ্ক–এর অনুমোদিত আধিকারিক রূপে নিম্নস্বাক্ষরকারী সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২–এর রুল নং ৩–সহ পঠনীয় সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২ (নং ৫৪/২০০২)–এর ১৩(১২) ধারাধীনে অর্পিত ক্ষমতাবলে আমাদের **বনশঙ্কা (১৭১১) শাখার ঋণগ্রহীতা(গণ) মিসেস রাজিয়া সুলতানা, স্বামী প্রয়াত চৌধুরি সিরাজুল হক (প্রয়াত চৌধুরি সিরাজুল হকের আইন উত্তরাধিকারী) নিবাস গ্রাম–সিকারপুর, পোস্ট সিকারপুর, থানা পানরুই, বীরভূম, পশ্চিমবঙ্গ, পিন–৭৩১১২৪**–এর প্রতি ০৩.০৬.২০২৬ তারিখ সংবলিত একটি দাবি বিজ্ঞপ্তি জারি করেছিলেন যার মাধ্যমে উক্ত নোটিস প্রাপ্তির তারিখ থেকে ৬০ দিনের মধ্যে উক্ত বিজ্ঞপ্তিতে দাবিকৃত অর্থাঙ্ক অর্থাৎ, **২৫.০৫.২০২৬ তারিখের ভিত্তিতে** ব্যাঙ্কের পাওনা বাবদ **₹৩,৯৭,৭৩৪.১৮ (তিন লক্ষ সাতানব্বই হাজার সাতশো চৌত্রিশ টাকা ও আঠারো পয়সা মাত্র) [সুদ ধরা আছে ৩০.০৪.২০২৬ পর্যন্ত],** তৎসহ পরিশোধের তারিখ পর্যন্ত চুক্তিভিত্তিক হারে উদ্ভূত সুদ, মাশুল, চার্জ ও খরচ আদায় দেওয়ার জন্য তাঁদের প্রতি আহ্বান জানানো হয়েছিল।

উক্ত ঋণগ্রহীতা(গণ)/ জামিনদার(গণ) দাবিকৃত অর্থাঙ্ক আদায় দিতে ব্যর্থ হওয়ায় এতদ্দ্বারা বিশেষত ওই ঋণগ্রহীতা(গণ)/জামিনদার(গণ) এবং জনসাধারণের প্রতি জানানো যাচ্ছে যে, নিম্নস্বাক্ষরকারী সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২–এর রুল নং ৮–সহ পঠনীয় উক্ত অ্যাক্টের ১৩(৪) নং ধারাধীনে অর্পিত ক্ষমতাবলে **১ সেপ্টেম্বর, ২০২৬ তারিখে** এখানে নীচে বর্ণিত সম্পত্তির দখল নিয়েছেন।

বিশেষত উক্ত ঋণগ্রহীতা(গণ)/ জামিনদার(গণ) ও জনসাধারণকে এতদ্দ্বারা নিম্নবর্ণিত সম্পত্তি নিয়ে কোনও প্রকার লেনদেন না করার জন্য সতর্ক করা হচ্ছে এবং এই সম্পত্তি নিয়ে যে কোনও ধরনের লেনদেন **২৫.০৫.২০২৬ তারিখের ভিত্তিতে ব্যাঙ্কের পাওনা বাবদ ₹৩,৯৭,৭৩৪.১৮ (তিন লক্ষ সাতানব্বই হাজার সাতশো চৌত্রিশ টাকা ও আঠারো পয়সা মাত্র) [সুদ ধরা আছে ৩০.০৪.২০২৬ পর্যন্ত]** তৎসহ চুক্তিভিত্তিক হারে উদ্ভূত সুদ, মাশুল, চার্জ ও খরচ সমেত ইউকো ব্যাঙ্ক–এর প্রতি দায় সাপেক্ষ হবে।

সম্পত্তি ছাড়িয়ে নিতে প্রাপ্য সময়সীমা সম্পর্কিত বিষয়ে উক্ত অ্যাক্টের ১৩ নং ধারার ৮ নং উপধারার সংস্থানগুলির প্রতি সংশ্লিষ্ট ঋণগ্রহীতা/ জামিনদারের মনোযোগ আকর্ষণ করা হচ্ছে।

**স্থাবর সম্পত্তির বিবরণ**

৫ শতক জমি ও বাড়ির সমগ্র ও অবিচ্ছেদ্য অংশ, গ্রাম–সিকারপুর, পোস্ট–সিকারপুর, থানা পানরুই, জেলা বীরভূম, পশ্চিমবঙ্গ, পিন–৭৩১১২৪, প্লট নং ৪৭০, খতিয়ান নং ৩৭, ৫৮, ১৬০, ১৮২, ২৫, হাল খতিয়ান নং ৩০৬, জে এল নং ১৬১, মৌজা সিকারপুর, এডিএসআর সিউড়ি, বীরভূমে নথিভুক্ত দলিল নং I–৯০৪৪/২০১৫ অনুসারে সম্পত্তিটি মিঃ চৌধুরি সিরাজুল হক এর নামে। **চৌহদ্দির বিশদ: উত্তর:** রাস্তা ও নিজ জমি; **পশ্চিম**: কমন প্যাসেজ; **পূর্ব**: কমন প্যাসেজ; **দক্ষিণ**: নাওর মহম্মদের বাড়ি।

**তারিখ: ০১.০৯.২০২৬**
**স্থান: বীরভূম**

**অনুমোদিত আধিকারিক**
**ইউকো ব্যাঙ্ক**




এটি কিভাবে কাজ করে:
- ব্যাঙ্কগুলি গ্রাহকদের KYC তথ্য সংগ্রহ করে এবং তা সেন্ট্রাল KYC রেকর্ডস রেজিস্ট্রিতে (CKYCR) আপলোড করে
- গ্রাহককে একটি 14 সংখ্যার নম্বর দেওয়া হয়
- এই 14 সংখ্যার নম্বরটি অন্যান্য আর্থিক প্রতিষ্ঠান দ্বারা গ্রাহকের KYC রেকর্ড সংগ্রহের জন্য ব্যবহার করা যেতে পারে, যা অ্যাকাউন্ট খোলা এবং পুনরায়-KYC করার ক্ষেত্রে সহায়ক

আরবিআই একথা বলে... জেনে রাখুন, সতর্ক থাকুন!

আপনার CKYC নম্বরটি পেতে :
আপনার ব্যাঙ্কের সঙ্গে যোগাযোগ করুন **অথবা** 7799022129-এ মিসড কল দিন **অথবা** https://ckycindia.in-এ যান

বিস্তারিত জানার জন্য,
ভিজিট করুন **https://rbikehtahai.rbi.org.in/CKYCR**
অফিশিয়াল হোয়াট্সঅ্যাপ নম্বরগুলি
99990 41935 / 99309 91935

জনস্বার্থে প্রচার করছে
ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক
RESERVE BANK OF INDIA
www.rbi.org.in

আজকাল

৪৬ বর্ষ ১৬১ সংখ্যা ১৬ ভাদ্র ১৪৩৩ বৃহস্পতিবার ৩ সেপ্টেম্বর ২০২৬




# শতবর্ষে শিক্ষণীয়

আজ, ৩ সেপ্টেম্বর, ২০২৬ উত্তমকুমারের জন্মশতবার্ষিকী উদ্‌যাপিত হচ্ছে। মহানায়ক। বাংলার সিনেমার সফলতম নায়ক। ১৯৫৪ থেকে ২৬ বছর টানা হিট ছবি দিয়েছেন। এমন উচ্চতায় পৌঁছেছেন যে, তাঁর কাছাকাছি কেউ যেতে পারেননি, পারবেন বলেও মনে হয় না। এই সাফল্যের সূর্যোদয় এক–আধ বছরে ঘটেনি। সাফল্যের মুখ দেখলেন ২৮ বছর বয়সে। তার আগে, একের পর এক ব্যর্থতা। তকমা পেলেন ‘ফ্লপ মাস্টার জেনারেল’। জন্মসূত্রে নাম অরুণ চট্টোপাধ্যায়। পোর্ট কমিশনার্সের কেরানির চাকরি ছেড়ে বড় ঝুঁকি নিলেন। ক্রমাগত ব্যর্থতা অন্য কাউকে চূড়ান্ত হতাশ করে দিত। উত্তমকুমারের প্রথম শিক্ষণীয় দিক, হতাশায় ভেঙে না–পড়া। হতাশার অন্ধকার চিরে সাফল্যের সূর্য উঠবে, এই আত্মবিশ্বাস তাঁর ছিল। এই আত্মবিশ্বাস যে–কোনও পেশার মানুষকে শিক্ষা দিয়ে যেতে পারে। এমনি–এমনি ব্যর্থতা কাটানো যায় না। ভাবতে হয়, কোথায় ভুল হচ্ছে, কোথায় সংশোধন জরুরি। শুধু ভাবলেই হয় না, কঠোর পরিশ্রম করতে হয়। প্রচুর হলিউড ফিল্ম দেখেছেন উঠে আসার আগে থেকেই। তার নিশ্চিত ছাপ তরুণ মজুমদার (যাত্রিক) পরিচালিত ‘চাওয়া পাওয়া’ ছবিতে। স্মার্ট, আধুনিক অভিনয়। এই ‘চাওয়া পাওয়া’ মুক্তির পর টানা পাঁচ দিন দেখেছেন। নিজের সাফল্যের আনন্দে? না। লিখেছেন, ‘দেখছিলাম, কী অসামান্য কাজ করেছেন ছবিদা। বুঝছিলাম, ছবি বিশ্বাসের কাছে কত কী শেখার আছে।’ শিক্ষণীয়, তাঁর শেখার আগ্রহ। ‘অগ্নিপরীক্ষা’য় উত্তীর্ণ হয়ে, নায়কোত্তমের আসন অর্জন করেও দম্ভে আক্রান্ত হননি। সৌজন্য ধরে রেখেছেন। ভারসাম্য। নায়িকাদের, সহ–অভিনেতাদের যথেষ্ট পরিসর দিয়েছেন। এই মনোভাব তাঁকে যেন আরও পরিসর দিয়েছে। শতবর্ষে শিক্ষণীয় অনেক কিছুই। মনে রাখুক বাঙালি।

## প্রিয় সম্পাদক

### আশ্চর্য সেই সবুজ বাড়ি!

নেপালের প্রাকৃতিক বিপর্যয় গোটা দুনিয়ার মানুষকেই বিস্ময়ে হতবাক করে দিয়েছে। সমগ্র ভারত দুঃখ প্রকাশ করে হড়পা বানে বিপর্যস্ত নেপালের প্রতি সহযোগিতার হাত বাড়িয়ে দিয়েছে। ছবির মতো সুন্দর পাহাড়ি উপত্যকা জুড়ে বর্তমানে শুধুই নারকীয় ধ্বংসের ছবি। দৈনিক সংবাদপত্র, টেলিভিশনের মতো মূল ধারার সংবাদমাধ্যমের পাশাপাশি সমাজমাধ্যমেও ভারতের এই পড়শি দেশটির সাম্প্রতিক বিপর্যয় নিয়ে বিরামহীন খবরের স্রোত। এরই মধ্যে আলাদা করে নজর কেড়ে নিয়েছে সেই অঞ্চলের এক ‘গ্রিন হাউস’ সম্পর্কিত খবর ও ছবি। দুর্ভেদ্য, অজেয় দুর্গের মতো ধ্বংসলীলার মধ্যেও ওই ‘সবুজ বাড়ি’ দাঁড়িয়ে রয়েছে। ভোটেকোশি নদীর জল ফুলে–ফেঁপে উঠে ২৬ আগস্ট সকালে যে প্রলয়কাণ্ড চালিয়েছিল, সেই অভিঘাতে নিশ্চিহ্ন হয়ে গিয়েছে নদীর দু’পারের উপত্যকার প্রায় গোটা জনপদই। খড়কুটোর মতো মুহূর্তের মধ্যে ভেসে গিয়েছে ঘরবাড়ি, গাড়ি, সেতু, রাস্তাঘাট, মানুষ–সহ আরও কত কিছু। কাদা–জলের স্রোতের ছবিও সমাজমাধ্যমে ভাইরাল। আতঙ্কিত, অসহায় মানুষের আর্ত চিৎকার আর প্রাণভয়ে নিরাপদ স্থানে সরে যাওয়ার মরিয়া চেষ্টাও আমাদের যেন নতুন করে উপলব্ধি করতে সাহায্য করে, প্রকৃতির তীব্র রোষের মুখে কতটা আতুর, সম্বলহীন আমরা।



যাই হোক, এত ধ্বংসের মধ্যেও মাথা উঁচু করে দাঁড়িয়ে রয়েছে সাধারণ চেহারার ওই সবুজরঙা বাড়িটি। এতদিন আলাদা করে যেটিকে হয়তো কারও নজরেই পড়ত না! পাহাড়ি জলধারার দৈত্যাকার, দানবীয় চেহারা গোটা বিশ্বের মানুষকেই হতবাক করে দিয়েছে। প্রবল বেগে নেমে আসা ইট, কাঠ, পাথর আর কাদার ভয়াল স্রোত সামনে যা কিছু পেয়েছে, সবকিছুই খড়কুটোর মতো ভাসিয়ে নিয়ে গিয়েছে। কিন্তু, এত ধ্বংসও পারেনি বাড়িটিকে জমি থেকে উপড়ে ফেলতে। এ–ও বোধহয় এক ‘মিরাকল’! সে বাড়ির বাসিন্দারা নদীর ওই প্রলয়নাচন প্রত্যক্ষ করছেন সবজে বাড়ির বারান্দা থেকে। কেউ কেউ মোবাইলে ছবিও তুলে রাখছেন! সর্বার্থেই অভাবনীয়, অকল্পনীয় এক ঘটনাই বটে। নেপালের মহাপ্রলয় বাড়িটিকে নতুন করে যেন চেনাল। এখন নাকি অনেকেই অবাক বিস্ময়ে ছুটে যাচ্ছেন ‘গ্রিন হাউস’ দেখতে। আশপাশের সবকিছুই কার্যত ধুলিসাৎ। কেবলই আকাশের দিকে মুখ উঁচিয়ে দাঁড়িয়ে রয়েছে আশ্চর্য ওই ‘সবুজ বাড়ি’।

● *অনিন্দ্য গাঙ্গুলি*
*চন্দননগর, হুগলি*

### লাখো সেলাম

ইংরেজিতে একটা শব্দ আছে– ‘মেসিয়া’। সহজ অর্থে, ‘ত্রাণকর্তা’। রাজনীতি থেকে খেলার মাঠ—নানা সময়ে নানা ভাবে ব্যবহার হয় এটি। তবে, সাম্প্রতিক সময়ে নেপালের মহাবিপর্যয়ের প্রেক্ষিতে এই অভিধা নিঃসন্দেহ একটি মানুষই পাওয়ার যোগ্য— তিনি রাজেন্দ্র দাওয়াডি। ৪৭ বছরের এই সৌম্যদর্শন মানুষটির জন্যই প্রাণে বেঁচে গিয়েছে দেড় হাজারেরও বেশি খুদে স্কুলপড়ুয়া। নেপালের নুয়াকোট জেলার ত্রিভুবন ত্রিশূলী সেকেন্ডারি স্কুলের প্রিন্সিপাল তথা ইংরেজি শিক্ষক রাজেন্দ্র। ওই মহাপ্রলয়ের দিন সকালে তিনি তখন যথারীতি স্কুলে। ঝলমলে রোদ, ফুরফুরে আকাশ দেখে কারওর কণামাত্রও ধারণা ছিল না যে, কী প্রলয়ঙ্কর কাণ্ড ঘটে যেতে চলেছে আর অল্পক্ষণের মধ্যে। আচমকাই বন্ধুর ফোন পেয়ে রাজেন্দ্র খানিক অনুধাবন করতে পেরেছিলেন, দ্রুতই ধেয়ে আসছে মৃত্যুদূত। নদীর জল তখন ফুলে–ফেঁপে উঠে পাহাড়–সমান উচ্চতায় সর্বগ্রাসী ঘিরে নিয়ে ধেয়ে আসছে। দেরি না করে সক্কাল–সক্কাল বিদ্যালয়ে পৌঁছে যাওয়া কয়েকশো ছাত্রকে নিয়ে তিন তলা স্কুলভবনের বাইরে বেরিয়ে যথাসম্ভব উঁচু জায়গার দিকে ছুটতে শুরু করেন। ততক্ষণে স্কুলের উদ্দেশে পাড়ি দেওয়া বাসচালককে খবর দেন, শিগগিরই ছাত্রদের নিয়ে ফিরে যাওয়ার। হাতে যেটুকু সময় পেয়েছেন রাজেন্দ্র সেই অভিশপ্ত সকালে চেষ্টা করে গিয়েছেন, যত বেশি সম্ভব ছাত্রছাত্রীদের অভিভাবকদের সঙ্গে যোগাযোগ করে আসন্ন বিপদ সম্পর্কে অবহিত করার। ঘটনা হল, রাক্ষুসে হড়পা বানের পেটে ওই সকালে তিন তলা স্কুলবাড়ি তলিয়ে গিয়েছে। কিন্তু ওই মানুষটির জন্য অকালেই মায়ের কোল খালি হয়নি ১ হাজার ৬৪৩ জন শিশুর। রাজেন্দ্র, আপনাকে লাখো সেলাম!



● *সুবীর মজুমদার*
*পূর্বস্থলী, পূর্ব বর্ধমান*

### নেপাল যেন মৃত্যুপুরী

আবার প্রকৃতির রোষে বিপর্যস্ত বসুধা। এবার প্রকৃতির তাণ্ডবে মৃত্যুপুরীতে পরিণত নেপাল। ২৬ আগস্ট, ২০২৬–এ, হিমবাহ ভেঙে বিশাল জলরাশি কালান্তক মূর্তি ধারণ করে নেপালের এক বিশাল অংশকে ধ্বংসস্তূপে পরিণত করল। তীব্র জলের তোড়ের সামনে অসহায় ভাবে মৃত্যুর কোলে ঢলে পড়লেন অসংখ্য মানুষ। ধ্বংস হল প্রচুর ধনসম্পত্তি, রাস্তাঘাট। বহু মানুষ এখনও নিখোঁজ। হদিশ পাওয়া যাচ্ছে না অগণিত পর্যটকের, যার মধ্যে অনেক ভারতীয় পর্যটকও আছেন। চারদিকে হাহাকার, আর্তনাদ, ধ্বংসকে পিছনে ফেলে স্বাভাবিক জীবনে ফেরার জন্য চলছে মানুষের মরণপণ লড়াই। বিভিন্ন দেশের সরকার বাড়িয়ে দিয়েছে সহানুভূতি এবং সহযোগিতার হাত। আশা করা যায়, কিছুদিনের মধ্যেই ছন্দে ফিরবে সেই দেশ। নেপালের নয়নাভিরাম প্রাকৃতিক সৌন্দর্য উপভোগ করতে সে দেশে আবারও ছুটে যাবেন দেশ–বিদেশের পর্যটকরা।



কিন্তু, প্রশ্ন হল, কেন এমন হল? গত এক দশকে হিমালয়–সংলগ্ন অঞ্চলে, বারবার হড়পা বানে ভেসে গিয়েছে অসংখ্য জনপদ, মৃত্যু হয়েছে বহু মানুষের, নষ্ট হয়েছে ভূ–প্রাকৃতিক ভারসাম্য। গ্লেসিয়ার লেক আউটবার্স্ট ফ্লাড–এর ফলে ভেঙে যাওয়া হিমবাহর জল দুরন্ত বেগে নীচের দিকে নেমে এসে তছনছ করে দিয়েছে গ্রাম, শহর, জনপদ।

২০১৮ সালের আগস্ট মাসে কেরলে শতাব্দীর অন্যতম ভয়াবহ হড়পা বান ও ভূমিধস হয়। এছাড়া ২০২৪ সালে কেরলের ওয়েনাড় এলাকায় আকস্মিক বৃষ্টি ও হড়পা বানে ব্যাপক ক্ষয়ক্ষতি হয়। ২০২১ সালের ফেব্রুয়ারি মাসে চামোলি জেলায় হিমবাহ ধসে ধৌলীগঙ্গা ও ঋষিগঙ্গা নদীতে তীব্র হড়পা বান আসে। এছাড়া ২০২৫ ও ২০২৬ সালেও মেঘভাঙা বৃষ্টির জেরে উত্তরাখণ্ডের বিভিন্ন পাহাড়ি এলাকায় হড়পা বান দেখা দেয়। ২০২৩ সালের বর্ষা মরশুমে ভারী বৃষ্টি ও মেঘভাঙার কারণে কুলু, মানালি–সহ বিস্তীর্ণ পাহাড়ি অঞ্চলে হড়পা বান আছড়ে পড়ে, যার ফলে নদী ও রাস্তাঘাট ভেসে যায়। ২০২৩ সালের অক্টোবর মাসে উত্তর সিকিমের লোনাক হ্রদ ফেটে যাওয়ার ফলে তিস্তা নদীতে আচমকা তীব্র হড়পা বান আসে, যা সেনা ছাউনি–সহ বহু ঘরবাড়ি ভাসিয়ে নিয়ে যায়। ২০২২ সালের দুর্গাপুজোর সময় জলপাইগুড়ির মাল নদীতে বিসর্জনের সময় আচমকা হড়পা বান আসায় বেশ কয়েকজন মানুষ ভেসে যান। প্রতি বছরই ব্রহ্মপুত্র ও তার উপনদীগুলির জলস্তর আকস্মিক বৃষ্টির কারণে বেড়ে গিয়ে তীব্র হড়পা বানের সৃষ্টি করে, যাতে বহু মানুষের ক্ষতি হয়। ২০২২ সালের জুলাই মাসে অমরনাথ গুহার কাছে আচমকা মেঘভাঙা বৃষ্টি ও হড়পা বানের সৃষ্টি হয়েছিল। এ ছাড়াও ২০১৩ সালে, উত্তরাখণ্ডের প্রাকৃতিক বিপর্যয়ের স্মৃতি আমাদের মনকে এখনও বিষণ্ণ করে তোলে। ২০২৬ সালের আগস্ট মাসের শেষের দিকে (চলতি সময়ে) নেপাল–তিব্বত সীমান্তে পাহাড়ি হ্রদের জল উপচে এবং ভোটেকোশি ও ত্রিশূলী নদীতে তীব্র হড়পা বান এসেছে। এর ফলে ভারত থেকে যাওয়া বহু পর্যটক ও স্থানীয় মানুষ নিখোঁজ ও ক্ষতিগ্রস্ত হয়েছেন।

বিশেষজ্ঞরা বলছেন, বিশ্বব্যাপী বর্ধিত উষ্ণায়ন, পাহাড়ি অঞ্চলে বেপরোয়া নির্মাণ (হোটেল, রিসর্ট, জলবিদ্যুৎ কেন্দ্র, ট্রেন লাইনের টানেল) প্রাকৃতিক ভারসাম্যকে নষ্ট করছে, ঘনিয়ে আনছে অভূতপূর্ব সঙ্কট। নির্বিচারে গাছপালা কেটে ফেলার কারণে মাটির জল শোষণ করার ক্ষমতা কমে যাচ্ছে। ফলে, বৃষ্টির জল মাটিতে না ঢুকে সরাসরি তীব্র স্রোত আকারে নদীতে বা লোকালয়ে চলে আসছে। পাহাড়ি নদী বা পাহাড়ি খালের অববাহিকায় অপরিকল্পিত বাড়িঘর, রাস্তাঘাট এবং দুর্বল নিষ্কাশন ব্যবস্থা বা ড্রেনেজ সিস্টেমের কারণে জল আটকে যাচ্ছে, যা পরিস্থিতিকে আরও ভয়াবহ করে তুলছে। অধিক মুনাফার আকর্ষণে, উন্নয়নের তাড়নায় মানুষ দিকবিদিক জ্ঞানশূন্য হয়ে ছুটে চলেছে, নিজের হাতে রক্তাক্ত করছে, আহত করছে প্রকৃতিকে। বর্তমান প্রজন্মের পাশাপাশি নেতিবাচক প্রভাব পড়বে ভবিষ্যৎ প্রজন্মেও। এখনও সময় আছে, মানুষ যদি ‘অপরিকল্পিত উন্নয়ন’–এর মারণজাল থেকে বেরিয়ে না আসতে পারে, তবে ‘শেষের সেদিন ভয়ঙ্কর’।

● *শুভাশিস সেনগুপ্ত*
*বাকসাড়া, হাওড়া*

চিঠি লিখুন ইমেলেও priyo_sampadak@aajkaal.net

# বাঙালির ‘গুরু’, বাঙালির উত্তমপুরুষ

**সম্রাট মুখোপাধ্যায়**

১৯৫২ সালের ১১ এপ্রিল কলকাতা জুড়ে উত্তরা–পূরবী–উজ্জ্বলার রিলিজ চেন–এ খুব একটা ঢাকঢোল না পিটিয়েই মুক্তি পেল ‘বসু পরিবার’। পরিচালক নির্মল দে–র ছবি। ছবির নায়ক প্রযোজক সংস্থা এমপি পিকচার্সের মাসমাইনের অভিনেতা উত্তমকুমার চট্টোপাধ্যায়। বিগত পাঁচবছর যাবৎ যিনি ক্রমাগত এক নাগাড়ে সাত–আটখানা ফ্লপ ছবি উপহার দিয়ে গেছেন। এরপরই অবশ্য ইতিহাস অন্য দিকে মোড় নিল।

এমন একজন ‘ব্যর্থ’ নায়ককে নিয়ে বানানো সিনেমার বক্স অফিস বাজার নিয়ে বিরাট কিছু প্রত্যাশা থাকে না। অথচ মজার কথা হল, মুক্তি পাওয়ার পর দ্বিতীয় সপ্তাহ থেকে ছবি জনপ্রিয় হতে শুরু করল এবং শেষমেশ এই ছবি নিজের প্রযোজনা–ব্যয়ের দ্বিগুণ টাকা বাজার থেকে ফেরত আনল!

১৯৫২–র এপ্রিলের মাঝামাঝি মুক্তি পেল এই ছবি আর ঠিক এর দেড় সপ্তাহ আগে বেরিয়েছে বিধানসভা নির্বাচনের ফলাফল। যার ফলে গঠিত হতে যাচ্ছে নবলব্ধ পশ্চিমবঙ্গের প্রথম নির্বাচিত রাজ্য সরকার। এই সন্ধিক্ষণে আসা সিনেমা ‘বসু পরিবার’–এর কাহিনি কী?

সুখেন নামক এক যুবকের নিজের পরিবারকে পুনঃপ্রতিষ্ঠিত করার সংগ্রাম। এমন এক শহরে, যে শহর আর্থিক মন্দায় ভুগছে। দ্বিতীয় বিশ্বযুদ্ধ যে বেকারি–কর্মহীনতার প্রবাহ নিয়ে এসেছিল এ দেশে, তখনও তা কাটেনি। উপরন্তু সদ্যবিভক্ত দেশ, এই বাংলায় এসে আছড়ে পড়েছে শরণার্থী স্রোত। এর বিপরীতে মধ্যবিত্ত লড়াই চালাচ্ছে নিম্নবিত্ত হওয়ার অবনমনে না নামার জন্য। সেই শ্রেণিগত চ্যালেঞ্জটাই এই গল্পের নায়ক সুখেনের সামনেও চ্যালেঞ্জ। সে ফিরিয়ে আনতে চাইছে নিজেদের পুরনো পারিবারিক বৈভব। মনে রাখতে হবে, এই অর্থনৈতিক মন্দার মোকাবিলাটাই সবচেয়ে বড় চ্যালেঞ্জ তখন গঠিত হতে চলা সরকারের কাছেও। যে সরকার স্বাধীন ও বিভক্ত বাংলার প্রথম নির্বাচিত সরকার।

পারবে কি সেই সরকার?

পারবে কি সুখেন?

বাইরের জগতের আর সিনেমার চিত্রনাট্যের সামাজিক–রাজনৈতিক এই কৌতূহল, এই আশঙ্কা যেন এক বিন্দুতে এসে মিশে যাচ্ছিল। আর মিশে যাচ্ছিল বলেই ‘বসু পরিবার’ আর তার নায়কের গল্প হয়ে উঠছিল বৃহত্তর জনসমাজের আশা–আকাঙ্ক্ষার মূর্ত প্রতীক।

উত্তমকুমার নামক যুবকটি হয়ে উঠেছিলেন অসংখ্য বাঙালির কাছে উত্তমপুরুষ। এক আত্মপরিচয়ের নাম।

তারকা বা মহানায়ক কে? এর উত্তর দিতে গিয়ে বিখ্যাত ফরাসি সমাজতাত্ত্বিক রঁলা বার্ত তুলে ধরেছিলেন পর্দার সেই মানুষটির কথা, ‘যে মানুষটির ভেতর একটি গোটা জাতি নিজের যাবতীয় আশা–আকাঙ্ক্ষা, যাবৎ কাল্পনিক সংগ্রাম এবং সুখের প্রতিচ্ছবি দেখতে পায়।’ বলা বাহুল্য, ১৯৫২–৫৩–৫৪ সময়ের ভবানীপুরবাসী যুবক উত্তমকুমারের সিনেমা–প্রতিচ্ছবির ভেতর সেই আশা, সেই স্বপ্নপূরণের স্বাদ খুঁজে পাচ্ছিল সদ্যবিভক্ত দেশে নানা সমস্যায় জর্জরিত বাঙালি। দ্বিতীয় বিশ্বযুদ্ধের পরে প্রথম বিশ্ব থেকে তৃতীয় বিশ্বের বহু দেশেই যেমনটি ঘটছিল। সে হলিউডে মার্লোন ব্র্যান্ডো হোন বা ইতালিয়ান সিনেমায় মার্শেল্লো মাস্ত্রোইয়ানি। মহানায়কদের উত্থান হচ্ছিল নিয়মিত। আমরা বাঙালিরা উত্তমকুমারকে পেয়েছিলাম।

এর দশ মাসের মধ্যেই ওই একই রিলিজ চেন–এ উত্তরা–পূরবী–উজ্জ্বলায় চলে এল ‘সাড়ে চুয়াত্তর’। যৌবন নিয়ে কমেডি। ঠিক বিদ্রুপখচিত ‘স্যাটায়ার’ নয়। আবার একেবারে নিছক নির্মল ‘স্ল্যাপস্টিক’ও নয়। নাটকের ভাষায় বললে খানিকটা ‘বার্লেস্ক’ ঘেঁষা। জীবনের অসঙ্গতিগুলো সেখানে মজাদার ঢঙে দেখা। অসঙ্গতিগুলো কী? প্রবীণের একদিকে যৌবনকে বুঝতে না পারা, অথচ মনের অজান্তে আবার সেই যৌবনের মধুর দিনগুলোয় ফিরতে চাওয়ার গোপন ইচ্ছা। এই ছবি থেকেই শুরু হল উত্তম–সুচিত্রা জুটির পথচলা। বাঙালির নব্য প্রেম–পদাবলির সূচনা। মেসবাড়ির পিতৃতান্ত্রিক বা পুরুষতান্ত্রিক আবহে নায়ক–নায়িকার লুকিয়ে করা প্রেম যেন এক বিদ্রোহ। সেই বিদ্রোহের নায়ক রামপ্রীতি ওরফে উত্তম।

এর পরপরই মুক্তি পাওয়া ছবি ‘ওরা থাকে ওধারে’ আবার আগের দুই ছবির সম্মেলক। একাধারে কমেডি ও জীবনযুদ্ধ। এক ভাঙা বাড়িতে পাশাপাশি থাকা দুই নিম্নবিত্ত পরিবারের ছেলেমেয়েদের প্রেম। উত্তমের পরিবার এই বঙ্গের (বাস্তবেও যা এক), সুচিত্রার পূর্ববঙ্গ থেকে আগত (এখানেও বাস্তব একই)। ফলত, এই প্রেম হয়ে উঠল প্রকারান্তরে ভাঙা দুই বাংলার পুনর্মিলন। পরের ছবি ‘সদানন্দের মেলা’তেও এই মাথার ওপর ছাদ না থাকা ও পুনর্বাসনের যন্ত্রণাচিত্র। এখানেও লড়াইয়ের মূর্ত প্রতীক উত্তম।



এভাবেই বারবার উত্তমের পর্দা–পার্সোনায় জড়িয়ে যাচ্ছিল দু’টি উপাদান। একটি যৌবন, অন্যটি সেই যৌবনের সামনে সদ্য এসে পড়া প্রতিবন্ধকতাগুলি। কখনও যা আত্মপরিচয় খোঁজা (‘বিপাশা’), কখনও পিতৃপরিচয় (‘সবার উপরে’), কখনও শহরে এসে চাকরি বা আত্মপ্রতিষ্ঠা খোঁজা (‘শাপমোচন’), তো কখনও বাসস্থান (‘হাত বাড়ালেই বন্ধু’)— এইসব ‘জার্নি’ ধ্রুবপদের মতো ফিরে ফিরে আসছিল পর্দায়। উত্তম অভিনীত চরিত্রদের মধ্যস্থতায়। এই সব চরিত্ররা নিজেদের যৌবন জলতরঙ্গ দিয়ে তার সমস্যার সমাধান খুঁজে নিচ্ছিল ছবির শেষে। তাতে তৈরি হচ্ছিল এক নব রূপকথা। আর উত্তমকুমার হয়ে উঠছিলেন একটি বড় কালপর্ব জুড়ে বাঙালি যৌবনের জলছবি।

এই ‘যৌবন’ পার্সোনাকে তিনি সচেতন ভাবে বহন করেছেন কিন্তু বহুদিন! তিনি জানতেন লোককথার সুপারহিরোদের মতোই চলচ্চিত্রের সুপারস্টারদের বয়সও বাড়ে না। বাড়তে নেই। পর্দায় তাঁর এই যৌবন–সংলগ্ন হয়ে থাকাটা হচ্ছিল দু’ভাবে।

এক, ভক্তদের দাবি মিটিয়ে বেশ বয়স পর্যন্ত যুবক চরিত্র করে চলা। এই চাপটা বোধহয় সব তারকাকেই নিতে হয়। দুই, প্রৌঢ় বয়সে পৌঁছে বয়সোচিত চরিত্র করতে করতেও সমকালীন যৌবন সম্পর্কে মন্তব্য করে যাওয়া।

প্রথম ধরনের ছবির মধ্যে থেকে গেছে সদ্যবিবাহিত দম্পতির স্ল্যাপস্টিক কমেডি ‘ছদ্মবেশী’, চূড়ান্ত সপ্রতিভ ‘এস্পিওনেজ’ ছবি ‘সব্যসাচী’, কিংবা যে ধরনের মশালা–অ্যাকশন–প্যাকড ছবি তিনি যৌবনেও করেননি সেই ‘অমানুষ’। মনে রাখতে হবে, এইসব ছবি করার সময় তিনি কিন্তু মধ্যচল্লিশ পার করে ফেলছেন বা পঞ্চাশ ছুঁয়ে যাচ্ছেন! তখনও তিনি যৌবনের স্বর রপ্ত রেখেছেন। তাঁদের কাছে তাই তখনও তিনি ‘গুরু’।

কিন্তু পর্দায় যখন তিনি প্রৌঢ়, তখনও তাঁর চরিত্র কিন্তু যৌবনের প্রতিপক্ষ নয়। বরং নিজেদের বয়সের সব সীমাবদ্ধতাকে সরিয়ে রেখে তাঁর অভিনীত সে–সব চরিত্র যৌবনকে চেনার চেষ্টা করছে নানা মাত্রায়। ১৯৭১–এ মুক্তি পেয়েছিল যাত্রিকের ‘এখানে পিঞ্জর’। সেখানে তাঁর চরিত্র একজন লেখকের। যিনি বোঝার চেষ্টা করছেন, রাষ্ট্রের দ্বারা নির্যাতিত তথা পরিত্যক্ত দুই যুবক–যুবতীকে। ঠিক এই সময়টাতেই তাঁর সঙ্গে নাকি নকশালপন্থীদের একটা সমস্যা চলছিল, এমনটাই শোনা যায়। এই ছবি দেখে কিন্তু তার উল্টোটাই মনে হবে। মনে হবে ওই সময়ের কাস্টডিয়াল ডেথ বা যৌবনের অসামাজিকীকরণে পুলিশের ভূমিকা নিয়ে উত্তমকুমারের নিজস্ব কিছু বক্তব্য আছে। মনে রাখতে হবে, এটা কিন্তু সেই সময়, যখন আর পরিচালকেরা চিত্রনাট্য নিয়ে তাঁর কাছে যান না। বরং উত্তম নিজেই চিত্রনাট্যের জন্য কাহিনি পছন্দ করেন, তার স্বত্ব কিনিয়ে নেন বন্ধু প্রযোজকদের দিয়ে এবং তারপর পরিচিত পরিচালকদের বলেন তা থেকে ছবি বানাতে। অর্থাৎ, এসব চরিত্র বাছাই তথা রূপায়ণ তাঁর এক ধরনের নিজস্ব বিবৃতি সমকাল সম্পর্কে। তাঁর ‘সিগনেচার’।

বর্ষীয়ান লেখক আর এক যুবতীর সম্পর্ক নিয়ে এরপর করেছেন ‘বিকেলে ভোরের ফুল’। ‘যদুবংশ’তেও একই ভাবে যৌবনের তাঁকে নিয়ে ‘লাভ–হেট’–এর যুগপৎ রসায়ন। শত অবমাননা সয়েও গনাদা কিন্তু যৌবনকে পছন্দ করেন। এর সঙ্গে ‘অগ্নীশ্বর’–এর শেষাংশের কথাও আসবে। যেখানে তিনি যৌবনকে তাদের পছন্দমতো ‘স্পেস’ ছেড়ে দিতে বেরিয়ে আসছেন নিজের বাড়ি থেকে। ‘বাবা কেন চাকর’–মার্কা সঙ্ঘাতময় বৃত্তে প্রবেশ করছেন না।

বাঙালি সমাজে যৌবনের বজ্রনির্ঘোষের একসময়ের মুখপাত্র তিনি। যৌবনের প্রতি আস্থা ও সম্মান রেখে গেছেন আজীবন নিজের অভিনীত চরিত্রে। যৌবনও তাই তাঁকে যুগের পর যুগ, প্রজন্মের পর প্রজন্ম সম্মান ফিরিয়ে দিতে ভোলেনি।

## বিজেপি-শাসিত রাজ্যের মন্ত্রীদের বিশেষ প্রশিক্ষণ

**বীরেন ভট্টাচার্য**
দিল্লি, ২ সেপ্টেম্বর

দিল্লিতে বিজেপির সদর দপ্তরে হতে চলেছে বিজেপি–শাসিত রাজ্যের মন্ত্রীদের প্রশিক্ষণ। কেন্দ্রীয় বিভিন্ন প্রকল্প থেকে শুরু করে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির ‘বিকশিত ভারত ২০৪৭’–এর সঙ্গে সামঞ্জস্য রেখে রাজ্য সরকারের বিভিন্ন বিষয় নিয়ে এই বৈঠকে আলোচনা হবে। বৃহস্পতিবারের এই বৈঠকে উপস্থিত থাকবেন বিজেপির সর্বভারতীয় সভাপতি নীতিন নবীন, সাধারণ সম্পাদক সংগঠন বিএল সন্তোষ থেকে শুরু করে দলের শীর্ষ নেতারা।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি সম্প্রতি সামাজিক মাধ্যম প্ল্যাটফর্মকে অত্যন্ত গুরুত্ব দিয়েছেন। বিভিন্ন বিষয় নিয়ে রিল তৈরি করে সোশ্যাল মিডিয়ায় পোস্ট করা শুরু করেছেন তিনি। সোশ্যাল মিডিয়া, রিল তৈরির মধ্য দিয়ে জেন জি, জেন আলফা, আধুনিক প্রজন্মের কাছে পৌঁছে যাওয়ার দিকে ফোকাস রেখেছেন প্রধানমন্ত্রী মোদি। সেই বিষয়গুলি কীভাবে রাজ্যের মন্ত্রীরা কার্যকর করবেন, সেই বিষয়ে প্রশিক্ষণ দেওয়া হবে বলে জানা গিয়েছে। প্রতি রাজ্য থেকে অন্তত একজন করে মন্ত্রী প্রতিনিধি হিসেবে উপস্থিত থাকবেন বিজেপির এই প্রশিক্ষণ শিবিরে। বাংলা থেকে উপস্থিত থাকতে পারেন পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন দপ্তরের মন্ত্রী দিলীপ ঘোষ। কেন্দ্রীয় সরকারের প্রকল্পগুলিকে কীভাবে একেবারে তৃণমূলস্তরে পৌঁছে দেওয়া যায়, সেই বিষয় নিয়ে প্রশিক্ষণ দেওয়া হবে। বিশেষ করে, যে সমস্ত রাজ্যে বিজেপি প্রথমবার ক্ষমতায় এসেছে, সেই রাজ্যগুলি এবং যে সমস্ত রাজ্যে কিছু মাস পরেই বিধানসভা নির্বাচন রয়েছে, সেই রাজ্যগুলিকে বিশেষ গুরুত্ব দেওয়া হচ্ছে বলে জানা গিয়েছে। যুবসমাজের জন্য যে সমস্ত প্রকল্প রয়েছে কেন্দ্রীয় সরকারের, সেগুলিতে বিশেষ গুরুত্ব দেওয়া হয়েছে বিজেপির শীর্ষ নেতৃত্বের তরফে। সেগুলির প্রচার এবং মানুষের সামনে তুলে ধরার মধ্যে দিয়েই আগামী প্রজন্মের কাছে পৌঁছোতে চায় বিজেপি।

## রামমন্দির ট্রাস্টের নতুন সিইও প্রাক্তন এয়ার মার্শাল জিতেন্দ্র মিশ্র

**আজকালের প্রতিবেদন**
দিল্লি, ২ সেপ্টেম্বর

ভারতীয় বায়ুসেনার প্রাক্তন এয়ার মার্শাল জিতেন্দ্র মিশ্রকে অযোধ্যার রামমন্দির পরিচালনাকারী শ্রীরাম জন্মভূমি তীর্থ ক্ষেত্র ট্রাস্টের প্রথম মুখ্য কার্যনির্বাহী আধিকারিক (সিইও) হিসাবে নিয়োগ করা হল। বুধবার ট্রাস্টের বৈঠকে এই সিদ্ধান্ত ঘোষণা করা হয়। ‘অপারেশন সিঁদুর’–এর সময় বায়ুসেনার পশ্চিম কমান্ডের নেতৃত্ব দেওয়া মিশ্রের হাতে এ বার রামমন্দিরের প্রশাসনিক দায়িত্ব তুলে দেওয়া হল। রামমন্দিরে আর্থিক তছরুপ বিতর্কের পর থেকে সিইও নিয়োগের তোড়জোড় শুরু হয়। এই পদের জন্য একটি বাছাই কমিটিও তৈরি করা হয়েছিল। অবসরপ্রাপ্ত বিচারপতি প্রমোদ কোহলির নেতৃত্বে তিন সদস্যের ওই বাছাই কমিটি পাঁচ হাজারেরও বেশি আবেদনপত্র খতিয়ে দেখে শেষ পর্যন্ত জিতেন্দ্র মিশ্রকেই সিইও পদের জন্য চূড়ান্ত করেছে।

ট্রাস্টের সাংগঠনিক স্তরেও বড় রদবদল হয়েছে। এতদিন কোষাধ্যক্ষ থাকা গোবিন্দদেব গিরি নতুন মহাসচিব হয়েছেন। ট্রাস্টে নতুন তিন সদস্যও যুক্ত হয়েছেন। তাঁদের মধ্যে রয়েছেন দিল্লির মহেশ ভাগচন্দকা, অযোধ্যার আইনজীবী মদনমোহন পান্ডে এবং শিকোহাবাদের নির্মলা যাদব। নির্মলা যাদব ট্রাস্টের প্রথম মহিলা ট্রাস্টি। দিল্লির মহেশ ভাগচন্দকাকে কোষাধ্যক্ষের দায়িত্ব দেওয়া হয়েছে। উল্লেখ্য, রামমন্দিরের চাঁদাচুরির অভিযোগ ঘিরে বিতর্কের তিন মাসের মাথায় এই সাংগঠনিক পরিবর্তন তাৎপর্যপূর্ণ। ওই ঘটনায় আটজন গ্রেপ্তার হয়েছেন। ২ জুলাই ট্রাস্টের তৎকালীন মহাসচিব চম্পত রাই এবং ট্রাস্টি অনিল মিশ্র ইস্তফা দেন। পরে অবসরপ্রাপ্ত আইএফএস আধিকারিক কৃষ্ণ মোহনকে অস্থায়ী কার্যনির্বাহী মহাসচিব করা হয়েছিল।

## এনসিপিআইকে বাড়তি সময় কেন, প্রশ্ন তৃণমূলের

**আজকালের প্রতিবেদন**
দিল্লি, ২ সেপ্টেম্বর

এনসিপিআই সাংসদদের জবাব দেওয়ার জন্য তিন সপ্তাহ সময় চাওয়ার সমালোচনা করল তৃণমূল। বুধবার দিল্লিতে তৃণমূলের রাজ্যসভার উপদলনেতা সাগরিকা ঘোষ জানান, এই বিষয়টি নিয়ে তাঁরা লোকসভার স্পিকার ওম বিড়লার দ্বারস্থ হবেন। কেন এনসিপিআইকে অতিরিক্ত সময় দেওয়া হচ্ছে, সেই প্রশ্ন তুলেছে তৃণমূলের সংসদীয় নেতৃত্ব।

সাগরিকা ঘোষ এদিন দিল্লিতে সাংবাদিক সম্মেলনে বলেন, ‘কেন অতিরিক্ত সময় দেওয়া হচ্ছে সেটাই স্পষ্ট নয়। সুপ্রিম কোর্টই তো এনসিপিআইয়ে যোগ দেওয়া ২০ জন সাংসদকে সাত দিনের মধ্যে জবাব দিতে বলেছিল। তা হলে কেন আবার তিন সপ্তাহ অতিরিক্ত সময় বরাদ্দ করা হচ্ছে?’ উল্লেখ্য, ২০ জন সাংসদের তৃণমূল ত্যাগ করে এনসিপিআইয়ে যোগ দেওয়ার কারণে তাঁদের পদ খারিজের দাবিতে সুপ্রিম কোর্টের পাশাপাশি স্পিকারের দপ্তরেও আবেদন করেছিলেন তৃণমূলের লোকসভার দলনেতা অভিষেক ব্যানার্জি। সেই আবেদনের প্রেক্ষিতেই স্পিকারের দপ্তরের তরফে চিঠি পাঠিয়ে এনসিপিআইকে সাত দিনের মধ্যে জবাব দিতে বলা হয়। যদিও কয়েকদিন আগেই এনসিপিআইয়ের দলনেতা সুদীপ ব্যানার্জি স্পিকারের কাছ থেকে তিন সপ্তাহ সময় চেয়েছেন। সাগরিকার দাবি, ‘আমাদের আবেদনের ভিত্তিতে তো ২০ জন সাংসদকে নোটিস দেওয়া হয়নি। পুরো বাদল অধিবেশন চলে গেল, তখন কোনও পদক্ষেপ করা হয়নি। সুপ্রিম কোর্টের হস্তক্ষেপে নোটিস পাঠানো হয়েছে।’

## স্থায়ী ট্রাস্টি: বার কাউন্সিলকে প্রশ্ন সুপ্রিম কোর্টের

**আজকালের প্রতিবেদন**
দিল্লি, ২ সেপ্টেম্বর

বার কাউন্সিল অফ ইন্ডিয়া (বিসিআই)–র নির্বাচিত পদাধিকারীরা মেয়াদ শেষ হওয়ার পরেও কীভাবে স্থায়ী ট্রাস্টি থাকতে পারেন, তা নিয়ে প্রশ্ন তুলল সুপ্রিম কোর্ট। বার কাউন্সিল ট্রাস্ট সংক্রান্ত মামলায় প্রধান বিচারপতি সূর্য কান্ত, বিচারপতি জয়মাল্য বাগচী ও বিচারপতি ভি মোহনার বেঞ্চ জানায়, বিসিআই চেয়ারম্যান পদে মাননকুমার মিশ্রের বর্তমান দায়িত্ব ‘প্রোটেম’ বা অন্তর্বর্তীকালীন। নতুন নির্বাচন না হওয়া পর্যন্ত তিনি মূলত দৈনন্দিন কাজ পরিচালনা করবেন। দ্রুত নতুন বিসিআই গঠনের পক্ষপাতী আদালত।

২০২৫ সালের এপ্রিলে বিজ্ঞপ্তি জারি করে মিশ্রের চেয়ারম্যান পদের মেয়াদ ২০৩০ সাল পর্যন্ত বাড়ানোর সিদ্ধান্তের বৈধতা নিয়েও প্রশ্ন উঠেছে। মামলাকারীদের আইনজীবীরা জানান, ২০২০ সালে গঠিত বিসিআই ট্রাস্টের দলিলে বর্তমান পদাধিকারীদের মেয়াদ শেষ হলেও স্থায়ী ম্যানেজিং ট্রাস্টি থাকার সুযোগ রয়েছে। গোয়া ও অমরাবতীতে আইন বিশ্ববিদ্যালয়ের জন্য জমি এবং ট্রাস্টের আর্থিক লেনদেন নিয়েও প্রশ্ন তোলা হয়। বিচারপতি জয়মাল্য বাগচীর মন্তব্য, নির্বাচিত একটি সংস্থা কীভাবে এমন ট্রাস্ট তৈরি করতে পারে, যেখানে তার সদস্যরাই নিজেদের ট্রাস্টির অধিকার স্থায়ী করে নেন, তা খতিয়ে দেখা প্রয়োজন। তবে এখনই নজরদারি কমিটি গঠনের বদলে নতুন বিসিআই গঠনের প্রক্রিয়া দ্রুত শেষ করার পক্ষে আদালত।

### তথ্য

**হিন্দু ধর্মে মাছ হল সধবার প্রতীক। সেকারণেই বিয়ের গায়ে–হলুদ অনুষ্ঠানে একটি বড় মাছকে গায়ে হলুদ সিঁদুর মাখিয়ে তত্ত্ব হিসেবে পাঠানো হয়।**

দে মু


আজকাল পাবলিশার্স প্রাইভেট লিমিটেডের পক্ষে অরুণকুমার ঘোষ কর্তৃক বি পি–৭, সেক্টর–৫, বিধাননগর, কলকাতা–৭০০০৯১ ও অফিস ব্লক, জি–২১২, সিটি সেন্টার, শিলিগুড়ি–৭৩৪০১০ থেকে প্রকাশিত এবং আজকাল পাবলিশার্স প্রাইভেট লিমিটেড, বি পি–৭, সেক্টর–৫, বিধাননগর, কলকাতা–৭০০০৯১ ও সিইআই প্রিন্ট সলিউশন প্রাঃ লিঃ, ৪ মাইল, সেবক রোড, পোঃঅঃ– শালুগাড়া (শালুগাড়া রিলায়েন্স মার্কেটের বিপরীতে), শিলিগুড়ি–৭৩৪০০৮ থেকে মুদ্রিত। **সম্পাদক: অশোক দাশগুপ্ত।** Published from BP–7, Sector–V, Bidhannagar, Kolkata–700091; Office Block, G–212, City Centre, Siliguri–734010 and printed at Aajkaal Publishers Pvt. Ltd., BP–7, Sector–V, Bidhannagar, Kolkata–700091; CEI Print Solution Pvt. Ltd., 4 Mile, Sevoke Road, P.O. Salugara (Opposite to Salugara Reliance Market), Siliguri–734008 by Arun Kumar Ghosh On behalf of Aajkaal Publishers Pvt. Ltd. **Editor: Asoke Dasgupta.** ফোন: (০৩৩) ২৩৬৭৫৫১১ Phone: (033) 23675511, E-mail: mail@aajkaal.net

**REGD. NO. KOL RMS/243/2019–2021 RNI NO: R.N. 37263/81**

## ইতিহাস গড়লেন এভিএম শক্তি শর্মা



ইতিহাস গড়লেন এয়ার ভাইস মার্শাল (এভিএম) শক্তি শর্মা। ভারতীয় প্রতিরক্ষা বাহিনীতে প্রথম মহিলা নন–মেডিক্যাল অফিসার হিসেবে এয়ার ভাইস মার্শাল বা সমমর্যাদার পদে বসেছেন তিনি। মঙ্গলবার এয়ার হেডকোয়ার্টার্সে অ্যাসিস্ট্যান্ট চিফ অব দ্য এয়ার স্টাফ (এডুকেশন) পদের দায়িত্ব নিয়েছেন তিনি। ১৯৯৪ সালের ১৮ জুন ভারতীয় বায়ুসেনার এডুকেশন ব্রাঞ্চে যোগ দেন শক্তি শর্মা। প্রশিক্ষণ প্রতিষ্ঠান, ফিল্ড স্টেশন, কমান্ড হেডকোয়ার্টার্স এবং এয়ার হেডকোয়ার্টার্স–সহ বিভিন্ন গুরুত্বপূর্ণ জায়গায় দায়িত্ব সামলেছেন। কাপুরথালা সৈনিক স্কুলের অধ্যক্ষ হিসেবেও কাজ করেছেন তিনি।

## ব্রিক্স: ভারতে আসছেন গুতেরেস

১৮তম ব্রিকস সম্মেলনে যোগ দিতে ভারতে আসছেন রাষ্ট্রপুঞ্জের মহাসচিব আন্তোনিও গুতেরেস। ১২ এবং ১৩ সেপ্টেম্বর দিল্লির ভারত মণ্ডপমে ব্রিকস সম্মেলন অনুষ্ঠিত হওয়ার কথা রয়েছে। এবার ব্রিকসের চেয়ারম্যান ভারত। সম্মেলনের থিম ‘বিল্ডিং ফর রিসিলেন্স, ইনোভেশন, কোঅপারেশন অ্যান্ড সাসটেনেবিলিটি’। ভারতের বিদেশ মন্ত্রক জানিয়েছে, সদস্য দেশগুলির পাশাপাশি সহযোগী দেশ এবং বিশিষ্টরা একত্রিত হবেন ব্রিকস সম্মেলনে। উল্লেখ্য, ব্রিকসের প্রতিষ্ঠাতা সদস্য ভারত। এর আগে ২০১২, ২০১৬ এবং ২০২১ সালে ব্রিকসের চেয়ারম্যানের দায়িত্ব পালন করেছে ভারত।

## ত্রাণ নিয়ে নেপালে পৌঁছোলেন সোনু সুদ

ক্ষতিগ্রস্তদের জন্য নেপালের রাজধানী কাঠমান্ডুতে এলেন সোনু ও তাঁর সংস্থা ‘সুদ চ্যারিটি ফাউন্ডেশন’–এর সদস্যরা। ক্ষতিগ্রস্তদের কী কী প্রয়োজন, তাঁর দল সরেজমিনে তা খতিয়ে দেখছে। প্রচুর কম্বল, খাবার নিয়ে গেছেন তাঁরা। ৫৩ বছর বয়সি অভিনেতা নেপালে যাওয়ার পরিকল্পনার কথা ঘোষণা করে এক্স–এ পোস্ট করেছিলেন, ‘নেপাল, তুমি একা নও। তোমাকে নতুন করে গড়ে তুলতে খাবার, আশ্রয় আর শক্তি নিয়ে আসছি আমরা।’ সোনু আরও বলেন, ‘সবার এগিয়ে আসা উচিত। সারা বিশ্বে যে যেখানেই আছেন, এগিয়ে আসুন এবং দয়া করে সাহায্য করুন।’

## তামিলনাড়ু: স্মার্টফোন নিষিদ্ধ ৫২ মন্দিরে

তামিলনাড়ুর ৫২টি মন্দিরে স্মার্টফোন নিষিদ্ধ করল বিজয় সরকার। মঙ্গলবার এই নিয়ম লাগু হয়েছে। তবে ক্যামেরাবিহীন ফোন নিয়ে মন্দির চত্বরে ঢোকা যাবে। নতুন নিয়ম অনুযায়ী, মন্দিরে ঢোকার আগে নির্দিষ্ট কাউন্টারে ৫ টাকার বিনিময়ে স্মার্টফোন জমা রাখতে হবে। একটি স্লিপ দেওয়া হবে পুণ্যার্থীদের। পরে সেটি দেখিয়েই ফোন ফেরত নেওয়া যাবে। সম্প্রতি মন্দির চত্বরে ফটো তোলা, রিল বানানো এবং ভিডিও তৈরি নিয়ে একাধিক অভিযোগ এসেছিল তামিলনাড়ু সরকারের কাছে। এরপরই স্মার্টফোন নিষিদ্ধ করার সিদ্ধান্ত নেওয়া হয়।

## ভাঁড়ার উপচে বিদেশি মুদ্রা

ভারতের বিদেশি মুদ্রার ভাণ্ডার উপচে পড়ল। অনাবাসী ভারতীয়দের বদান্যতায় ভাণ্ডারের সঞ্চয় এই মুহূর্তে ৭২৯.৩ বিলিয়ন মার্কিন ডলারে পৌঁছেছে। সর্বকালের রেকর্ড। রিজার্ভ ব্যাঙ্ক অফ ইন্ডিয়া অনাবাসী ভারতীয়দের জন্য একটি সঞ্চয় প্রকল্প চালু করে। সেই প্রকল্পে সাড়া দিয়ে অনাবাসী ভারতীয়রা ১০০ বিলিয়ন ডলার এই প্রকল্পে লগ্নি করেন। আর তাতেই এই সাফল্য। এর ফলে নির্দিষ্ট সময়ের আগেই প্রকল্পটি বন্ধের কথা ঘোষণা করেছে রিজার্ভ ব্যাঙ্ক।

## টাইমস স্কোয়্যারে খুন ব্যাঙ্ক আধিকারিক

টাইমস স্কোয়্যারে ছুরিকাঘাতে মৃত্যু হল ব্যাঙ্ক অফ আমেরিকার অন্যতম ভাইস–প্রেসিডেন্টের। নাম ইরিন পিয়াসেন্টি (৩২)। অভিযোগ, সোমবার বিনা প্ররোচনায় তাঁর ওপর হামলা চালানো হয়। হামলায় জখম হয়েছেন ৬৮ বছরের এক ব্যক্তি। হাসপাতালে চিকিৎসা চলছে তাঁর। অবস্থা স্থিতিশীল। পুলিশের গুলিতে মৃত্যু হয়েছে হামলাকারীর। তার নাম পামেলা সিসনেরোস (৪৯)। ১৮ মাস আগে ব্যাঙ্ক অফ আমেরিকায় যোগ দেন ইরিন। বিজনেস সিলেকশন ও কনফ্লিক্টস ইউনিটের ভাইস–প্রেসিডেন্ট ছিলেন তিনি।



মৃতদের পরিবারের সদস্যদের ডিএনএ সংগ্রহ চলছে। কাঠমান্ডুতে, বুধবার। ছবি: পিটিআই

# নেপালে মৃত ১২০০ পার, নিখোঁজ প্রায় পাঁচ হাজার

**সংবাদ সংস্থা**
কাঠমান্ডু, ২ সেপ্টেম্বর

নেপালে মৃতের সংখ্যা বুধবার ১,২৪৩–এ পৌঁছেছে। নিখোঁজ পাঁচ হাজার ছুঁইছুঁই। ভারতের বিমানবাহিনীর পঞ্চম যুদ্ধবিমান ওষুধ–সহ ১২ টন ত্রাণসামগ্রী এবং ১১ জনের উদ্ধারকারী দল নিয়ে নেপাল উড়ে গেছে।

এদিকে, উদ্ধারকাজ নিয়ে ক্ষোভ বাড়ছে নেপালের বাসিন্দাদের মধ্যে। এদিন ত্রিশূলী ৩এ জলবিদ্যুৎ প্রকল্পের কাজে আটকে–পড়া লোকজনদের উদ্ধারের কাজই শুরু হয়নি বলে দাবি করলেন ওই প্রকল্পে নিযুক্ত নিখোঁজ ইঞ্জিনিয়ারের স্ত্রী। বললেন, ‘সংবাদমাধ্যম বলছে চীন, ভারত থেকে আসা দল উদ্ধারকাজ চালাচ্ছে। সত্যি হল ওখানে একটা জেসিবি মেশিনও পৌঁছোয়নি। নিখোঁজ স্বামীকে উদ্ধার করতে কি ভিক্ষে করতে হবে?’ প্রশ্ন তুললেন নেপাল সরকারের দাবি নিয়েও। উদ্ধারকাজ নিয়ে তীব্র অসন্তোষ প্রকাশ করে মহিলা বলেন, ‘এনইএ সংস্থার ৪০ জন কর্মচারী ত্রিশূলী ৩এ জলবিদ্যুৎ প্রকল্প কেন্দ্রে আটকে, আমার স্বামীও রয়েছেন তাঁদের মধ্যে। কী অবস্থায় আছেন? ওই জলবিদ্যুৎ কেন্দ্রটি সবচেয়ে নিরাপদ জানি বলেই আশা করছি ওঁরা ভাল আছেন। ওঁদের খবর পেতে সরকারি কার্যালয়, সেনাবাহিনীর সদর দপ্তরে ঘুরতে হচ্ছে। সারাদিন সেনাবাহিনীর সদর দপ্তরের বাইরে ঘুরছি। হড়পা বান কতটা ভয়ঙ্কর ছিল তা আমরা পরেরদিনই জানতে পারি, অথচ ছয়–সাত দিন পরেও সেখানে একটা জেসিবি পৌঁছোয়নি। উনি ওখানে দেশের কাজে গিয়েছিলেন, ব্যক্তিগত কাজে নয়।

### উদ্ধারকাজ নিয়ে বাড়ছে ক্ষোভ

সরকারের কোনও দায়বদ্ধতা নেই? স্বামীর জীবন বাঁচাতে আমাকে কি সংবাদমাধ্যমের কাছে ভিক্ষে করতে হবে?’ মহিলা আরও বলেন, ‘সংবাদমাধ্যম থেকে জানতে পারছি আজ ভারতীয় দল আসছে, আজ চীনা দল আসছে। আজ উদ্ধার করা হবে, কাল উদ্ধার করা হবে, স্বরাষ্ট্রমন্ত্রী, বিদেশমন্ত্রী ওখানে গেছেন, পরিবারগুলি মনে করছে আজ কিছু না হলে কাল অথবা পরশু উদ্ধার করা হবে। আশায় আশায় ছ’দিন পেরিয়ে গেছে। প্রতিটা ঘণ্টা, মিনিট কাটানো কঠিন। এটা কোনও সুড়ঙ্গ তৈরির প্রকল্প নাকি? সরকার বলছে আজ দশ মিটার, কুড়ি মিটার এগোনো গেছে। এসব কি? ওদের বাঁচাতে চাইছি নাকি মশকরা করছি?’

# বিপর্যয়ের দায় আমেরিকা, চীন, ভারতের ওপর চাপালেন বলেন্দ্র

**সংবাদ সংস্থা**
কাঠমান্ডু, ২ সেপ্টেম্বর

সবচেয়ে বেশি গ্রিনহাউস গ্যাস নিঃসরণ করে ভারত, চীন এবং আমেরিকা। নেপালে যে মহা বিপর্যয় ঘটেছে, তার ক্ষতিপূরণ তাদেরই দিতে হবে। দাবি নেপালের প্রধানমন্ত্রী বলেন্দ্র শাহের। এই দাবি নিয়ে এ মাসেই রাষ্ট্রপুঞ্জের সাধারণসভায় যাবেন তিনি। আবহাওয়া সংক্রান্ত বিপর্যয়ের বিচার চাইতে পারেন।

পাশাপাশি বলেন্দ্রের বার্তা, ভোটেকোশির বন্যায় নেপাল যে বিপুল ক্ষয়ক্ষতির মধ্যে পড়েছে, তার বিরুদ্ধে ‘সাহস’ এবং ‘দৃঢ়তা’র সঙ্গে লড়তে হবে। তিনি বলেছেন, ‘এই কঠিন সময়ে আমাদের বাস্তবকে মেনে নিতেই হবে। দেশের নেতৃত্বকে সাহস ও ভরসা জোগাতে হবে। চোখের জল ফেললে চলবে না। রাসুয়া, নুয়াকোট, ধাদিং—এই তিনটি জেলাই শুধু ক্ষতিগ্রস্ত হয়নি। সারা দেশ এই ক্ষত বয়ে বেড়াচ্ছে। আমাদের লড়ে যেতেই হবে।’

ইতিমধ্যে রাষ্ট্রপুঞ্জের ক্ষতিপূরণ সংক্রান্ত তহবিল থেকে সাহায্যের আবেদন করেছে নেপাল। ঠিক এক সপ্তাহ আগে হড়পা বানে ধ্বস্ত হয়েছে নেপালের বাগমতী অঞ্চলের জেলার পর জেলা। নেপাল–চীন সীমান্তে বিরাট তুষারঝড় নিয়ে আসে হড়পা বান, বন্যা। বানের তোড়ে কাদা, মাটি চাপা পড়ে মৃতের সংখ্যা হাজার পেরিয়েছে।

নেপালের বিদেশমন্ত্রী শিশির খানালও সরাসরি কার্বন ডাই অক্সাইড, মিথেন, নাইট্রাস অক্সাইড, ক্লোরো ফ্লুরো কার্বনের মতো গ্রিনহাউস নিঃসরণে শীর্ষে ভারত, চীন এবং আমেরিকাকে দুষেছেন। এর ফলে ক্ষতিগ্রস্ত দেশগুলোকে ক্ষতিপূরণ দেওয়ার দায়িত্ব তাদের ওপরেই বর্তায়। বিশেষত যখন নেপালের মতো ছোট দেশকে তার খেসারত দিতে হয়। এক সাক্ষাৎকারে খানাল বলেছেন, ‘শুধু ক্ষতিপূরণ নয়, আমাদের বিচারও চাই।’

ভয়ানক প্রাকৃতিক দুর্যোগে একেবারে নিঃস্ব হয়েছে নেপালের রাসুয়া, নুয়াকোট, ধাদিং জেলা। তাসের ঘরের মতো ভেঙে পড়েছে বাড়িঘর, ভেসে গেছে সেতু, ভেঙেছে পথঘাট। ভেসে গেছে জলবিদ্যুৎ প্রকল্পও। এই অবস্থা থেকে ঘুরে দাঁড়াতে নেপালের দরকার ৫০০ কোটি ডলার, যা তাদের অর্থনীতির ১০ শতাংশ। জানিয়েছেন নেপালের অর্থমন্ত্রী স্বর্ণিম ওয়াগলে।

ইওরোপীয় কমিশনের সাম্প্রতিক রিপোর্ট অনুযায়ী, ২০২৪ সালে সবচেয়ে বেশি গ্রিনহাউস গ্যাস নিঃসরণ করেছে চীন, আমেরিকা এবং ভারত। তবে ভারত জনপ্রতি ৩ টন কার্বন ডাই অক্সাইড নিঃসরণ করে, যা চীন (১১ টন) এবং আমেরিকার (১৭ টন)–এর থেকে অনেক কম।

# ২০০ বছর পর বংশে কন্যাসন্তান নাচগান, ব্যান্ডপার্টি, উৎসব, রথ

**সংবাদ সংস্থা**
মুম্বই, ২ সেপ্টেম্বর

প্রায় ২০০ বছর পর বংশে জন্ম নিয়েছে কন্যাসন্তান। সেই আনন্দে উৎসবে মাতল মহারাষ্ট্রের বিদ জেলার একটি পরিবার। হাসপাতাল থেকে রথে চড়ে বাড়ি ফিরল সদ্যোজাত। নাচগান, ব্যান্ডপার্টি–সহ বরণ করা হল মা–মেয়েকে। বাঁধভাঙা উচ্ছ্বাসের সেই ছবি সমাজমাধ্যমে এখন ভাইরাল। দীর্ঘ চার প্রজন্ম পর ‘লক্ষ্মী’র আগমনে বেজায় খুশি দহিফলে পরিবার। খুদের নাম রাখা হয়েছে গার্গী। তার ঠাকুরদা লিম্বাজি দহিফলে বলেন, ‘প্রায় ২০০ বছর পর পরিবারে কন্যাসন্তান এল। চার প্রজন্মের আক্ষেপ মিটেছে। বৌমাকে আমরা মেয়ের মতোই দেখতাম। হাসপাতাল থেকে নাতনিকে নিয়ে ও রথে চড়ে বাড়ি ফিরেছে। ঢাকঢোল বাজিয়ে বরণ করেছি।’ পরিবারে কন্যাসন্তান জন্ম নেওয়ায় উচ্ছ্বসিত গার্গীর ঠাকুমা সুরেখা দহিফলেও। তিনি বলেন, ‘ঘরে লক্ষ্মী এসেছে। এর চেয়ে আনন্দের কিছু হতে পারে না।’ গার্গীর বাবার কথায়, ‘অনেকেই পুত্রসন্তান আশা করেন। মেয়েকে পাওয়ার আনন্দ ভাষায় প্রকাশ করতে পারব না। বাবা–মেয়ের টান অন্য রকম। ফুলের মতো যত্নে ওকে বড় করে তুলব।’ পরিবারের এই উদ্যোগকে সাধুবাদ জানিয়েছেন সমাজকর্মী অনন্ত ইংলে। তিনি বলেন, ‘কন্যাসন্তানের জন্ম নিয়ে অনেকের মধ্যেই সঙ্কীর্ণ মানসিকতা কাজ করে। দহিফলে পরিবার যেভাবে কন্যাসন্তানকে বরণ করে নিয়েছে, তা নিঃসন্দেহে সমাজকে ইতিবাচক বার্তা দেবে।’



রথে চড়ে বাড়ি ফিরল সদ্যোজাত। ছবি: সংগৃহীত




# বর্ষার তাণ্ডব হিমাচলে, উত্তরাখণ্ডে বাড়ছে মৃত্যু

**সংবাদ সংস্থা**
দেরাদুন, ২ সেপ্টেম্বর

ভারী বৃষ্টিতে বিপর্যস্ত হিমাচল প্রদেশ। দোসর ধস, হড়পা বান। দুর্যোগে বেড়েই চলেছে মৃতের সংখ্যা। রাজ্যের রাজ্য জরুরি অপারেশন কেন্দ্র (এসএওসি)–র তথ্য, গত ৬৪ দিনে বৃষ্টির কারণে ২৫৯ জন প্রাণ হারিয়েছেন। ১৫০টি রাস্তা এখনও বন্ধ। বৃষ্টিতে ক্ষতির পরিমাণ ১২০০ কোটি টাকারও বেশি। এছাড়াও রাজ্য জুড়ে যোগাযোগ ব্যবস্থা বার বার মারাত্মক ভাবে ব্যাহত হয়েছে। সবচেয়ে বেশি রাস্তা বন্ধ রয়েছে মান্ডিতে, ৭৮টি। এরপরেই রয়েছে শিমলা। সেখানে ৩০টি রাস্তা বন্ধ।

মার খেয়েছে জরুরি পরিষেবাগুলিও। ডিটিআরএস–ট্রান্সফর্মার অকেজো হয়ে পড়ে রয়েছে, যার ফলে বেশ কয়েকটি জেলার বিদ্যুৎ সরবরাহে সমস্যা হচ্ছে। জল সরবরাহ নেটওয়ার্কেও বিপর্যয় চলছে, বর্তমানে এরকম ৪০টি প্রকল্প ক্ষতিগ্রস্ত। গত ৩০ জুন থেকে ১ সেপ্টেম্বরের মধ্যে বৃষ্টিতে, জলে ডুবে ও ভূমিধসে এতগুলি প্রাণহানির ঘটনা ঘটেছে। আরও ১৫৩ জন সড়ক দুর্ঘটনায় প্রাণ হারিয়েছেন। দুর্যোগে ৪৬০টি বাড়ি সম্পূর্ণ ক্ষতিগ্রস্ত হয়েছে। মারা গিয়েছে ৪৬০টি পশু।

এদিকে উত্তরাখণ্ডেও মুষলধারে বৃষ্টির জেরে বাড়ি ধস, ভূমিধস এবং হড়পা বানে অন্তত ৭ জনের মৃত্যু হয়েছে। আলমোড়ায় ৭ জনের মৃত্যুর এবং দেরাদুনে একটি গাড়ি ভেসে যাওয়ার পর দু’জনের মৃত্যুর খবর পাওয়া গেছে। প্রতি মুহূর্তে ধসের সম্ভাবনা বাড়ছে। ইতিমধ্যেই দুর্যোগের কারণে রাজ্যে সাত জনের মৃত্যু হয়েছে। ধসের জেরে বহু রাস্তা বন্ধ হয়ে গিয়েছে। আলমোড়া, বাগেশ্বর, নৈনিতালে জারি ভারী বৃষ্টির লাল সতর্কবার্তা। প্রবল বর্ষণের জেরে ব্যাহত দেরাদুন–মুসৌরি মহাসড়কে যান চলাচলও। বিভিন্ন নদীতে জলস্তর বৃদ্ধি এবং আবহাওয়া নিয়ে সতর্কবার্তার কারণে স্কুল বন্ধ রাখা হয়েছে। ধসের জেরে বন্ধ অন্তত ১৭২টি গুরুত্বপূর্ণ রাস্তা। পিথোরাগড়, নৈনিতাল, বাগেশ্বরের দুটি মহাসড়কও এর মধ্যে রয়েছে। হৃষিকেশ, হলদওয়ানি, উধম সিং নগর, সূর্যনগরে বন্যা–পরিস্থিতি তৈরির আশঙ্কা দেখা দিয়েছে। আলমোড়ার ওদ্যুদা গ্রামে একটি বাড়ির দেওয়াল ধসে তিনজনের মৃত্যু হয়। নিহতদের নাম প্রেমা দেবী (৪২), কল্পনা আর্য (১৯) এবং মণীশ কুমার (১৮)। আলমোড়ার ধারকিতুনি এলাকায় একটি পুরনো বাড়ির দেওয়াল ধসে দুই নেপালি শ্রমিকের মৃত্যু হয়। রাজ্য বিপর্যয় মোকাবিলা বাহিনী ঘটনাস্থলে পৌঁছে ধ্বংসাবশেষ সরিয়ে তাঁদের মৃতদেহ উদ্ধার করে জেলা পুলিশের হাতে তুলে দেয়।

## ড্রোনে শব

**সংবাদ সংস্থা**
কাঠমান্ডু, ২ সেপ্টেম্বর

বন্যায় বিপর্যস্ত নেপালের পাহাড়ি অঞ্চলে বাড়তি কাজে মোতায়েন ড্রোন। বিপর্যয়ের ছবি তুলে, অঞ্চলের চক্কর কেটেই ক্ষান্ত হচ্ছে না। মরদেহ তুলে এনে পরিবারের কাছে পাঠিয়ে দেওয়ার গুরুদায়িত্বও পালন করছে। জলোচ্ছ্বাসে ধুয়ে সাফ হয়েছে রাস্তা। এই অবস্থায় ড্রোনই সহায়। গত তিনদিনে নুয়াকোটের দেবীঘাট–৩ থেকে দেবীকোট–৫–এ সাতটি মরদেহ পরিবারের কাছে পৌঁছেছে ড্রোন মারফত।

ক্ষতিগ্রস্ত এলাকাগুলির অন্যতম দেবীঘাট–৩। ওই এলাকায় আটকে পড়া গ্রামবাসীদের মাথার ওপর ঘুরছে এআই প্রযুক্তিতে তৈরি ড্রোন। লাউডস্পিকারে প্রশ্ন করছে, ‘আপনাদের পানীয় জল আছে? খাবার আছে? জল?’ গ্রামবাসীরা হাত তুলে উত্তর দিচ্ছেন। তার ভিত্তিতে কার কী দরকার, পৌঁছে যাচ্ছে। জানাচ্ছেন ড্রোন পাইলট মিলন পাণ্ডে। ‘গত তিনদিনে কম করে দেড় টন খাবার ও ওষুধ পৌঁছে দিয়েছি।’ বললেন তিনি।

# ইরানের বিয়েবাড়িতে মার্কিন হামলা, হত ৫

**সংবাদ সংস্থা**
তেহরান, ২ সেপ্টেম্বর

হরমুজ প্রায় সম্পূর্ণ আমেরিকার নিয়ন্ত্রণাধীন, ইরানের অর্থনীতি ধসে পড়ছে, দাবি করেছেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। মঙ্গলবার রাতভর ইরানে ক্ষেপণাস্ত্র ও ড্রোন হামলা চালায় আমেরিকা। দক্ষিণ ইরানের সিরিকের কুহেস্তাক শহরের একটি বিয়েবাড়িতে আছড়ে পড়ে মার্কিন ক্ষেপণাস্ত্র। চার বছরের এক শিশু–সহ পাঁচজন নিহত হয়। আহত ৬৮ জনের ওপর। বিয়েবাড়িতে মার্কিন হামলার নিন্দা করেছে ইরানের বিদেশ মন্ত্রক। জানিয়েছে, আমেরিকা আগেও হত্যালীলা চালিয়েছে। সেই নিষ্ঠুরতা থেকে এই ঘটনাকে আলাদা করে দেখা যায় না। মাশুল দিতে হবে।

মধ্যপ্রাচ্যে সঙ্ঘাত অবসান লক্ষ্য। কূটনৈতিক স্তরে আলোচনা চলছে। পাকাপোক্ত চুক্তি লক্ষ্য। তোয়াক্কা না করে ট্রুথ সোশ্যালে ট্রাম্প লিখেছেন, ‘ইরানকে আলোচনার টেবিলে এনে দর কষাকষিতে আমি নেই, সে রিপোর্ট ভুয়ো। ওরা অযোগ্য কাউকে দিয়ে সই করালেও আমি পরোয়া করি না। প্রায় সম্পূর্ণ হরমুজ প্রণালী আমাদের নিয়ন্ত্রণে।’

ট্রাম্পের মন্তব্যের পরই মার্কিন বাহিনী তেড়েফুঁড়ে ইরানে হামলা শুরু করে। ইরানের যত্রতত্র হামলা শুরু করেছে। ক্ষেপণাস্ত্র ও ড্রোনের আঘাতে তছনছ একাধিক জনবসতি এলাকা। হরমুজে নিয়ন্ত্রণ নিয়ে ট্রাম্পের দাবি নাকচ করে পাল্টা প্রত্যাঘাত করেছে ইরান। জর্ডন, সংযুক্ত আরব আমিরশাহি, কুয়েত, বাহরিন এবং ইরাকের কুর্দিস্তানে মার্কিন সেনাছাউনিকে নিশানা করে হামলা চালায় ইরান। ইরানের হামলায় জর্ডনের মার্কিন সেনাছাউনি ‘ক্যাম্প টিটিন’ ক্ষতিগ্রস্ত হয়েছে।

## রাহুলের ব্রিটিশ নাগরিকত্বের মামলা খারিজ

**আজকালের প্রতিবেদন**
দিল্লি, ২ সেপ্টেম্বর

কংগ্রেস নেতা তথা লোকসভার বিরোধী দলনেতা রাহুল গান্ধী ব্রিটিশ নাগরিক—এই অভিযোগ তুলে দায়ের হয়েছিল মামলা। কিন্তু সেই অভিযোগের সমর্থনে প্রামাণ্য কোনও নথি পেশ করতে না পারায় মামলা খারিজ করে দিল এলাহাবাদ হাইকোর্ট। মামলাকারীকে রিট আবেদন প্রত্যাহারের অনুমতি দিয়েছে আদালত। বিচারপতি শেখর বি সরাফ এবং বিচারপতি অবধেশ কুমার চৌধুরির বেঞ্চ মামলাটি শুনছিল। আবেদনকারীদের দাবি ছিল, রাহুল গান্ধী ২০০৩ সালে ব্রিটেনে ব্যাকপস লিমিটেড নামে একটি সংস্থা প্রতিষ্ঠা করেছিলেন এবং সেখানে নিজেকে ব্রিটিশ নাগরিক হিসেবে উল্লেখ করেছিলেন। সেই ভিত্তিতেই তাঁর ভারতীয় নাগরিকত্ব ও সাংসদ পদ নিয়ে প্রশ্ন তোলা হয়। আদালত স্পষ্ট ভাবে জানতে চায়, দাবির পক্ষে কী নথি রয়েছে। তবে কোনও নথি দেখাতে পারেননি মামলাকারী।

## এসআইআরে সুপ্রিম হস্তক্ষেপ দাবি সিবালের

**আজকালের প্রতিবেদন**
দিল্লি, ২ সেপ্টেম্বর

ভোটার তালিকার বিশেষ নিবিড় সংশোধন (এসআইআর)–এর মাধ্যমে ভোটার তালিকায় কারচুপি করে বিজেপিকে নির্বাচনী সুবিধা পাইয়ে দেওয়ার চেষ্টা হচ্ছে— এমনই গুরুতর অভিযোগ তুললেন বিশিষ্ট আইনজীবী তথা রাজ্যসভার সাংসদ কপিল সিবাল। একই সঙ্গে ভোটারদের নাম গণহারে বাদ দেওয়ার প্রক্রিয়া বন্ধ করতে সুপ্রিম কোর্টের হস্তক্ষেপ দাবি করলেন তিনি। ঝাড়খণ্ডের গোড্ডা জেলায় বিজেপির এজেন্টরা মূলত সংখ্যালঘু সম্প্রদায়ের ভোটারদের নাম ভোটার তালিকা থেকে বাদ দেওয়ার জন্য আবেদন করছেন, সংবাদমাধ্যমে এই অভিযোগ প্রকাশিত হওয়ার পরেই সিবাল এই দাবি তুলেছেন।

শারদ ১৪৩৩
একসঙ্গে ২ পত্রিকা
আজকাল



বিশেষ আকর্ষণ
অজানা সুভাষচন্দ্র
স্কটিশের দিনগুলি
সুপ্রতিম দাশ
অপ্রকাশিত তারাশঙ্কর
গোবর্দ্ধন অধিকারী
অনুভূতির বিভূতিভূষণ
তৃণাঙ্কুর বন্দ্যোপাধ্যায়
অন্তরঙ্গ শংকর
শ্রীকুমার চট্টোপাধ্যায়
এক বিপ্লবীর লেখা গল্প
সংগ্রহ
সৌম্যব্রত দাশগুপ্ত
সৈকত নিয়োগী
উত্তম উপন্যাস
দীপারুণ ভট্টাচার্য
অচেনা সৌমিত্র
অমিত ধর
সম্রাট মুখোপাধ্যায়
দুষ্প্রাপ্য পত্রিকা
সমীরকুমার ঘোষ
তমাল ভট্টাচার্য
১৬৭ কোটির ছবি
সঞ্জয় ঘোষ

বিনোদন
নতুন গান
অনুপম রায়
সিনেমা সিরিজ
বাবু একেনের বাড়বাড়ন্ত
শ্যামলী আচার্য
সাক্ষাৎকার
সোহাগ সেন,
কার্তিক দাস বাউল
শিবাজি চট্টোপাধ্যায়,
অরুন্ধতী হোমচৌধুরী,
বিক্রম ঘোষ ও জয়া শীল,
স্বাগতালক্ষ্মী দাশগুপ্ত,
কৌশিক সেন ও রেশমি সেন,
রুমা দাশগুপ্ত, রত্না মিত্র,
এক্সপ্লোরার শিবাজী,
শাশ্বতী গুহঠাকুরতা,
সুতপা তালুকদার, অর্ণব,
প্রিয়াঙ্কা সরকার,
অন্বেষা দত্তগুপ্ত,
অতনু রায়চৌধুরী,
বিক্রম চ্যাটার্জি
এবং
রূপম ইসলাম
ফ্যাশন
যিশু সেনগুপ্ত
রুদ্রনীল ঘোষ
ইধিকা পাল
লহমা-সৌম্য

প্রবন্ধ / বিশেষ রচনা
রবীন্দ্রনাথ
পূর্ণেন্দুবিকাশ সরকার
পীতম সেনগুপ্ত
অতনুকুমার বসু
আমার গোয়েন্দারা
পবিত্র সরকার
চোখেই দেবী উদ্ভাসিত
দেবদত্ত গুপ্ত
সত্যজিৎ রায়
দেবাশিস মুখোপাধ্যায়
ঋত্বিক ঘটক
দেবাশিস রায়
ইন্দ্রিয়ের সফটওয়্যার
দীপ্র ভট্টাচার্য
সন্ধিপূজা
অমিতাভ চন্দ
শারদ আজকাল প্রচ্ছদ
অতীন বসাক
বিনোদন প্রচ্ছদ
কৃষ্ণেন্দু মণ্ডল

সাহিত্য
উপন্যাস
রঞ্জন বন্দ্যোপাধ্যায়, ত্রিদিব চট্টোপাধ্যায়
গল্প
অমর মিত্র, স্বপ্নময় চক্রবর্তী, রামকুমার মুখোপাধ্যায়, উজ্জ্বল সিনহা, আশিস গিরি, রাজশ্রী বসু অধিকারী, হিমাদ্রিকিশোর দাশগুপ্ত, প্রশান্ত মাজী, দীপান্বিতা রায়, প্রবুদ্ধ মিত্র, বিতস্তা ঘোষাল, চুমকি চট্টোপাধ্যায়, অপরাজিতা দাশগুপ্ত, মৌমিতা, ময়ূরী মিত্র, রজতশুভ্র মজুমদার, অনুভা নাথ, সমীর গোস্বামী, দেবযানী বসু কুমার, অরূপ বসু
কবিতা
রণজিৎ দাশ, শ্যামলকান্তি দাশ, বীথি চট্টোপাধ্যায়, নির্মল হালদার, পঙ্কজ সাহা, বিনায়ক বন্দ্যোপাধ্যায়, চিত্রা লাহিড়ি, অয়ন বন্দ্যোপাধ্যায়, শিবাশিস মুখোপাধ্যায়, যশোধরা রায়চৌধুরী, সেবন্তী ঘোষ, রজতেন্দ্র মুখোপাধ্যায়, সুস্মেলী দত্ত, রিনা গিরি, বিভাস রায়চৌধুরী, দেবাশিস চন্দ, তন্ময় চক্রবর্তী, সায়ন্তনী ভট্টাচার্য, অভিরূপ মুখোপাধ্যায়, হিন্দোল ভট্টাচার্য, অদিতি বসুরায়, তানিয়া চক্রবর্তী, পৃথ্বী বসু, অংশুমান চক্রবর্তী, ঋত্বিক ত্রিপাঠী, শুক্লা গাঙ্গুলী, সংযুক্তা বসু, সমীরকুমার গুপ্ত, শিবানী মুখার্জি পাণ্ডে, মেঘ বসু, জগন্নাথদেব মণ্ডল, নির্মাল্য মুখোপাধ্যায়, সুনীল চন্দ, অনির্বাণ দাশগুপ্ত, পুষ্কর তরাই, মেখলা সেন, সমুদ্র বসু
রূপকথা
প্রচেত গুপ্ত

প্রকাশিত হবে মহালয়ার আগে
কাগজ-বিক্রেতাবন্ধুকে এখনই বলে রাখুন
দাম ২৫০ টাকা

# পুরস্কৃত তপন রায়



**আজকালের প্রতিবেদন:** সম্মাননা পেলেন তপন রায়। বাংলা টেলিভিশনের অনুষ্ঠানে দীর্ঘ কয়েক দশক ধরে উল্লেখযোগ্য অবদানের জন্য তাঁর হাতে ‘এক্সেলেন্স ইন মিডিয়া ইনোভেশন অ্যান্ড লিডারশিপ অ্যাওয়ার্ড ২০২৬’ তুলে দেন অভিনেতা অজয় দেবগন। মুম্বইতে। মঙ্গলবার। তপনবাবুর নেতৃত্বে একসময় ‘এটিএন বাংলা’ নামে একটি চ্যানেল দুই বাংলার দর্শকদের মধ্যে আলোড়ন তুলেছিল।

# আকাদেমি অফ ফাইন আর্টসে ‘পুরাণ অফুরান’



ভিন্টেজ ডট কমের উদ্যোগে কলকাতার আকাদেমি অফ ফাইন আর্টসের নিউ সাউথ গ্যালারিতে ৩০ আগস্ট শুরু হয়েছে ‘পুরাণ অফুরান’ (‘মিথ কন্টিনিউজ: এপিকস রিইমাজিনড’) নামের একটি প্রদর্শনী। ভারতীয় পুরাণের ওপর এই প্রদর্শনী উদ্বোধন করেন বিশ্বভারতীর কলাভবনের প্রাক্তন প্রিন্সিপাল দিলীপ মিত্র। উপস্থিত ছিলেন বিশিষ্ট পৌরাণিক অঞ্জন সেন। প্রদর্শনী চলবে ৫ সেপ্টেম্বর পর্যন্ত।

# স্নাতকে বিকেন্দ্রীভূত ভর্তির পোর্টাল চালুর প্রক্রিয়া আপাতত স্থগিত

**আজকালের প্রতিবেদন**

স্নাতকে ফাঁকা আসনে পড়ুয়া ভর্তির জন্য বিকেন্দ্রীভূত ভর্তির পোর্টাল আজ, বৃহস্পতিবার চালু হচ্ছে না। বুধবার উচ্চশিক্ষা দপ্তরের পক্ষ থেকে বিভিন্ন কলেজের অধ্যক্ষদের জানানো হয়েছে বিকেন্দ্রীভূত ভর্তি পোর্টাল চালুর প্রক্রিয়া আপাতত স্থগিত করা হয়েছে। এ সংক্রান্ত পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত তা স্থগিত থাকবে। সূত্রের খবর, ইঞ্জিনিয়ারিংয়ের বিকেন্দ্রীভূত ভর্তি প্রক্রিয়া শেষ হওয়ার পর স্নাতকের বিকেন্দ্রীভূত ভর্তি শুরু হবে। যাতে বিজ্ঞানের বিষয়গুলির আসন ফাঁকা থাকার সংখ্যাটা কমে। কারণ এমনিতেই রাজ্য জয়েন্ট এন্ট্রান্স এবং নিট–এর চলতি কাউন্সেলিংয়ের ফলে কলকাতা–সহ রাজ্যের অনেক কলেজেই বিজ্ঞানের বহু আসন ফাঁকা হয়ে গেছে। সোমবার দপ্তরের পক্ষ থেকে আজ থেকে পোর্টাল খুলবে বলে বিজ্ঞপ্তি দিয়ে জানিয়েছিল দপ্তর। এর আগে কয়েক দফায় কেন্দ্রীয় অভিন্ন পোর্টালের মাধ্যমে স্নাতকে ভর্তি প্রক্রিয়া শেষ হয়েছে। জুলাইয়ের প্রথম সপ্তাহ থেকে স্নাতকের প্রথম সেমেস্টারের ক্লাসও শুরু হয়েছে। এতদিন কেন্দ্রীয় ভাবে ভর্তির পর ফাঁকা আসন পূরণের জন্য কলেজগুলির হাতেই ভর্তি প্রক্রিয়া ফিরিয়ে দেওয়া হত। এবারই প্রথম দপ্তরের পক্ষ থেকে ডিসেন্ট্রালাইজড অ্যাডমিশন পোর্টালের মাধ্যমে ভর্তি নেওয়া হবে।

# বাঘের হানায় জখম মৎস্যজীবী

**গৌতম চক্রবর্তী**

বৃষ্টির দুর্যোগের মধ্যেও সঙ্গীদের নিয়ে মাছ ধরতে গিয়েছিলেন। আর ততেই ঘটল বিপদ। বাঘের মুখে পড়লেন তিনি। তবে বাঘ তাঁকে মুখে করে জঙ্গলে নিয়ে যেতে পারেনি। সুন্দরবনে ফের বাঘের আক্রমণে গুরুতর জখম হলেন ওই মৎস্যজীবী। হাসপাতালে তাঁর চিকিৎসা চলছে। এদিকে বেসরকারি হিসাব মতে, ২০২৬ সালে আগস্ট মাস পর্যন্ত বাঘের আক্রমণে আক্রান্ত হলেন ১৩ জন। যার মধ্যে ৯ জনের মৃত্যু হয়েছে। স্থানীয় মানুষ ও পুলিশ সূত্রে জানা গিয়েছে, আহত মৎস্যজীবীর নাম আজিজ মোল্লা (৩৬)। বাড়ি কুলতলির মৈপীঠ নগেনাবাদ এলাকায়। গত মঙ্গলবার বন দপ্তরের অনুমতি নিয়ে ট্রলারে করে ৬ জন সঙ্গীকে নিয়ে মাছ ধরতে গিয়েছিলেন তিনি। সঙ্গীরা হলেন আনচার মোল্লা, হজরত মোল্লা, হাফিজুল মোল্লা, রাজ্জাক মোল্লা ও আলম মোল্লা।

## কচুয়ায় জনসমাগম

**লোকনাথ ব্রহ্মচারীর আবির্ভাব তিথিতে কচুয়া লোকনাথ মন্দিরে উৎসব ঘিরে জনসমাগম শুরু হয়েছে। আজ থেকে শুক্রবার পর্যন্ত কচুয়া লোকনাথ মিশনের উদ্যোগে নানা অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। ভক্তদের ভিড় সামলাতে প্রশাসন ব্যবস্থা নিয়েছে। লোকনাথ মিশনের সহ সভাপতি অলোক দত্ত জানান, বুধবার মন্দিরে এসেছিলেন পানিহাটির বিধায়ক রত্না দেবনাথ। তিনি লোকনাথ মন্দিরে পুজো দেন।**

# টেন্ডার


**GOVERNMENT OF WEST BENGAL**
**TENDER NOTICE**
**e-N.I.T-12 of 2026-27 (Cleaning & Housekeeping Service)**
The C.M.O.H., Purba Bardhaman invites E-Tender for Cleaning & Housekeeping Service at All RH, BPHC & PHC under Purba Bardhaman District vide Tender ID: 2026_HFW_5021148_1. Last Date of Submission of E-Tender on 25/09/2026 at 10.00 AM. Detail information may be obtained from the website www.bardhaman.nic.in and www.wbhealth.gov.in, www.tenders.wb.gov.in or Office of the undersigned. Sd/- C.M.O.H., Purba Bardhaman. ICA-T16781(3)/2026

**GOVERNMENT OF WEST BENGAL**
**e-TENDER NOTICE**
e-NIT No. 06 (Sl 1) of 2026-27 of EE/NHD-I, P.W. (Roads) Directorate invites online e-tender for- 1) Tender ID- 2026_WBPWD_5018482_1. Bid submission start date (online)- 28/05/2026 from 9:00 A.M. Bid submission closing date (online)- 09/09/2026 upto 1:00 P.M. Corrigendum if any will be published in website only. Details of N.I.T. and Tender documents may be downloaded from https://tenders.wb.gov.in Sd/- EE/Nadia Hway Div.-I. ICA-T16860(1)/2026

**GOVERNMENT OF WEST BENGAL**
**PWD TENDER NOTICE**
Executive Engineer, Hooghly Electrical Division, P.W.Dte. invites online e-Tender for the work of **"Replacement of existing old AC machines at the New Circuit House in Chinsurah, Hooghly."** eNIT No.-WBPWD/EE/HED/NIeT-84 of 2026-27. Tender ID : 2026_WBPWD_5021078_1. Bid submission start date (online) : 31/08/2026 from 7:00 P.M. Bid submission closing date (online) : 16/09/2026 upto 02:00 P.M. Corrigendum if any will be published in website only. Details of N.I.T. and Tender documents may be downloaded from : http://wbtenders.gov.in Sd/- Executive Engineer, P.W. Dte., Hooghly Electrical Division. ICA- T16832(3)/2026

**TENDER NOTICE**
**Tenders/quotations are invited for College development Work under RUSA 2.0 in H. M. M. College for Women visit hmmcollege.ac.in**

**GOVERNMENT OF WEST BENGAL**
**INFORMATION WANTED**

This is the photograph of **Mamoni Mandi,** Husband's Name - **Durlav Mandi,** of Vill - Bankati, PO - Patharpara, PS - Goaltore, Dist - Paschim Medinipur. Who has been missing since 16.05.2026. at about 08.00 hrs, Residential area under Goaltore PS, Description of this Missing person is: **Age** - 31 Years (Approx), **Height** - 5Feet 1 Inch (Approx), **Complexion** - Sallow, **Wearing**- Red & White printed Saree, **Language** - Bengali. Please Contact Officer in Charge, Missing Persons Bureau, C.I.D., West Bengal, Bhabani Bhaban, Kolkata-700027, Phone No. 033-24506120.
ICA-D 1333(3)/2026

**GOVERNMENT OF WEST BENGAL**
**INFORMATION WANTED**

This is the photograph of **Baidyanath Hembram,** Father's Name - **Mangal Hembram,** of Vill - Sundargeria, PO - Dobati, PS - Goaltore, Dist - Paschim Medinipur, Who has been missing since 24.02.2026, at about 05.00 hrs, Residential area under Goaltore PS, Description of this Missing person is: **Age** - 38 Years (Approx), **Height** - 5 Feet 2 Inch (Approx), **Complexion** - Fair, **Wearing**- White Shirt & Black Full Pant. Please Contact Officer in Charge, Missing Persons Bureau, C.I.D., West Bengal, Bhabani Bhaban, Kolkata-700027, Phone No. 033-24506120.
ICA-D 1338(3)/2026

**GOVERNMENT OF WEST BENGAL**
**WRI&DD.e-NIT**
Executive Engineer (Agri-Mechanical), Kalyani (Agri-Mechanical) Division, WRI&DD invites e-tender for following Cleaning Of Premises and insecticide application work of office Building and Store of Fulia (Agri-Mechanical) Workshop Sub Division Campus (on an as-needed basis for a period of one year),Tender Amount – Rs.1,74,302.00, vide e-NIT No- 08 (Sl-1), Tender ID- **2026_WRDD_1040070_1. Last dropping date & time is 11/09/2026 up to 11 A.M.** Intending bidders are requested to visit the website https://etender.wb.nic.in for details. Sd/-
Executive Engineer ( Agri-Mechanical), Kalyani ( Agri-Mechanical) Division.
ICA-T16804(1)/2026

**GOVERNMENT OF WEST BENGAL**
**PWD TENDER NOTICE**
Executive Engineer, P.W.D, North 24 Prgs Electrical Division invite online e-Tender for the work of :- **"Repair & renovation of El wiring and installation of metal sign. Board incl. compund lighting at GOVERNMENT INDUSTRIAL TRAINING INSTITUTE BARASAT-1, North 24 Parganas."** NIT/NIQ No : **WBPWD/EE/N24/EL/e-NIQ-69/26-27. Tender Id : 2026_WBPWD_5021353_1.** Bid Submission start date (Online) : 08/09/2026. At 12 Hrs. Bid Submission Closing date (Online) : **22/09/2026** Corrigendum if any will be published website only. Details of NIT & tender documents may be downloaded from **https://tenders.wb.gov.in** Sd/- Executive Engineer, P.W.D, NORTH 24 PARGANAS ELECTRICAL DIVISION.
ICA-T16883(3)/2026

**OFFICE OF THE EXECUTIVE ENGINEER**
**W.B.S.R.D.A., South 24 Parganas Division**
**Panchayats & Rural Development Department, Govt. of West Bengal**
**Address : Garia Commercial Complex, 3rd floor, 105/1, Raja S.C.Mullick Road Kolkata - 700047**
**Mail Id:- wb-s24@pmgsy.nic.in, ee.wbs24pgs@rediffmail.com**
**1st Corrigendum**
The bid submission end date and time for one no. Work vide **NIT No. 01/EE/WBSRDA/S24/SDRF/2026-2027 dt 14.08.2026. Tender Id: 2026_PRD_1038370_34 has been extended upto 07.09.2026 at 5:30 P.M.** All other terms and conditions of the tender remain unchanged.
Sd/-
**Executive Engineer & Head of PIU**
**WBSRDA, South 24 Parganas Division**

**Kamarhati Municipality**
**Memo No –290/KM/PW/26-27**
**1, M.M. Feeder Road, Rathtala, Kolkata-56**
**Date : 01/09/2026**
**E-TENDER NOTICE**
E-Tender is invited by the Executive Officer, Kamarhati Municipality, North 24 Parganas for Comprehensive AMC Contract & operation of 1 nos. 10.50 cum Stationary Compactor and 2 Nos. 14 cum. Moveable Compactor
**NIT No-WBMAD/KM/PW/NIT-3(e)/26-27**
**Tender ID No-2026_MAD_1040331_1**
Bid submission start date: **03/09/2026 at 6:00 P.M**
Bid submission end date: **21/09/2026 at 6:00 P.M.**
Bid opening date: **23/09/2026 at 6:00 P.M.**
**NIT No-WBMAD/KM/PW/NIT-4(e)/26-27**
**Tender ID No-2026_MAD_1040335_1**
Bid submission start date: **03/09/2026 at 6:00 P.M**
Bid submission end date: **21/09/2026 at 6:00 P.M.**
Bid opening date: **23/09/2026 at 6:00 P.M.**
**N.B:** For details and any other information, please visit **Govt. website http://wbtenders.gov.in** this advertisement is also given **http:// Kamarhatimunicipality.org.**
Executive Officer
**Kamarhati Municipality**

**KOLKATA MUNICIPAL CORPORATION e-TENDER**
**ABRIDGED NIT**
**The Dy. Chief Engineer (SWM-I), KMC** invites e-tender percentage rate two bid systems for the following works:
**(1) NIT No. : SWM-I/T.C/07/2026-2027**
Name of the work: **Supply of spare parts with fitting and fixing for maintenance of damaged 100 tri-cycle paddle vans and hand carts under A.D.(SWM-I), in all Wards, under Borough-VII.** Estimated amount (including GST): **₹ 2,96,779.58.**
**(2) NIT No. : SWM-I/T.C/16/2026-2027**
Name of the work: **Supply of spare parts with fitting and fixing for maintenance of damaged 100 tri-cycle paddle vans and hand carts under A.D.(SWM-I), in all Wards, under Borough-XVI.** Estimated amount (including GST): **₹ 2,96,785.84.**
**(3) NIT No. : SWM-I/T.C/15/2026-2027**
Name of the work: **Supply of spare parts with fitting and fixing for maintenance of damaged 100 tri-cycle paddle vans and hand carts under A.D.(SWM-I), in all Wards, under Borough-XV.** Estimated amount (including GST): **₹ 2,96,774.45.**
**(4) NIT No. : SWM-I/T.C/14/2026-2027**
Name of the work: **Supply of spare parts with fitting and fixing for maintenance of damaged 100 tri-cycle paddle vans and hand carts under A.D.(SWM-I), in all Wards, under Borough-XIV.** Estimated amount (including GST): **₹ 2,96,779.58.**
**(5) NIT No. : SWM-I/T.C/13/2026-2027**
Name of the work: **Supply of spare parts with fitting and fixing for maintenance of damaged 100 tri-cycle paddle vans and hand carts under A.D.(SWM-I), in all Wards, under Borough-XIII.** Estimated amount (including GST): **₹ 2,96,774.45.**
**(6) NIT No. : SWM-I/T.C/12/2026-2027**
Name of the work: **Supply of spare parts with fitting and fixing for maintenance of damaged 100 tri-cycle paddle vans and hand carts under A.D.(SWM-I), in all Wards, under Borough-XII.** Estimated amount (including GST): **₹ 2,96,774.45.**
**(7) NIT No. : SWM-I/T.C/11/2026-2027**
Name of the work: **Supply of spare parts with fitting and fixing for maintenance of damaged 100 tri-cycle paddle vans and hand carts under A.D.(SWM-I), in all Wards, under Borough-XI.** Estimated amount (including GST): **₹ 2,96,771.32.**
**(8) NIT No. : SWM-I/T.C/10/2026-2027**
Name of the work: **Supply of spare parts with fitting and fixing for maintenance of damaged 100 tri-cycle paddle vans and hand carts under A.D.(SWM-I), in all Wards, under Borough-X.** Estimated amount (including GST): **₹ 2,96,779.58.**
**(9) NIT No. : SWM-I/T.C/09/2026-2027**
Name of the work: **Supply of spare parts with fitting and fixing for maintenance of damaged 100 tri-cycle paddle vans and hand carts under A.D.(SWM-I), in all Wards, under Borough-IX.** Estimated amount (including GST): **₹ 2,96,771.32.**
**(10) NIT No. : SWM-I/T.C/01/2026-2027**
Name of the work: **Supply of spare parts with fitting and fixing for maintenance of damaged 100 tri-cycle paddle vans and hand carts under A.D.(SWM-I), in all Wards, under Borough-I.** Estimated amount (including GST): **₹ 2,96,765.06.**
**(11) NIT No. : SWM-I/T.C/02/2026-2027**
Name of the work: **Supply of spare parts with fitting and fixing for maintenance of damaged 100 tri-cycle paddle vans and hand carts under A.D.(SWM-I), in all Wards, under Borough-II.** Estimated amount (including GST): **₹ 2,96,782.71.**
**(12) NIT No. : SWM-I/T.C/05/2026-2027**
Name of the work: **Supply of spare parts with fitting and fixing for maintenance of damaged 100 tri-cycle paddle vans and hand carts under A.D.(SWM-I), in all Wards, under Borough-V.** Estimated amount (including GST): **₹ 2,96,774.45.**
**(13) NIT No. : SWM-I/T.C/06/2026-2027**
Name of the work: **Supply of spare parts with fitting and fixing for maintenance of damaged 100 tri-cycle paddle vans and hand carts under A.D.(SWM-I), in all Wards, under Borough-III.** Estimated amount (including GST): **₹ 2,96,779.58.** Earnest money: **₹ 6,000.00 (For Sl. No. 1 to 13).** Time of completion: **45 days (For Sl. No. 1 to 13).** Price of tender: **NIL (For Sl. No. 1 to 13).** Bid submission start (online) date: **07.09.2026 (2 P.M.) (For Sl. No. 1 to 13).** Bid submission closing (online) date: **14.09.2026 (2 P.M.) (For Sl. No. 1 to 13).** Bid opening for technical proposals (online) date: **16.09.2026 (2 P.M.) (For Sl. No. 1 to 13).** The tender documents will be available on and from **07.09.2026 (1 P.M.) (For Sl. No. 1 to 13).** The bid forms and other details are available from the website: **https://wbtenders.gov.in (For Sl. No. 1 to 13).** (433/26-27)

**GOVERNMENT OF WEST BENGAL**
**NOTICE INVITING RE-TENDER**
[(N.I.T. No. 158/Jt.MD/WBSTC dated: – 31.08.2026.)] (A bridged Re – Tender) Re- Tender, in prescribed from in two parts viz. Technical & Financial Bids is invited:-Repair of vessel M.V. Meghmaller. Tender I.D.: 2026_WBSTC_1039734_1 and Tender Ref. No: WBSTC/JMD/MARINE/NIT-33e/25-26_2nd Call. To be Published on 03.09.2026 at 09.00 A.M. Please visit website : www.wbtenders.gov.in Sd/- Jt. Managing Director, For W.B.S.T.C. Ltd.
ICA-T16787(3)/2026

**GOVERNMENT OF WEST BENGAL**
**NOTICE INVITING E-TENDER**
[1]Bid reference no.:- WBMSCL/NIT-732/2026; Dated –27/08/2026
**"Repairing & restoration of existing Fire Detection and Alarm System of Belda Super Speciality Hospital, District- Paschim Medinipur (2nd Call)."** Last date of submission of bid (online) – 18.09.2026 up to 3.00 P.M. The tender document can be downloaded from **www.wbmsc.gov.in & www.wbtenders.gov.in** on or after 03.09.2026 at 3.00 P.M. Clarification requests, if any may be sent to cpee@wbmsc.gov.in.
**Sd/- Managing Director, WBMSCL & Special Secretary to the Govt. of West Bengal, H&FWD** ICA-T16773(3)/2026

**GOVERNMENT OF WEST BENGAL**
**PWD TENDER NOTICE**
Executive Engineer, Asansol Highway Division, P.W. (Roads) Directorate, World Bank N.H. Campus (Behind Asansol Girl's College), Asansol: 713304, invites Online e-NIQ no. 09 of 26-27 for the work : **1)** Supplying in the particular pattern of cement concrete block with BIS certification and spacer nib of size and shape with aspect ratio as per IS-15658 with cement concrete grade not less than M-40 a) Type-I (120 mm thickness) inter locking system supplied at Jamuria and Asansol Stackyeard under Asansol Highway Sub-Division of Asansol Highway Division in the District of Paschim Bardhaman during the year 2026-2027. Note : Materials will be supplied in different phase as per requirement by the Department. Tender ID: 2026_WBPWD_5021546_1, Tender ref. No. WBPWD/Rds/EEAHDeNIQ-09/26-27. Bid Submission Start date (online): from 08.09.2026 from 12.00 PM. Bid Submission closing date (online) UP TO 15.09.2026 up to 14:00 PM. Corrigendum if any will be published in website only. Details of N.I.Q. and Tender documents may be download from : https://tenders.wb.gov.in Sd/-E.E., A.H.D., P.W.(R)D., GOVT OF WB.
ICA-T16875(3)/2026

**GOVERNMENT OF WEST BENGAL**
**NOTICE INVITING E-TENDER**
West Bengal Medical Services Corporation Ltd. is inviting electronic bids for providing Facility Management Services in Multi/Super Specialty Hospitals across West Bengal, Package-A2 as per details indicated in below : **Sl. No.** 1. **Particulars :** Facility Management Services in Multi/Super Specialty Hospitals across West Bengal. Package-A2. **Bid Ref. No.** WBMSCL/NIT-704/2026, Dated - 18.08.2026. **Last date of submission of online bid** 22.09.2026 at 2:00 P.M. **Remarks:** 4th call of the bid reference no.- WBMSCL/NIT-009/2026, Dated-05.01.2026. Interested Bidders may download the tender document and / or submit their bids online at the website **https://tenders.wb.gov.in** The tender document may also be downloaded from the websites **www.wbhealth.gov.in, www.wbmsc.gov.in** Sd/- Managing Director, WBMSCL. ICA-T16774(3)/2026

**OFFICE OF THE RAJARHAT PANCHAYAT SAMITY**
**Rajarhat, North 24 Parganas**
**E-TENDER NOTICE**
Abridged Tender Notice No. - **NIT : 03/ EO/RHTPS/ 2026-27/N24P/WB**, Dated : 31-08-2026. The Last Date & Time of Online submission of Bid is : **07.09.2026, Time 10:00 hours,** other details are available in the office notice board as well as website : **http://tenders.wb.gov.in**
**Executive Officer,**
**Rajarhat Panchayet Samity**

**দক্ষিণ পূর্ব রেলওয়ে — টেন্ডার**
**১(এ) মিঃ রণতোষ দাস, মেসার্স মা মনসা এন্টারপ্রাইজ এর প্রোপ্রাইটর,** বিজয় নগর, পোঃ কাজিপাড়া, থানা বারাসত, জেলা উত্তর ২৪ পরগনা, পশ্চিমবঙ্গ, পিন–৭০০১২৪
**১(বি) জামিনদার: মিসেস সান্তা দাস,** স্বামী রণতোষ দাস, বিজয় নগর, পোঃ কাজিপাড়া, থানা বারাসত, জেলা উত্তর ২৪ পরগনা, পশ্চিমবঙ্গ, পিন–৭০০১২৪

মহাশয়/ মহাশয়া,
সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট আইন, ২০০২–এর ১৩(২) ধারাধীনে **জুগবেড়িয়া শাখার (৯১৪৮৪৩),** গ্রাউন্ড ফ্লোর, সোদপুর–বারাসত রোড, লোকনাথ আশ্রমের নিকটে, উত্তর ২৪ পরগনা, কলকাতা–৭০০১১০, পশ্চিমবঙ্গ–এর অনুমোদিত আধিকারিক দ্বারা আপনাদের লোন অ্যাকাউন্টের প্রেক্ষিতে ব্যাঙ্কের পাওনা অর্থাঙ্ক পরিশোধের জন্য আহ্বান জানিয়ে আপনাদের সর্বশেষ জ্ঞাত ঠিকানায় **২১.০৮.২০২৬** তারিখ সংবলিত বিজ্ঞপ্তিটি প্রেরণ করা হলেও সেটি পরিষেবিত করা সম্ভব হয়নি। সেই কারণে উক্ত দাবি বিজ্ঞপ্তির বিষয়বস্তু এই সংবাদপত্রে প্রকাশ করা হচ্ছে।
আপনাদের তরফে গৃহীত ধার/ ঋণের সুবিধা **২৭.০৭.২০২৬ তারিখে অনুৎপাদক পরিসম্পদ** রূপে শ্রেণিবদ্ধ হয়েছে। উক্ত সুবিধাবলি গ্রহণের সময় আপনারা ঋণের নথিপত্র সম্পাদন করেছিলেন এবং ব্যাঙ্কের অনুকূলে জামিনস্বার্থ গঠন করেছিলেন। ঋণের সুবিধা এবং সুরক্ষিত পরিসম্পদের বিবরণ নিম্নরূপ:
**৩১.০৭.২০২৬ তারিখের ভিত্তিতে গৃহীত ঋণের সুবিধা বাবদ অনাদায়ী মোট বকেয়া অর্থাঙ্ক হল ₹১৪,৬১,০৫৮.৬৯** (চৌদ্দ লক্ষ একষট্টি হাজার আটান্ন টাকা এবং উনসত্তর পয়সা মাত্র)।

**সুরক্ষিত পরিসম্পদ**

উপরিস্থিত দোতলা বাড়ি সহ ১ কাঠা, ৭ ছটাক, ৪০ বর্গফুট জমির প্লটের সমগ্র ও অবিচ্ছেদ্য অংশ, যার অবস্থান: মৌজা–বনমালিপুর, পরগনা আনোয়ারপুর, তৌজি নং ১৪৬, জে এল নং ৮০, রে সা নং ২২৬, আর এস ও এল আর দাগ নং ৩০৭/৩৬৯, ৩০৭/৩৭০, আর এস খতিয়ান নং ১১৭, এল আর খতিয়ান নং ১১৭/১, থানা বারাসত, বারাসত পুরসভার হোল্ডিং নং এন৭, ওয়ার্ড ন ১০, যশোর রোড (ইস্ট), অ্যাডিশনাল ডিস্ট্রিক্ট সাব রেজিস্ট্রার বারাসত, উত্তর ২৪ পরগনা, **সান্তা দাস, স্বামী রণতোষ দাস এর নামে। উক্ত প্রেমিসেসের চৌহদ্দি:** উত্তর: প্লট নং বি ও ৬ ফুট কমন রাস্তা; দক্ষিণ: শম্ভু নাথ দাস, অরূপ ঘোষ ও অন্যদের সম্পত্তি; পূর্ব: প্লট নং বি ও ৫ ফুট কমন রাস্তা; পশ্চিম: সমীর ভট্টাচার্যর সম্পত্তি।

সেই কারণে, এই বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ থেকে ৬০ দিনের মধ্যে ভবিষ্যতের সুদ এবং চার্জ সহ উপরোক্ত নোটিসের শর্তাবলী অনুসারে **₹১৪,৬১,০৫৮.৬৯** (চৌদ্দ লক্ষ একষট্টি হাজার আটান্ন টাকা এবং উনসত্তর পয়সা মাত্র) আদায় দিতে ঋণগ্রহীতারূপে আপনাদের প্রতি আহ্বান জানানো হচ্ছে, যার অন্যথা হলে উক্ত সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২–এর ১৩(৪) ধারাধীনে উপলব্ধ যে কোনও বা সমস্ত অধিকার প্রয়োগে সুরক্ষিত ঋণদাতা বাধ্য হবে। উক্ত আইনের ১৩(১৩) ধারাধীনে, এই বিজ্ঞপ্তি প্রাপ্তির পরে ব্যাঙ্কের লিখিত অনুমোদন ছাড়া উপরোক্ত সুরক্ষিত পরিসম্পদগুলি বিক্রি বা লেনদেনে আপনাদের প্রতি নিষেধাজ্ঞা জারি করা হচ্ছে। সুরক্ষিত পরিসম্পদ ছাড়িয়ে নিতে প্রাপ্য সময়সীমা বিষয়ে সারফায়েসি অ্যাক্টের ১৩ নং ধারার (৮) নং উপধারার সংস্থানগুলির প্রতি আপনাদের মনোযোগ আকর্ষণ করা হচ্ছে।

আপনাদের আস্থাভাজন,
**অনুমোদিত আধিকারিক**

---

## রসেল টেকসিস লিমিটেড

সিআইএন: L29299WB2022PLC258641
নিবন্ধিত কার্যালয়: জিন্দাল টাওয়ার্স, ব্লক ‘বি’, ৫ম তলা, ২১/১এ/৩, দরগা রোড, কলকাতা – ৭০০০১৭
পশ্চিমবঙ্গ, ভারত
ওয়েবসাইট: www.rosselltechsys.com, ই–মেইল: investor@rosselltechsys.com

### চতুর্থ বার্ষিক সাধারণ সভার বিজ্ঞপ্তি, রিমোট ই–ভোটিং সংক্রান্ত তথ্য এবং রেকর্ড ডেট

এতদ্বারা বিজ্ঞপ্তি দেওয়া হচ্ছে যে, রসেল টেকসিস লিমিটেড (‘কোম্পানি’)–এর সদস্যদের চতুর্থ বার্ষিক সাধারণ সভা (‘এজিএম’) আগামী বৃহস্পতিবার, ২৪ সেপ্টেম্বর, ২০২৬ সকাল ১১:০০ টায় (ভা স) ভিডিও কনফারেন্সিং (‘ভিসি’) / অন্যান্য অডিও ভিজ্যুয়াল মাধ্যম (‘ওএভিএম’)–এর মাধ্যমে অনুষ্ঠিত হবে। বিজ্ঞপ্তিতে উল্লেখিত কার্যাবলী সম্পাদনের জন্য কোম্পানি আইন, ২০১৩–এর প্রযোজ্য বিধানসমূহ, এর অধীনে প্রণীত নিয়মাবলী, সেবি (লিস্টিং অবলিগেশনস অ্যান্ড ডিসক্লোজার রিকোয়ারমেন্টস) রেগুলেশনস, ২০১৫ এবং কর্পোরেট বিষয়ক মন্ত্রক ও সেবি কর্তৃক সময়ে সময়ে জারিকৃত সার্কুলারগুলি মেনে এই সভা অনুষ্ঠিত হবে।
২০২৫–২৬ আর্থিক বছরের বার্ষিক প্রতিবেদন সহ এজিএম–এর বিজ্ঞপ্তি ১ সেপ্টেম্বর, ২০২৬ তারিখে বৈদ্যুতিন মাধ্যমে সেইসব সদস্যদের পাঠানো হয়েছে যাঁদের ই–মেইল ঠিকানা তাঁদের নিজ নিজ ডিপোজিটরি পার্টিসিপ্যান্টদের কাছে নিবন্ধিত রয়েছে। এজিএম–এর বিজ্ঞপ্তি এবং বার্ষিক প্রতিবেদন কোম্পানির ওয়েবসাইট রসেল টেকসিস: শেয়ারহোল্ডার তথ্য–এ, বিএসই লিমিটেডের ওয়েবসাইট www.bseindia.com–এ, ন্যাশনাল স্টক এক্সচেঞ্জ অফ ইন্ডিয়া লিমিটেডের ওয়েবসাইট www.nseindia.com–এ এবং ন্যাশনাল সিকিউরিটিজ ডিপোজিটরি লিমিটেড (‘এনএসডিএল’)–এর ওয়েবসাইট www.evoting.nsdl.com–এ উপলব্ধ রয়েছে।
সদস্যরা শুধুমাত্র ভিসি/ওএভিএম সুবিধার মাধ্যমে এজিএম–এ উপস্থিত থাকতে এবং অংশগ্রহণ করতে পারবেন। যেহেতু এজিএম ভিসি/ওএভিএম–এর মাধ্যমে পরিচালিত হচ্ছে, তাই এই এজিএম–এর জন্য প্রক্সি নিয়োগের সুবিধা উপলব্ধ থাকবে না। ভিসি/ওএভিএম–এর মাধ্যমে এজিএম–এ উপস্থিত থাকার জন্য নিজেদের প্রতিনিধিদের অনুমোদন করতে ইচ্ছুক কর্পোরেট সদস্যদের এজিএম–এর বিজ্ঞপ্তিতে উল্লেখিত পদ্ধতি অনুসরণ করার জন্য অনুরোধ করা হচ্ছে।
কোম্পানি আইন, ২০১৩–এর ধারা ১০৮ এবং কোম্পানি (ম্যানেজমেন্ট অ্যান্ড অ্যাডমিনিস্ট্রেশন) রুলস, ২০১৪ এবং সেবি লিস্টিং রেগুলেশনস–এর রেগুলেশন ৪৪ অনুসারে, কোম্পানি এনএসডিএল–এর মাধ্যমে রিমোট ই–ভোটিং এবং এজিএম চলাকালীন ই–ভোটিং–এর সুবিধা প্রদান করছে।

**রিমোট ই–ভোটিং–এর বিবরণ নিম্নরূপ:**

| | |
|---|---|
| এজিএম–এ অংশগ্রহণ এবং ভোটদানের যোগ্যতা নির্ধারণের জন্য কাট–অফ ডেট | বৃহস্পতিবার, ১৭ সেপ্টেম্বর, ২০২৬ |
| রিমোট ই–ভোটিং শুরুর সময় | রবিবার, ২০ সেপ্টেম্বর, ২০২৬ সকাল ৯:০০ টা (ভা স) |
| রিমোট ই–ভোটিং শেষের সময় | বুধবার, ২৩ সেপ্টেম্বর, ২০২৬ বিকাল ৫:০০ টা (ভা স) |

এর পরে রিমোট ই–ভোটিং মডিউলটি এনএসডিএল দ্বারা নিষ্ক্রিয় করা হবে। ভিসি/ওএভিএম–এর মাধ্যমে এজিএম–এ অংশগ্রহণকারী যেসকল সদস্যরা রিমোট ই–ভোটিং–এর মাধ্যমে তাঁদের ভোট দেননি, তাঁরা এজিএম চলাকালীন ভোট দেওয়ার অধিকারী হবেন।
রিমোট ই–ভোটিং প্রক্রিয়া এবং এজিএম চলাকালীন ই–ভোটিং সুষ্ঠু ও স্বচ্ছভাবে পর্যবেক্ষণ করার জন্য পরিচালনা পর্ষদ স্ক্রুটিনাইজার হিসেবে বিএমপি অ্যান্ড কোং এলএলপি, কোম্পানি সেক্রেটারিজ–এর পার্টনার শ্রী প্রমোদ এস এম–কে নিযুক্ত করেছেন। স্ক্রুটিনাইজারের রিপোর্ট সহ ভোটদানের ফলাফল নির্দিষ্ট সময়সীমার মধ্যে ঘোষণা করা হবে এবং এটি কোম্পানি ও এনএসডিএল–এর ওয়েবসাইটে উপলব্ধ করা হবে, এবং পাশাপাশি বিএসই লিমিটেড ও ন্যাশনাল স্টক এক্সচেঞ্জ অফ ইন্ডিয়া লিমিটেডকেও জানানো হবে।
পরিচালন পর্ষদ ৩১ মার্চ, ২০২৬ তারিখে সমাপ্ত আর্থিক বছরের জন্য প্রতিটি ₹ ২ ফেসভ্যালুর ইক্যুইটি শেয়ার পিছু ₹ ০.৩০ চূড়ান্ত লভ্যাংশ দেওয়ার সুপারিশ করেছেন, যা এজিএম–এ সদস্যদের অনুমোদনের সাপেক্ষ। উক্ত চূড়ান্ত লভ্যাংশ পাওয়ার জন্য সদস্যদের যোগ্যতা নির্ধারণের উদ্দেশ্যে কোম্পানি বৃহস্পতিবার, ১৭ সেপ্টেম্বর, ২০২৬ তারিখটিকে রেকর্ড তারিখ হিসেবে নির্ধারণ করেছে। এজিএম–এ ঘোষণার পর, রেকর্ড তারিখ অনুযায়ী ডিপোজিটরির রেকর্ডে যেসকল সদস্যদের নাম থাকবে, তাঁদের নির্দিষ্ট সময়সীমার মধ্যে উক্ত লভ্যাংশ প্রদান করা হবে, যা প্রযোজ্য ক্ষেত্রে উৎসে কর কর্তন–এর সাপেক্ষ। সদস্যদের তাঁদের ই–মেইল ঠিকানা, মোবাইল নম্বর, প্যান, ব্যাঙ্ক অ্যাকাউন্টের বিবরণ এবং নমিনেশন সংক্রান্ত তথ্য তাঁদের নিজ নিজ ডিপোজিটরি পার্টিসিপ্যান্টদের কাছে আপডেট করার জন্য অনুরোধ করা হচ্ছে।
ভিসি/ওএভিএম–এর মাধ্যমে এজিএম–এ অংশগ্রহণ, রিমোট ই–ভোটিং এবং এজিএম চলাকালীন ই–ভোটিং সম্পর্কিত বিস্তারিত নির্দেশিকা এজিএম–এর বিজ্ঞপ্তিতে প্রদান করা হয়েছে। ই–ভোটিং সম্পর্কিত কোনো প্রশ্নের ক্ষেত্রে, সদস্যরা www.evoting.nsdl.com–এ উপলব্ধ ফ্রিকোয়েন্টলি আস্কড কোয়েশ্চেনস (এফএকিউ) এবং ই–ভোটিং ইউজার ম্যানুয়াল দেখতে পারেন অথবা এজিএম–এর বিজ্ঞপ্তিতে উল্লেখিত যোগাযোগের বিবরণ ব্যবহার করে এনএসডিএল–এর সাথে যোগাযোগ করতে পারেন।

**রসেল টেকসিস লিমিটেড**–এর পরিচালনা পর্ষদের আদেশে
স্বা/–
**কৃষ্ণাপ্পায়্যা দেশাই**
কোম্পানি সেক্রেটারি এবং কমপ্লায়েন্স অফিসার
মেম্বারশিপ নং এ৬১২৮১

স্থান: বেঙ্গালুরু
তারিখ: ২ সেপ্টেম্বর, ২০২৬

---






---

## দাবি বিজ্ঞপ্তি

যেহেতু অ্যাসেট রিকনস্ট্রাকশন কোম্পানি (ইন্ডিয়া) লিমিটেড (নিম্নলিখিত ট্রাস্টগুলির ট্রাস্টি হিসেবে ক্ষমতাবলে ক্রিয়ারত) (এখানে এর পরে ‘এআরসিআইএল’ হিসেবে উল্লিখিত) হল কোম্পানিজ অ্যাক্ট, ১৯৫৬–এর অধীনে গঠিত ও সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২ (এখানে এর পরে ‘সারফায়েসি অ্যাক্ট’ হিসেবে উল্লিখিত) অনুসারে ভারতীয় রিজার্ভ ব্যাঙ্কে নিবন্ধীকৃত একটি অ্যাসেট রিকনস্ট্রাকশন কোম্পানি; এবং যেহেতু এখানে নীচে প্রদর্শিত তালিকার ২ নং কলামে উল্লিখিত ঋণগ্রহীতাগণ/ সহ–ঋণগ্রহীতাগণ প্রকৃত ঋণদাতাদের থেকে ঋণের সুবিধা গ্রহণ করেছিলেন এবং যেহেতু এআরসিআইএল এখানে নীচের তালিকায় উল্লিখিত লোন অ্যাকাউন্টগুলির প্রেক্ষিতে সম্পর্কিত আর্থিক পরিসম্পদগুলি অধিগ্রহণ করেছে; এবং যেহেতু উক্ত অ্যাক্টের অধীনে সুরক্ষিত ঋণদাতা রূপে এআরসিআইএল সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২–এর রুল ২–সহ পঠনীয় উক্ত অ্যাক্টের ১৩(২) ধারাধীনে প্রাপ্ত ক্ষমতাবলে এখানে নীচের টেবিলে উল্লিখিত ঋণগ্রহীতাগণ/ সহ–ঋণগ্রহীতাগণ–এর প্রতি দাবি বিজ্ঞপ্তি জারি করেছিল যার মাধ্যমে উক্ত বিজ্ঞপ্তির তারিখ থেকে ৬০ দিনের মধ্যে বিজ্ঞপ্তিতে দাবিকৃত অর্থাঙ্ক অপ্রযুক্ত সুদ সমেত আদায় দেওয়ার জন্য তাঁদের প্রতি আহ্বান জানানো হয়েছিল, কিন্তু বিভিন্ন কারণে তাঁদের কয়েকজনের প্রতি ওই বিজ্ঞপ্তি(গুলি) পরিষেবিত করা সম্ভব হয়নি।

| ক্রম নং | লোন অ্যাকাউন্ট নং/ প্রকৃত ঋণদাতার নাম/ দাবি বিজ্ঞপ্তির তারিখ/ ট্রাস্টের নাম | ঋণগ্রহীতা/ সহ–ঋণগ্রহীতার নাম | দাবি বিজ্ঞপ্তির তারিখে মোট অনাদায়ী অর্থাঙ্ক (₹) |
|---|---|---|---|
| ১) | এলএএন: ৭০১৭০০০০০০০০৬৫১ প্রকৃত ঋণদাতা: বন্ধন ব্যাঙ্ক দাবি বিজ্ঞপ্তির তারিখ: ০৭.০৮.২০২৬ ট্রাস্টের নাম: এআরসিআইএল ২০২৪সি–০০৪–ট্রাস্ট | প্রয়াত আলাউদ্দিন মণ্ডল / আলবানু মণ্ডল | ₹৯,৯৮,৪৭৬.১৫/– ৫ আগস্ট, ২০২৬ অনুযায়ী |
| **সম্পত্তির বিবরণ:** কমবেশি ১১ ডেসিমেল জমির অপরিহার্য সমগ্র পরিমাণ যার স্থিতি ও বিবরণ: মৌজা– রুক্মিণী ডাঙ্গা, জে.এল. নং ১২৫, তৌজি নং ১৯, এল আর প্লট নং ৭১৯, ৭২০ এবং ৭১৮/৯৪৫, হাল খতিয়ান নং ৬০, গ্রাম পঞ্চায়েত– ঘেটুগাছি, থানা ও এডিএসআরও– চাকদহ, চাকদহের সাব–রেজিস্ট্রার অফিসের মধ্যে, জেলা– নদিয়া, পশ্চিমবঙ্গ। জমির চৌহদ্দি ও চতুর্সীমা: উত্তর– দলিল অনুযায়ী; দক্ষিণ– দলিল অনুযায়ী; পূর্ব– দলিল অনুযায়ী; পশ্চিম– দলিল অনুযায়ী। | | | |
| ২) | এলএএন: এসএলপিএইচকেএলকেটি০০০০৩৫৫ প্রকৃত ঋণদাতা: শ্রীরাম হাউজিং ফিনান্স লিমিটেড দাবি বিজ্ঞপ্তির তারিখ: ০৭.০৮.২০২৬ ট্রাস্টের নাম: এআরসিআইএল–রিটেল–লোন–পোর্টফোলিও–০৪৫–সি–ট্রাস্ট | সুদীপা বিশ্বাস বসু / কাজল বিশ্বাস | ₹১,২৫,১৯,৬৮১.৯৯ ৬ আগস্ট, ২০২৬ অনুযায়ী |
| **সম্পত্তির বিবরণ:** ১০০ বর্গফুট মাপের কাঠামো সহ ৩ কাঠা, ১ ছটাক, ৭ বর্গফুট (৫.০৭ ডেসিমেলের সমতুল) জমির অপরিহার্য সমগ্র পরিমাণ যার স্থিতি ও বিবরণ: মৌজা– হালিশহর, জে.এল. নং ০৬, তৌজি নং ৩৩৯ (হাল নং ০৩), রে সা নং ৩৭, আর এস দাগ নং ৩৫৩, এল আর দাগ নং ৮৬১, আর এস খতিয়ান নং ৩৬৩৯, এল আর খতিয়ান নং ৭৮৮৯, নতুন খতিয়ান নং ১৮১৬২, পুর হোল্ডিং নং ২০৬/২০৮/১৯৭, আচার্য পাড়া লেন, ওয়ার্ড নং ০৩, হালিশহর পুরসভার এলাকাধীন, থানা– বীজপুর, এডিএসআরও– নৈহাটি, জেলা– উত্তর ২৪ পরগনা, পশ্চিমবঙ্গ। জমির চৌহদ্দি ও চতুর্সীমা: উত্তর– অভি ভূষণ সরকার; দক্ষিণ– শান্তি লাল দে; পূর্ব– বঙ্কিম সরকার; পশ্চিম– ১২ ফুট চওড়া পুর রাস্তা। | | | |
| ৩) | এলএএন: ১৩৯৯৫৩৪৫ প্রকৃত ঋণদাতা: আইডিএফসি ফার্স্ট ব্যাঙ্ক লিমিটেড দাবি বিজ্ঞপ্তির তারিখ: ১৩.০৮.২০২৬ ট্রাস্টের নাম: এআরসিআইএল–ট্রাস্ট–২০২৫সি–০০৮ | অমিত চৌধুরী / অনিতা চৌধুরী / অমৃত ক্রিয়েশনস্‌ | ₹৩২,৫৩,৫৭৭.৭৩ ৭ আগস্ট, ২০২৬ অনুযায়ী |
| **সম্পত্তির বিবরণ:** ১ কাঠা ২ ছটাক ৩৫ বর্গ ফুট জমির উপরে বা তার অংশবিশেষে নির্মিত ভবনের নিচতলায় প্রায় ১২০ বর্গ ফুট মাপের একটি দোকানঘর এবং তার ওপর অবস্থিত ৮৪৫ বর্গফুটের একতলা ভবনের সমগ্র ও অবিচ্ছেদ্য অংশ, প্রেমিসেস নং ৪৮, গোরচাঁদ রোড, পূর্বে যা ৪৮/১, গোরাচাঁদ রোড নামে পরিচিত ছিল, কলকাতা - ৭০০০১৪, জেলা– দক্ষিণ ২৪ পরগনা, থানা– বেনিয়াপুকুর, কলকাতা পুরসভার পরিধির মধ্যে, ওয়ার্ড নং ৬০, জমির আনুপাতিক অংশ এবং মালিকদের প্রাপ্য সাধারণ পথ, চলাচলের রাস্তা, সীমানা প্রাচীর, সাধারণ সুযোগ–সুবিধা এবং অন্যান্য এজমালি ও আধা–এজমালি সহ। জমির চৌহদ্দি ও চতুর্সীমা: উত্তর– দলিল অনুযায়ী; দক্ষিণ– দলিল অনুযায়ী; পূর্ব– দলিল অনুযায়ী; পশ্চিম– দলিল অনুযায়ী। | | | |
| ৪) | এলএএন: ৭১১৭০০০০০০৫৬২৯ প্রকৃত ঋণদাতা: বন্ধন ব্যাঙ্ক লিমিটেড দাবি বিজ্ঞপ্তির তারিখ: ১৪.০৮.২০২৬ ট্রাস্টের নাম: এআরসিআইএল ২০২৪সি–০০৪ ট্রাস্ট | মমজাত আলি সর্দার / জোহরা বিবি | ₹৯,৬৮,৭৫৬.৯৩ ১৩ আগস্ট, ২০২৬ অনুযায়ী |
| **সম্পত্তির বিবরণ:** ৯ ডেসিমেল জমির অপরিহার্য সমগ্র পরিমাণ যার স্থিতি ও বিবরণ: জেলা– উত্তর ২৪ পরগনা, থানা– স্বরূপনগর, অতিরিক্ত জেলা সাব–রেজিস্ট্রার অফিস– হাতাতগঞ্জ, মৌজা– মির্জাপুর, জে.এল. নং ০৭, তৌজি নং ২০১৫, এল আর খতিয়ান নং ৩৭৯ এবং ৪৪৭, এল আর দাগ নং ৪২০, গ্রাম পঞ্চায়েত– টেনপুট মির্জাপুর, পশ্চিমবঙ্গ। জমির চৌহদ্দি ও চতুর্সীমা: উত্তর– ইসমাইল মণ্ডলের সম্পত্তি; দক্ষিণ– কৃষ্ণপদ বিশ্বাসের সম্পত্তি; পূর্ব– ফজলু সর্দারের সম্পত্তি; পশ্চিম– জুম্মনের সম্পত্তি। | | | |
| ৫) | এলএএন: ৭১১৮০০০০০০১৭১৩৮ প্রকৃত ঋণদাতা: বন্ধন ব্যাঙ্ক লিমিটেড দাবি বিজ্ঞপ্তির তারিখ: ১৪.০৮.২০২৬ ট্রাস্টের নাম: এআরসিআইএল ২০২৪সি–০০৪ ট্রাস্ট | ইব্রাহিম সর্দার / ফরিদা বিবি ওরফে ফরিদা খাতুন | ₹১৫,৪৬,০৬৫.৬২ ১৪ আগস্ট, ২০২৬ অনুযায়ী |
| **সম্পত্তির বিবরণ:** ৪.৯৫ ডেসিমেল জমির অপরিহার্য সমগ্র পরিমাণ যার স্থিতি ও বিবরণ: জেলা– উত্তর ২৪ পরগনা, মহকুমা– বসিরহাট, থানা– স্বরূপনগর, অতিরিক্ত জেলা সাব–রেজিস্ট্রার অফিস– হাতাতগঞ্জ, পরগনা– কাঠুলিয়া, মৌজা– গোপালপুর, জে.এল. নং ৩৪, রে সা নং ১৯৬, তৌজি নং ৬১৩, এল আর কৃষি খতিয়ান নং ৬৩৮, আর এস ও এল আর দাগ নং ৩৭৮৪, গ্রাম পঞ্চায়েত– চরঘাট, পশ্চিমবঙ্গ। জমির চৌহদ্দি ও চতুর্সীমা: উত্তর– এসরাইল মণ্ডল; দক্ষিণ– ফরিদা বিবির জমি; পূর্ব– মেকাইল সর্দার; পশ্চিম– ইসমাইল সর্দার। | | | |
| ৬) | এলএএন: ৭০১৯০০০০০০০৭৯৩০ প্রকৃত ঋণদাতা: বন্ধন ব্যাঙ্ক লিমিটেড দাবি বিজ্ঞপ্তির তারিখ: ২১.০৮.২০২৬ ট্রাস্টের নাম: এআরসিআইএল ২০২৪সি–০০৪ ট্রাস্ট | প্রয়াত কামাল উদ্দিন মণ্ডল / আজাহারউদ্দিন মণ্ডল | ₹১২,৯১,১৭০.০৬ ২১ আগস্ট, ২০২৬ অনুযায়ী |
| **সম্পত্তির বিবরণ:** সামান্য কমবেশি ১০ ডেসিমেল জমির অপরিহার্য সমগ্র পরিমাণ যার স্থিতি ও বিবরণ: জেলা– উত্তর ২৪ পরগনা, থানা– বাদুড়িয়া, মৌজা– আটঘরা, জে.এল. নং ৩৬, আর এস ও এল আর দাগ নং ১১২৯, এল আর খতিয়ান নং ১৭২২, জশাইকাঠি–আটঘরা গ্রাম পঞ্চায়েত, পশ্চিমবঙ্গ। জমির চৌহদ্দি ও চতুর্সীমা: পূর্ব– দলিল অনুযায়ী; পশ্চিম– দলিল অনুযায়ী; উত্তর– দলিল অনুযায়ী; দক্ষিণ– দলিল অনুযায়ী। | | | |
| ৭) | এলএএন: ২০০০৭৮১০০০০০১৯০ প্রকৃত ঋণদাতা: বন্ধন ব্যাঙ্ক লিমিটেড দাবি বিজ্ঞপ্তির তারিখ: ২১.০৮.২০২৬ ট্রাস্টের নাম: এআরসিআইএল – ২০২৪সি–০০৪ ট্রাস্ট | নেপাল চক্রবর্তী / মনিকা চক্রবর্তী / অজয় চক্রবর্তী / শম্ভুনাথ চক্রবর্তী | ₹৪,৮০,০৪৭.৬১ ২০ আগস্ট, ২০২৬ অনুযায়ী |
| **সম্পত্তির বিবরণ:** প্রায় ১.২৫ শতক কমবেশি জমি এবং তার ওপর অবস্থিত ১০০ বর্গফুটের একটি কাঠামোর সমগ্র ও অবিচ্ছেদ্য অংশ, যার অবস্থান: মৌজা– গোবিন্দপুর, জে.এল. নং ৯৪, আর এস ও এল আর দাগ নং ৫৫৮, এল আর খতিয়ান নং ৭৬৬, নতুন এল আর খতিয়ান নং ২৮১৬, গ্রাম পঞ্চায়েত– নাসিপুর, থানা ও অতিরিক্ত জেলা সাব–রেজিস্ট্রার অফিস– সিঙ্গুর, জেলা– হুগলি, পশ্চিমবঙ্গ। জমির চৌহদ্দি ও চতুর্সীমা: উত্তর– ৮ ফুট চওড়া রাস্তা; দক্ষিণ– রবীন্দ্রনাথ ঘোষের সম্পত্তি; পূর্ব– হাই স্কুল; পশ্চিম– পঞ্চানন চক্রবর্তীর সম্পত্তি। | | | |

এতদ্দ্বারা ওপরে উল্লিখিত ঋণগ্রহীতাগণ/ সহ–ঋণগ্রহীতাগণ–এর প্রতি এই বিজ্ঞপ্তি জারি করা হচ্ছে, যার মাধ্যমে ওপরে সংশ্লিষ্ট ঋণগ্রহীতাগণ/ সহ–ঋণগ্রহীতাগণ–এর নামের পাশে উল্লিখিত পুরো অর্থাঙ্ক এই বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ থেকে ৬০ দিনের সম্পূর্ণরূপে আদায় দেওয়ার জন্য আহ্বান জানানো হচ্ছে। সংশ্লিষ্ট ঋণগ্রহীতাগণ/ সহ–ঋণগ্রহীতাগণ যদি ওপরে উল্লিখিত পুরো বকেয়া অর্থাঙ্ক পরবর্তী সুদ সমেত আদায় দিতে ব্যর্থ হন, সেক্ষেত্রে ওপরে বর্ণিত সম্পত্তির বিরুদ্ধে এআরসিআইএল উক্ত অ্যাক্টের ১৩(৪) ধারাধীনে জামিনস্বার্থ বলবৎকরণে বাধ্য হবে। উক্ত অ্যাক্ট ও এর অধীনে রচিত রুলসমূহের সংস্থান অনুসারে নোটিসের বিকল্প পরিষেবা হিসেবে পরবর্তী পদক্ষেপগুলি গ্রহণ করা হচ্ছে। আপনাদের জ্ঞাতার্থে আরও জানানো হচ্ছে যে, সারফায়েসি অ্যাক্টের ১৩(৮) নং ধারার সংস্থান অনুসারে প্রকাশ্য নিলাম বা ব্যক্তিগত চুক্তিতে বিক্রির মাধ্যমে হস্তান্তরের জন্য নোটিস প্রকাশের আগে যাবতীয় মাশুল, চার্জ ও এআরসিআইএল–এর তরফে কৃত যাবতীয় খরচাপাতি সমেত ওপরে বর্ণিত বকেয়া অর্থাঙ্ক পুরোপুরি আদায় দিয়ে আপনারা উক্ত বন্ধকি ছাড়িয়ে নিতে পারবেন।
অনুগ্রহপূর্বক খেয়াল রাখবেন, সারফায়েসি অ্যাক্টের ১৩(১৩) ধারাধীনে বিক্রি, ইজারা বা অন্য কোনও উপায়ে এই সুরক্ষিত পরিসম্পদগুলি হস্তান্তর ও/বা এগুলি নিয়ে কোনও প্রকার লেনদেন করা থেকে আপনাদের নিষেধ করা হচ্ছে।

স্বাঃ–
অনুমোদিত আধিকারিক
অ্যাসেট রিকনস্ট্রাকশন কোম্পানি (ইন্ডিয়া) লিমিটেড
(ট্রাস্টি রূপে অর্পিত ক্ষমতাবলে)

স্থান: কলকাতা
তারিখ: ০৩.০৯.২০২৬

Arcil
### অ্যাসেট রিকনস্ট্রাকশন কোম্পানি (ইন্ডিয়া) লিমিটেড
**CIN: U65999MH2002PLC134884, ওয়েবসাইট: www.arcil.co.in**
**রেজিস্টার্ড অফিস:** দ্য রুবি, ১০ নং ফ্লোর, ২৯, সেনাপতি বাপট মার্গ, দাদার (ওয়েস্ট), মুম্বই–৪০০০২৮। ফোন: +৯১ ২২ ৬৬৫৮ ১৩০০;
**শাখা অফিস:** রুম নং ১০০১, ফ্লোর নং ১০, সিগনেট টাওয়ার, ডিএন ২, সেক্টর V সল্ট লেক, কলকাতা–৭০০০৯১, পশ্চিমবঙ্গ। ফোন: ০৩৩ ৪৮২২৬৬০৮

### আর্জেন্টিনার জার্সিতে মেসির অবসর, মনখারাপ দাদারও

# সবাইকে সরে যেতে হয়: সৌরভ

দেবাশিস দত্ত

**একদিকে মুম্বইয়ে বিগ বসের শুটিং। অন্যদিকে সিএবি–র আসন্ন বার্ষিক সাধারণ সভা। এসবের মাঝে আন্তর্জাতিক ফুটবল থেকে অবসর নেওয়া লিওনেল মেসিকে নিয়ে কথা বললেন সৌরভ গাঙ্গুলি।**

**সৌরভ:** এটা মেসির বিদায় তো নয়, আর্জেন্টিনার হয়ে ও আর খেলবে না। সবাইকে একদিন সরে যেতে হয়। অনিবার্য। এটাই নিয়ম। ওর অনুগামীদের মনখারাপ হওয়াই স্বাভাবিক। আমারও হচ্ছে।

**■ বাবা জর্জের মৃত্যুর কারণেই কি মেসির দ্রুত অবসরের সিদ্ধান্ত?**

**সৌরভ:** হতেও পারে। মিস্টার জর্জে নিজের হাতে করে ওকে তৈরি করেছিলেন। ছায়াসঙ্গী ছিলেন। ফুটবলার মেসির গোটা ব্যাপারটা জর্জেই নিয়ন্ত্রণ করতেন। বাবাকে মিস করছে প্রবল ভাবে। বাবার মৃত্যু হয়তো মেসি এখনও মেনে নিতে পারছে না।

**■ অনুগামীরা চেয়েছিল আরও কিছুদিন আর্জেন্টিনার জার্সি গায়ে খেলা চালিয়ে যান মেসি।**

**সৌরভ:** কতদিন? ৩৯ বছর বয়সে অবসর নিল। পরের বিশ্বকাপ চার বছর পর। যে গতিতে ফুটবল খেলা হচ্ছে এখন, সেখানে কি ৪৩ বছর বয়সে কারও পক্ষে খেলা সম্ভব? সত্যিই জানি না, চার বছর পর বিশ্বকাপে মেসির খেলা নিয়ে কারা উৎসাহী ছিলেন। মানছি, ওর প্রতি ভালবাসা এবং আবেগ থেকেই ওর অনুগামীদের একাংশ এমন হয়তো ভাবছিল।



**■ গোটা দুনিয়া জুড়ে অদ্ভুত বিষাদের আবহ।**

**সৌরভ:** কেন? ফুটবল মাঠ থেকে তো পুরোপুরি সরে যাচ্ছে না। ক্লাবের হয়ে খেলবে। ফলে মেসির পায়ে বল থাকবে, এটা ভেবেও তো স্বস্তি পাওয়া যায়।



**■ প্রায়ই বলে থাকেন, ক্রিকেটার সৌরভ গাঙ্গুলি হওয়ার পেছনে সবচেয়ে বড় ভূমিকা ছিল বাবা চণ্ডী গাঙ্গুলির। যেমন মেসির ক্ষেত্রে জর্জের। নিজে বাবাকে হারানোর সেই মুহূর্ত নিয়ে কিছু বলবেন?**

**সৌরভ:** আমার জীবনে বাবা–মায়ের ভূমিকা অপরিসীম। তাই যেদিন বাবাকে হারিয়েছিলাম, মনে হয়েছিল চারদিকে ঘোর অন্ধকার। মেসিও হয়তো তেমন অনুভূতির মধ্যে দিয়ে যাচ্ছে। বাবা–মাকে হারানোর অনুভূতি, দুঃখ ভাষায় প্রকাশ করা যায় না। বাবা–মায়ের জায়গা কেউ পূরণ করতে পারে না।

**■ আপনার প্রিয়তম চরিত্র দিয়েগো মারাদোনা। মেসিকেও খুবই পছন্দ করেন। দু’জনের মধ্যে একজনকে বেছে নিতে বললে, আপনার ভোট কে পাবেন?**

**সৌরভ:** দুটোই রোলস রয়েস। তুলনা করা কঠিন। আমরা যখন বড় হচ্ছিলাম, ছিল মারাদোনার যুগ। অসাধারণ স্কিল। সত্যিই দু’জনের তফাত করা কঠিন। তবু মারাদোনাকেই এগিয়ে রাখব। আসলে পেলে, মারাদোনা, মেসি, রোনাল্ডো—সবাই অন্য জাতের ফুটবলার। এদের পরেই থাকবে রোনাল্ডিনহো, বড় রোনাল্ডো। আর সদ্য সমাপ্ত বিশ্বকাপের খেলা যদি মনে রাখি, তা হলে মেসি, রোনাল্ডো দু’জনকেই একই সারিতে রাখব।

**■ মেসির কোন ভূমিকা সবচেয়ে বেশি পছন্দ? গেম মেকার নাকি স্ট্রাইকার?**

**সৌরভ:** মারাদোনা, মেসিরা সব পারে। খেলা তৈরি করতে পারে, গোল করাতে পারে, করতে পারে। মারাদোনাকে দেখেছি, বিপক্ষের একের পর এক ফুটবলারকে কাটিয়ে যে ভাবে গোলমুখে বল বাড়িয়ে দিত তাতে গোল না করাই কঠিন। এবারও মেসিকে তেমন ভূমিকাতেই দেখলাম। তবে যারা বলত, ডান পায়ে খেলতে পারে না, তারাও দেখেছে দু’পায়েই ও কেমন স্বচ্ছন্দ।

# আজ ভবিষ্যৎ পরিকল্পনার গুরুত্বপূর্ণ বৈঠক বোর্ডের

আজকালের প্রতিবেদন

আগামী বছর একদিনের বিশ্বকাপ। তার আগে নিউজিল্যান্ডের বিরুদ্ধে গুরুত্বপূর্ণ সিরিজ। সেসব মাথায় রেখে দীর্ঘমেয়াদী পরিকল্পনার রাস্তায় হাঁটতে চাইছে ভারতীয় ক্রিকেট বোর্ড। তাই গুরুত্বপূর্ণ ক্রিকেটারদের চোট পরিস্থিতি পর্যালোচনা করতে বৈঠকে বসতে চলেছেন বোর্ড কর্তারা। দিল্লিতে বৃহস্পতিবার হতে যাওয়া এই বৈঠকে ডেকে পাঠানো হয়েছে কোচ গৌতম গম্ভীর, নির্বাচক প্রধান অজিত আগরকারকে। বোর্ডের সেন্টার অফ এক্সেলেন্সের প্রধান ভিভিএস লক্ষ্মণও এই বৈঠকে হাজির থাকতে পারেন বলে জানা গিয়েছে।





গত জুন–জুলাইয়ে ইংল্যান্ড সফরে আয়ারল্যান্ড ও ইংল্যান্ডের বিরুদ্ধে সিরিজ হেরেছে ভারত। সেই সফরের হতাশাজনক পারফরমেন্স নিয়েও বিস্তারিত আলোচনা হওয়ার কথা। তবে অতীত পেছনে ফেলে নিউজিল্যান্ড সফর এবং পরের বছরের বিশ্বকাপকেই পাখির চোখ করছেন বোর্ড কর্তারা। জানা গিয়েছে, সেই জন্যই লক্ষ্মণকে ডেকে পাঠানো হয়েছে। কারণ চোট পাওয়া ক্রিকেটারদের রিহ্যাব চলছে বোর্ডের সেন্টার অফ এক্সেলেন্সে। যার প্রধান লক্ষ্মণ। মঙ্গলবার আফগানিস্তানের বিরুদ্ধে আসন্ন সিরিজের জন্য ভারতীয় দল ঘোষণা করা হয়েছে। যে দলে এমন চারজন ক্রিকেটার রয়েছেন যাঁরা এখনও পুরোপুরি ফিট নন (ফিটনেস পরীক্ষায় পাশ করলে তবেই খেলার সুযোগ পাবেন)।

এ প্রসঙ্গে নাম গোপন রাখার শর্তে সংবাদ সংস্থা পিটিআইকে বোর্ডের এক সূত্র জানিয়েছে, ‘দ্বিতীয় টেস্টে বুমরার অনুপস্থিতি টের পাওয়া গিয়েছিল। নিষ্প্রাণ পিচে মহম্মদ সিরাজকেও বেশ বিবর্ণ দেখাচ্ছিল। একই কথা হার্দিক পান্ডিয়ার ক্ষেত্রেও প্রযোজ্য। আইপিএলের পর থেকে হার্দিক খেলেননি।’ টিম ম্যানেজমেন্টের তরফে নাকি স্পষ্ট জানিয়ে দেওয়া হয়েছে ১০ ওভার বল করার মতো সম্পূর্ণ ফিট না হওয়া পর্যন্ত ৫০ ওভারের ক্রিকেটে হার্দিককে দলে নেওয়া হবে না। পেসার আকাশদীপও বেশ কয়েক মাস ধরে সেন্টার অফ এক্সেলেন্সে রয়েছেন। দীর্ঘদিন আন্তর্জাতিক ক্রিকেট খেলেননি।

বিশ্বকাপকে সামনে রেখে ভবিষ্যৎ পরিকল্পনায় তিন অভিজ্ঞ ক্রিকেটার— রোহিত শর্মা, বিরাট কোহলি ও রবীন্দ্র জাদেজাকে নিয়েও আলোচনা হবে। এই মুহূর্তে কোহলি ও জাদেজা খুব একটা চাপে না থাকলেও রোহিতকে নিয়ে বেশ কিছুদিন ধরেই চর্চা চলছে। একইসঙ্গে প্রশ্ন অজিত আগরকারের ভবিষ্যৎ নিয়েও। ৪ অক্টোবর তাঁর চুক্তির মেয়াদ শেষ হচ্ছে। সব মিলিয়ে নজর এখন দিল্লির বৈঠকে।

# উদ্বোধনী চ্যাম্পিয়ন্স ট্রফি হবে ভারতে

আজকালের প্রতিবেদন

**মেয়েদের উদ্বোধনী চ্যাম্পিয়ন্স ট্রফি ক্রিকেট ভারতে হবে। শ্রীলঙ্কা থেকে এই প্রতিযোগিতা ভারতে সরিয়ে আনল আইসিসি। বুধবার দুবাইয়ে আন্তর্জাতিক ক্রিকেট কাউন্সিলের বৈঠকে সিদ্ধান্ত হয়, ২০২৭–এর ১৪–২৮ ফেব্রুয়ারি মুম্বই ও বরোদায় এই টি২০ প্রতিযোগিতা হবে। মেয়েদের টি২০ ক্রিকেটের বিশ্ব র‍্যাঙ্কিংয়ে প্রথম ছয় দেশকে নিয়ে। এই ছয় দেশ হল–অস্ট্রেলিয়া, ইংল্যান্ড, ভারত, নিউজিল্যান্ড, দক্ষিণ আফ্রিকা, শ্রীলঙ্কা। সরকারি হস্তক্ষেপের জেরে শ্রীলঙ্কা এই প্রতিযোগিতা আয়োজনের সুযোগ হারাল। এদিকে, বৃহস্পতিবার মেয়েদের এশিয়া কাপে গ্রুপের দ্বিতীয় ম্যাচে হংকংয়ের মুখোমুখি হচ্ছে ভারত। দুবাইয়ে এই টি২০ ম্যাচে হরমনপ্রীত কাউরদের জয়ের ধারাবাহিকতা বজায় রাখার পাশাপাশি আরও একটি লক্ষ্য, ব্যাটিংয়ের ফাঁকফোকর মেরামত করা। ভারত প্রথম ম্যাচে থাইল্যান্ডকে বড় ব্যবধানে হারালেও স্মৃতি মানধানাদের ব্যাটিং প্রদর্শন মোটেই ভাল হয়নি। হংকং প্রথম ম্যাচে থাইল্যান্ডের কাছে হারলেও সেদিন দলের জোরে বোলার মারিনা লামপ্লোঘের (৪/১১) পারফরমেন্সই আলোচনার প্রধান বিষয় ছিল। দেখার, হরমনদের নড়বড়ে ব্যাটিং মারিনার মোকাবিলা কেমন করে। কারণ, এই ম্যাচের একদিন পরেই (৫ সেপ্টেম্বর) ভারত মুখোমুখি হবে চিরপ্রতিদ্বন্দ্বী পাকিস্তানের।**





# বৈভবদের সামনে দক্ষিণাঞ্চল

আজকালের প্রতিবেদন

**দলীপ ট্রফির ফাইনালে উঠল দক্ষিণাঞ্চল। তিলক ভার্মার দল চিপকে ৬–১০ সেপ্টেম্বর, পাঁচদিনের ফাইনালে মুখোমুখি হবে বৈভব সূর্যবংশী, ঈশান কিষাণ, মহম্মদ সামিদের** পূর্বাঞ্চলের। বুধবার বেঙ্গালুরুতে দক্ষিণাঞ্চল ৭ উইকেটে হারাল উত্তরাঞ্চলকে। জেতার জন্য ১৮১ রানের লক্ষ্যমাত্রা পেয়ে দক্ষিণাঞ্চল করে ১৮২/৩। অধিনায়ক তিলক প্রথম ইনিংসে শতরান (অপরাজিত ১১৬) করার পর এদিন দ্বিতীয় ইনিংসে করেন ম্যাচ জেতানো অপরাজিত অর্ধতরান (৫১)। স্বভাবতই ম্যাচের সেরা তিলকই। এদিন ২৫৬/৭ থেকে উত্তরাঞ্চল দ্বিতীয় ইনিংসে ২৯৭ রানে অলআউট হয়। দক্ষিণাঞ্চলের জোরে বোলার এমডি নিধীশ ৫ উইকেট নেন ৫৬ রানে।

### ডার্বির আগে ছন্দে লাল-হলুদ

# ঝলমলে আকাশ, চনমনে ইস্টবেঙ্গল

**৩ ইস্টবেঙ্গল**
আকাশ–হ্যাটট্রিক

**০ ইউনাইটেড কলকাতা**

আজকালের প্রতিবেদন

নৈহাটি স্টেডিয়ামে তখন ম্যাচের শেষ কয়েক মিনিট বাকি। প্রতিআক্রমণে ইস্টবেঙ্গল। বিপক্ষের অর্ধে বল ধরেন তিনি। সামনে তিন ডিফেন্ডার। আশেপাশে আরও দু’জন। তিনি গতি বাড়াতেই ডিফেন্ডাররা পিছোতে থাকেন। তারপর গোলের প্রায় ৩০ গজ দূর থেকে ডান পায়ের গোলার মতো শট। গোলরক্ষক শরীর ছুড়েও বলের নাগাল পাননি। গোলের একেবারে কোন দিয়ে বল জালে।

স্বপ্নের গোলে হ্যাটট্রিক পূরণ। তবু বাড়তি উচ্ছ্বাস নয়। স্রেফ হাতের ইশারায় হ্যাটট্রিক করার ইঙ্গিত। সারাদিন আকাশের মুখ ভার থাকলেও লাল–হলুদ জার্সিতে ঝলমলে আকাশ হেমব্রম। তাঁর হ্যাটট্রিকে বুধবার ইউনাইটেড কলকাতা এসসি–কে ৩–০ ব্যবধানে হারাল ইস্টবেঙ্গল। মর্যাদার মহারণের আগে টানা চার ম্যাচ জিতে ছন্দ ধরে রাখল তারা। নিয়মরক্ষার বড় ম্যাচ জিতলে ভবানীপুরকে টপকে (২৭) গ্রুপ শীর্ষে থেকে সুপার সিক্সে যাবে ইস্টবেঙ্গল (২৬)।

লিগে প্রথমবার ঘরের মাঠের বাইরে খেলল ইস্টবেঙ্গল। বৃষ্টিভেজা মাঠে শরীরের ভারসাম্য রাখা কঠিন। বল মাটিতে পড়ে কী গতিতে আসবে, তা বোঝাও মুশকিল। এই পরিস্থিতিতে ক্রমাগত ভুল পাসে বার বার খেলার ছন্দ নষ্ট হচ্ছিল। কিন্তু আকাশ যেন সবার থেকে আলাদা। কাদা মাঠে তাঁর গতি, বল নিয়ন্ত্রণের ক্ষমতা বার বার নজর কাড়ছিল। তিনটি গোলই করলেন প্রতিআক্রমণে। প্রথমটা ২৩ মিনিটে। দুই ডিফেন্ডারের মাঝখান দিয়ে মনোতোষ মাঝির মাপা থ্রু ধরে আগুয়ান গোলরক্ষক সুরজ মণ্ডলকে পরাস্ত করেন আকাশ। বাকি দুটি গোল ম্যাচের শেষদিকে। ৮৬ মিনিটে ঠান্ডা মাথায় গোলরক্ষককে কাটিয়ে বল জালে ঠেলেন। সংযুক্তি সময়ে দর্শনীয় গোলে হ্যাটট্রিক সারেন। ফলাফল দেখে, ম্যাচে ইস্টবেঙ্গলের একচেটিয়া আধিপত্য ছিল মনে হলেও, এমনটা নয়। প্রথমার্ধের শেষদিকে ইউনাইটেড কলকাতার বালি গগনদীপের শট গোললাইন থেকে ক্লিয়ার করেন সুমন দে। দ্বিতীয়ার্ধে এক গোলে পিছিয়ে থাকা অবস্থায় ইউকেএসসি–র উমের শাকিলের শট বারে লাগে।

ডায়মন্ড হারবার থেকে চলতি মরশুমে ইস্টবেঙ্গলে যোগ দিয়েছেন আকাশ। প্রথমবার বড় ক্লাবের জার্সিতে ইতিমধ্যেই ৯ ম্যাচে ৭ গোল করেছেন। দাদা তুষার হেমব্রম পিয়ারলেসের হয়ে কয়েকদিন আগে হ্যাটট্রিক করেন। এবার ভাইয়ের পালা ছিল। আকাশ বলেন, ‘দাদা হ্যাটট্রিক করেছে। তাই আমিও এই ম্যাচে হ্যাটট্রিক করতে মরিয়া ছিলাম। এর আগে পাঠচক্রের বিরুদ্ধে পেনাল্টি মিস করায় হ্যাটট্রিক হয়নি। সেই আক্ষেপ মিটল। এবার ডার্বিতে গোল করে ইস্টবেঙ্গলকে জেতাতে চাই।’

ইস্টবেঙ্গল: গৌরব, বিক্রম (সুমন), অঙ্কন, চাকলাদার, জয়, সঞ্জীব (অরুণলাল), অনন্থু, রিকি (সৌমিক), আকাশ, উত্তম (বিলাল), মনোতোষ



হ্যাটট্রিকে উজ্জ্বল আকাশ হেমব্রম। ছবি: ইস্টবেঙ্গল

# নৈশালোকেই বড় ম্যাচ

আজকালের প্রতিবেদন

তারিখ ঠিক হয়ে গিয়েছিল। ম্যাচ ক’টায় শুরু হবে, সেই নিয়ে আলোচনা চলছিল। অবশেষে তাও চূড়ান্ত হল। সোমবার বারাসত স্টেডিয়ামে বিকেল ৫টায় নৈশালোকে লিগের বড় ম্যাচ। ফ্লাডলাইটের কাজ চলছিল। এদিন পরীক্ষার পর ফ্লাডলাইটে ম্যাচ আয়োজনের অনুমতি পেয়েছে আইএফএ। টিকিট কবে থেকে ছাড়া হবে, কী দাম হবে, সেই নিয়ে বুধবার পর্যন্ত কোনও সিদ্ধান্ত নেওয়া যায়নি। কত দর্শক গ্যালারিতে থাকতে পারবে, সেই নিয়েও প্রশাসনের সঙ্গে আলোচনা চলছে। এই নিয়ে আইএফএ সচিব অনির্বাণ দত্ত বলেন, ‘বৃহস্পতিবার যাতে টিকিট সংক্রান্ত যাবতীয় বিষয় জানানো যায়, সেই চেষ্টা করছি। ১০ হাজার দর্শকের অনুমতি চাওয়া হয়েছে। প্রশাসনের সঙ্গে আলোচনা করে সংখ্যাটা চূড়ান্ত করার পর কত টিকিট ছাড়া হবে, সেটা বুঝতে পারব।’

## খেলার খুচরো

### » বাংলার দাপট

**সিয়েচেম ট্রফিতে মুম্বইয়ের বিরুদ্ধে বাংলার সিনিয়র দল বেশ ভাল জায়গায় রয়েছে। বাংলার তোলা ৪১০ রানের জবাবে মুম্বইয়ের স্কোর ১৬০/৪। অঙ্কুর পাল (১৫৯), অঙ্কিত শুক্লা (১৩৪) রান পেয়েছেন। বল হাতে ৩ উইকেট বাংলার প্রদীপ্ত প্রামাণিকের।**

### » পিছোলেন গিল

**আইসিসি টেস্ট র‍্যাঙ্কিংয়ে ব্যাটারদের তালিকায় দু’ধাপ নীচে নেমে নবম স্থানে শুভমান গিল। ভারতীয় ব্যাটারদের মধ্যে শীর্ষে সপ্তম স্থানে থাকা ঋষভ পন্থ। টেস্ট বোলারদের র‍্যাঙ্কিংয়ে দ্বিতীয় স্থান হারিয়ে তিনে যশপ্রীত বুমরা।**

### » বিদায় লক্ষ্যর

**বুধবার চায়না মাস্টার্সের কানাডার ভিক্টর লাইয়ের কাছে ১৪–২১, ৭–২১ হেরে বিদায় লক্ষ্য সেনের। চি ইউ জেনকে ২১–১৬, ২১–১৫ হারিয়েছেন কিদাম্বি শ্রীকান্ত। প্রথম রাউন্ডে তনভি শর্মা জয়ী। মালয়েশিয়ার জুনায়েদি আরিফ ও কাং খাই জিং–কে ২১–১১, ২১–১৬ ব্যবধানে হারিয়ে পরবর্তী রাউন্ডে সাত্ত্বিকসাইরাজ রানকিরেড্ডি–চিরাগ শেট্টি জুটি।**

### » অবনমন নেই

**২০২৬–২৭ মরশুমের আইএসএলে থাকছে না অবনমন। এআইএফএফ জানিয়েছে, ডায়মন্ড হারবার এফসি না খেলার কারণে স্বাভাবিকভাবেই পয়েন্ট টেবিলের নীচে থাকবে। তারাই পরেরবার বাদ যাবে। নতুন করে অবনমনের নিয়ম কার্যকর হবে না।**

# এই স্বীকৃতি আগামীর প্রেরণা দেবে: সৌবৃতি

সায়ন গুপ্ত

রাজ্যের সাঁতারমহল তাঁকে ঘিরে স্বপ্ন দেখছে। জাতীয় পর্যায়ের কোনও প্রতিযোগিতায় তিনি অংশ নিলে বাংলার পদক নিশ্চিত, এমনটা ধরে নেওয়া হয়। আন্তর্জাতিক মঞ্চেও ছাপ ফেলছেন। সৌবৃতি মণ্ডল। গতবছর জাতীয় গেমসে মহিলাদের ২০০, ১০০ মিটার ব্যাকস্ট্রোকে চ্যাম্পিয়ন। ৫০ মিটার ব্যাকস্ট্রোকে সেকেন্ডের ভগ্নাংশে দুইয়ে শেষ করেন। সম্প্রতি জাতীয় ক্রীড়া দিবসে বাংলার কৃতি অ্যাথলিটদের রাজ্য সরকার পুরস্কৃত করেছে। অ্যাথলিটদের সেই তালিকায় ছিলেন সালকিয়ার সৌবৃতি।

বাংলার হয়ে প্রতিনিধিত্ব করলেও পরিকাঠামোগত সমস্যার কারণে ভিন্‌রাজ্যে অনুশীলন করেন সৌবৃতি। ক্রীড়াক্ষেত্রে পরিকাঠামোগত উন্নতিতে বিশেষ জোর দিচ্ছে সরকার। এই নিয়ে সৌবৃতি বলেন, ‘বাংলায় সাঁতারের তেমন পরিকাঠামো নেই। তাই আমার মতো অনেকেই অন্য রাজ্যে গিয়ে অনুশীলন করে। তবে অনুষ্ঠানের দিন মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী ও ক্রীড়ামন্ত্রী ডাঃ ইন্দ্রনীল খাঁ–র বক্তব্যে মনে হল, তাঁরা ক্রীড়াক্ষেত্রে পরিকাঠামোগত উন্নতিতে বিনিয়োগ করতে চান। এই উদ্যোগ নিলে তবেই বাংলা থেকে আরও অ্যাথলিট উঠবে। দীর্ঘ অবহেলার জন্যেও অনেকে ভিন্‌রাজ্যের হয়ে প্রতিনিধিত্ব করতে বাধ্য হয়। সরকার এই ভাবে পাশে দাঁড়ালে আমরা অনুপ্রাণিত হব। বাংলার অ্যাথলিটদের মধ্যে অন্য রাজ্যে চলে যাওয়ার প্রবণতাও কমবে।’ এখানেই শেষ নয়। সৌবৃতি আরও বলেন, ‘অনুষ্ঠানে ক্রীড়া দপ্তরের এক আধিকারিকের সঙ্গে ভাল সাঁতারের অ্যাকাডেমিতে কী কী পরিকাঠামো প্রয়োজন, তা নিয়ে কথা হয়েছে। আমায় টেকনিক্যাল বিষয়ে সাহায্যের জন্য অনুরোধ করেছেন। আমি সাহায্য করতে চাই। বুলা ম্যাম (চৌধুরি) রয়েছেন। ওঁর থেকেও এই ব্যাপারে পরামর্শ নেওয়া জরুরি।’

আগামী নিয়ে ভাবনা? সৌবৃতির বলেন, ‘চলতি বছরে হয়তো কোনও প্রতিযোগিতায় নামব না। কয়েকদিন আগে ডায়রিয়া হয়েছিল। আপাতত শারীরিক দুর্বলতা কাটিয়ে ওঠার চেষ্টা করছি। পরের বছর ফেব্রুয়ারিতে ন্যাশনাল গেমস হওয়ার কথা। তার আগে প্রতিটি বিভাগে টাইমিংয়ে উন্নতিই লক্ষ্য।’



সৌবৃতি মণ্ডল

### ৯ সেপ্টেম্বর ব্রাজিল দল ঘোষণা

# টিকিট বিক্রি শুরু, সমর্থক মহলে চাহিদা তুঙ্গে

আজকালের প্রতিবেদন

অবশেষে প্রতীক্ষার অবসান। বুধবার থেকেই টিকিট বিক্রি শুরু হয়ে গেল ব্রাজিল বনাম ভারত ম্যাচের। ডিস্ট্রিক্ট অ্যাপের মাধ্যমে টিকিট কিনতে পারছেন দর্শকরা।

৯৯৯ থেকে ১৫০০ টাকার টিকিট ছিল ন্যূনতম। যদিও তা কিছুক্ষণের মধ্যেই নিঃশেষিত হয়ে যায়। এরপরের টিকিট ছিল ২৫০০ এবং ৩৫০০ টাকার। রাতের দিকে দেখা গেল সেই বিশেষ গ্যালারির টিকিটও নিঃশেষিত। ৪৫০০ টাকার টিকিটও শেষ হয়ে যাওয়ার পথে। ৬০০০, ৭০০০ এবং ৯০০০ টাকার সাধারণ গ্যালারির কিছু টিকিট এখনও পড়ে রয়েছে। এর বাইরে ভিআইপি রাইট এবং ভিআইপি লেফট গ্যালারির টিকিটের দাম ১৫০০০ টাকা। অ্যাপের মাধ্যমে সর্বোচ্চ দশটি টিকিট কাটা যাবে। এআইএফএফ আশাবাদী, খুব দ্রুত এই ম্যাচের সব টিকিট নিঃশেষিত হয়ে যাবে। যদিও কলকাতার একাংশ ফুটবলপ্রেমীদের মত, সাধারণ দর্শকদের কথা ভেবে টিকিটের দাম কিছুটা কম রাখাই যেত।

এদিকে, ৯ সেপ্টেম্বর স্থানীয় সময় দুপুর ৩টেয় অস্ট্রেলিয়া ও ভারতের বিরুদ্ধে প্রীতি ম্যাচের দল ঘোষণা করবেন ব্রাজিলের কোচ কার্লো আনসেলোত্তি। রিও ডি জেনিরোর ব্রাজিল ফুটবল সংস্থার সদর দপ্তর থেকে সিবিএফ টিভি–তে দল ঘোষণার সরাসরি সম্প্রচার হবে।

# দার্জিলিঙে কাফুর আসা ঘিরে বাড়ছে উত্তাপ

সঞ্জয় বিশ্বাস ও ষষ্ঠী বিশ্বাস

দার্জিলিং ও শিলিগুড়ি, ২ সেপ্টেম্বর

পর্যটন–ফুটবল মিলেমিশে একাকার হতে চলেছে শৈলশহর দার্জিলিঙে। এবার সেখানে পা রাখতে চলেছেন বিশ্ব ফুটবলের কিংবদন্তি, দু’বারের ফুটবল বিশ্বকাপজয়ী ব্রাজিল দলের সদস্য কাফু। ২০০২ বিশ্বজয়ী দলের অধিনায়কও ছিলেন তিনি। সেই স্বপ্নের ফুটবলার আগামী রবিবার, ৬ সেপ্টেম্বর দার্জিলিং আসছেন। লেবংয়ের ঐতিহাসিক গোর্খা স্টেডিয়ামে এক প্রীতি ফুটবল ম্যাচে উপস্থিত থাকবেন তিনি।

কাফুর আগমনকে কেন্দ্র করে পাহাড়ের পাশাপাশি সমতল শিলিগুড়িতেও তৈরি হয়েছে প্রবল উন্মাদনা। জানা গিয়েছে, রবিবার সকালে বাগডোগরা বিমানবন্দরে নেমে সড়কপথে দার্জিলিং পৌঁছোবেন ব্রাজিলীয় তারকা। ব্রিটিশ আমলে তৈরি দার্জিলিঙের আর্য চা–বাগান আয়োজন করেছে প্রীতি ফুটবল ম্যাচ। দুপুর ১টায় অনূর্ধ্ব–১৭ দার্জিলিং ওয়ারিয়র্স এফসি মুখোমুখি হবে নর্থবেঙ্গল ফাইটার্স এফসি–র। খেলা দেখতে পাস সংগ্রহের তোড়জোড় শুরু হয়েছে পাহাড়ে। চাহিদা সামাল দিতে হিমশিম অবস্থা আয়োজকদের।



ব্রাজিলের হয়ে চারবার বিশ্বকাপে দেশের জার্সি গায়ে দিয়েছেন কাফু। পরপর তিনবার বিশ্বকাপ ফাইনাল খেলার নজিরও রয়েছে তাঁর। দেশের হয়ে সাফল্যের পাশাপাশি ক্লাব ফুটবলেও তাঁর কৃতিত্ব নেহাত কম নয়। ব্রাজিলের সাও পাওলো ও পামেইরাস থেকে শুরু করে ইতালির এএস রোমা এবং এসি মিলানের মতো ক্লাবে সুনামের সঙ্গে দীর্ঘদিন খেলেছেন। বিশ্ব ফুটবলের অন্যতম সেরা রাইটব্যাক হিসাবে কাফু আজও আলোচিত। এ বার তাঁকে দেখা যাবে দার্জিলিঙের লেবংয়ে। গোর্খা হিল স্পোর্টস অ্যাসোসিয়েশনের সচিব লাকপা শেরপা কাফুর দার্জিলিঙে আসা নিয়ে প্রবল উচ্ছ্বসিত। তিনি জানান, এতে পাহাড়ের তরুণ ফুটবলাররা দারুণ ভাবে উৎসাহিত হবে। ফুটবলের প্রতি আগ্রহ আরও বাড়বে।





| | |
|---|---|
| S24 PAGS | 137 |
| N24 PAGS | 137 |
| RANAGHAT | 137 |
| ARAMBAGH | 136 |
| BURDWAN | 137 |
| BOLPUR | 137 |
| MIDNAPUR | 136 |
| BANKURA | 136 |
| SILIGURI | 140 |
| MALDA / BALURGHAT | 138 |
| FALAKATA | 139 |
| ALIPURDUAR | 140 |

CONTACT-80160 91101

উত্তম শতবর্ষ

# শূন্য থেকে একশো

অলোকপ্রসাদ চট্টোপাধ্যায়

**প্রথম ছবিতে ‘এক্সট্রা’র চরিত্রে বর সেজে পাঁচদিন শুধু মার খেতে হয়েছিল যাঁকে, তিনিই শূন্য থেকে শীর্ষে পৌঁছোলেন। সেই শীর্ষস্থান আজও অটুট। আজ সেই মহান অভিনেতা, মহানায়ক উত্তমকুমারের জন্মশতবর্ষ।**

স্বাধীনতার বছরে নিজের মনের মধ্যে পুষে রাখা এক স্বাধীন জগতে প্রবেশ করার অধিকার পেয়েছিলেন উত্তমকুমার। সেই স্বাধীন জগতে কঠিনতর এক পরীক্ষার মুখোমুখি তিনি প্রথম দিনেই।

১৯৪৭ সাল। উত্তমকুমারের বয়স তখন ২১ বছর। পোর্ট কমিশনার্সের কনিষ্ঠ কেরানি উত্তমের চোখে তখন শুধুই অভিনয়ের স্বপ্ন। পাড়ার ক্লাবে অভিনয় করে প্রশংসা কুড়িয়েছেন আগেই। এই ক্লাবেই গণেশদা আসতেন। তাঁর বন্ধু ছিলেন প্রযোজক ভোলাবাবু, যিনি ‘মায়াডোর’ বলে একটা হিন্দি ছবি তৈরি করতে চলেছেন। সেখানে গণেশদা একটা পার্ট করছেন। সেই গণেশদার কাছে নিজের স্বপ্নের কথা বলে একটা সুযোগ এসে গেল উত্তমকুমারের।

ভারতলক্ষ্মী স্টুডিও-য়, অফিস কামাই করে হাজির স্বপ্ন-দেখা যুবক উত্তম। তাঁকে দেখে পরিচালকের পছন্দ হল। পার্ট দেওয়া হল তাঁকে।

পরিচালক তাঁকে বললেন, একজন বরের পার্ট করতে হবে উত্তমকে, যে বিয়ে করতে এসেছে, কিন্তু তাকে মারধর করে বিদেয় করে দেবে কনের বাড়ির লোকেরা।

আঁতকে উঠলেন ২১ বছরের স্বপ্ন-দেখা যুবক। কিন্তু পালিয়ে গেলেন না। বিয়েবাড়ির সেট-এ পরপর পাঁচদিন শুটিং করলেন উত্তম। শুধু এদিক-সেদিক থেকে তাঁকে মারধর করে গেল কনের বাড়ির লোকজন।

পরিচালক বলেছিলেন, একদম লাগবে না। এটা তো বাস্তবের মারধর নয়, সিনেমার মার।

কিন্তু, সেই সিনেমার মার সহ্য করার জন্যে পাঁচদিন অফিস কামাই করেছিলেন উত্তমকুমার। এবং উত্তমকুমার নিজেই লিখেছিলেন, ‘মনে আছে, দৈনিক পাঁচ সিকে পারিশ্রমিক নিয়ে আমি সিনেমার অভিনেতা বনে গেলাম।’



পাঁচ সিকে পারিশ্রমিক, পাঁচদিন মারধর খাওয়ার পার্ট, কোনও সংলাপ নেই।

তবু, কেন সেই স্বপ্ন-দেখা যুবক এই পার্ট করতে রাজি হয়েছিলেন?

আসলে, সিনেমাজগতে প্রবেশের একটা দরজা তিনি খুঁজছিলেন। পাড়ার ক্লাবের গণেশদা সেই সুযোগটা করে দেওয়ায়, পাঁচদিন বেধড়ক মার খাওয়ার স্মৃতি নিয়েও, আজীবন তিনি কৃতজ্ঞ থেকেছেন সেই গণেশদার কাছে।

সিনেমার জগৎটাকে সেই তাঁর চেনার শুরু। হাল ছাড়েননি।

মার খেয়েও পালিয়ে যাননি ভারতলক্ষ্মী স্টুডিও থেকে। ভাগ্যিস যাননি, তাই আমরা এমন একজন অভিনেতাকে পেয়েছি, যাঁকে নিয়ে আমাদের গর্ব শেষ হয়নি, কোনওদিন হবেও না।

তার পরের বছর, ১৯৪৮-এ ‘দৃষ্টিদান’ ছবিতে বড় চরিত্র পেলেন উত্তমকুমার।

কিন্তু ছবি সুপারফ্লপ। ১৯৪৮-এর ‘দৃষ্টিদান’ থেকে ১৯৫২-র ‘সঞ্জীবনী’, চার বছরে পরপর সাতটি ছবি চূড়ান্ত ফ্লপ। এবং ইন্ডাস্ট্রিতে উত্তমকুমারের নাম হয়ে গেল— ‘ফ্লপ মাস্টার জেনারেল’।

কিন্তু, তিনি তো অধম নন, উত্তম। ১৯৫২-য় ‘বসু পরিবার’ এবং ১৯৫৩-য় ‘সাড়ে চুয়াত্তর’। নির্মল দে আমাদের উপহার দিলেন যথার্থ উত্তমকুমারকে। দর্শকরা দেখলেন, একজন নতুন অভিনেতা এসে গেছেন পর্দায়, যিনি একেবারে স্বতন্ত্র। যাঁর সঙ্গে পূর্বসূরিদের মিল নেই।

এই দুটো ছবি স্পষ্ট করে দিল, নিজের পথ নিজে তৈরি করে নেওয়ার জন্য হাজির হয়ে গেছেন উত্তমকুমার।

তারপর থেকে প্রতিটি ছবিতে অভিনয়ে দর্শকদের নজর কাড়তে কাড়তে চলেছেন তিনি। ৫৪ সালে উত্তমকুমারের ‘অগ্নিপরীক্ষা’ সুপার-ডুপারহিট। সঙ্গী সুচিত্রা সেন। ৫৫ সালে সব রেকর্ড ভেঙে দিল এই সোনার জুটির ‘শাপমোচন’।

একটার পর একটা ছবিতে উত্তমকুমার প্রমাণ করলেন, তিনি এক এবং অদ্বিতীয়। ১৯৬৬-তে তাঁকে ভেবেই সত্যজিৎ রায় তৈরি করলেন ‘নায়ক’। সত্যজিৎ বলেছিলেন, উত্তমের মতো কেউ নেই। উত্তমের মতো কেউ হবে না।

মহাজন-বাক্য সত্যি হয়ে উঠেছে। মাধবী মুখোপাধ্যায় বলেন, ‘একশো বছর কেন, হাজার বছরেও একটা উত্তমকুমার হবে না।’ তাঁর কথাও শিরোধার্য।

উত্তমকুমারের সেই প্রথম ছবি ‘মায়াডোর’ মুক্তি পায়নি।

কিন্তু, আপামর দর্শককে মায়াডোরে বেঁধে ফেলেছেন উত্তমকুমার, তাঁর মায়াডোর-পরবর্তী সিনেমা-জার্নিতে।

কীভাবে তিনি উত্তমকুমার হয়ে উঠলেন, ধরা আছে তাঁর সিনেমায়। এবং এই সব সিনেমা এবং তাঁর চিরস্মরণীয় অভিনয় দেখে এটাও বুঝতে অসুবিধে নেই, উত্তমকুমার একজনই হন।

সেই তিনি আজ শতবর্ষে। আরও হাজার বছর তাঁর অপেক্ষায় আছে। তাঁকে প্রণাম।







